

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪২৭/২৪ নভেম্বর ২০২০

নং ৩৯.০০.০০০০.০২০.০১৬.০২৭.২০.১৩১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বাংলাদেশে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় জাতীয় পর্যায়ে সমন্বিত ব্যবস্থাপনার লক্ষ্যে বাংলা ও ইংরেজি ভাষায় ‘জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় প্রস্তুতি ও সাড়াদান পরিকল্পনা’ দলিলটি [বাংলা: “জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় প্রস্তুতি ও সাড়াদান পরিকল্পনা (NNREPRP)”; ইংরেজি “National Nuclear and Radiological Emergency Preparedness and Response Plan (NNREPRP)"] অনুমোদিত হয়েছে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন  
সিনিয়র সচিব।

(১২৬৮৩)

মূল্য : টাকা ২৪০.০০

জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায়  
প্রস্তুতি ও সাড়াদান পরিকল্পনা (NNREPRP)



বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মুখবন্ধ

জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় প্রস্তুতি ও সাড়া দান (NNREPR) পরিকল্পনায় বাংলাদেশের বিভিন্ন সংস্থার সক্ষমতা, দায়িত্ব ও কর্তৃত্ব এবং যে কোন পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার সময় জনস্বাস্থ্য ও পরিবেশকে আয়নায়নকারী বিকিরণ থেকে রক্ষা করতে সংশ্লিষ্ট সংস্থাগুলির কার্যক্রমকে সমন্বিত (integrated) করার কর্মপদ্ধতি বর্ণনা করা হয়েছে। এই পরিকল্পনা দলিলটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক গঠিত ওয়ার্কিং গ্রুপ দ্বারা প্রণয়ন করা হয়। খসড়া পরিকল্পনাটি অতঃপর বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের কয়েকজন বিশেষজ্ঞ দ্বারা বিভিন্ন সময়ে হালনাগাদ করা হয়েছে। বর্তমান সংস্করণটি (নভেম্বর, ২০২০) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (MOST) কর্তৃক গঠিত একটি কমিটি দ্বারা সর্বশেষ হালনাগাদ করা হয়েছে। এই NNREPR পরিকল্পনায় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সংস্থাসমূহের উপর ইতঃপূর্বে অর্পিত কোন দায়িত্ব বা কর্তৃত্ব পরিবর্তন করা হয়নি। তবে, NNREPR পরিকল্পনায় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রস্তুতি এবং সাড়া দান কর্মসূচিতে জড়িত বিভিন্ন সংস্থার কার্যক্রমের সমন্বয় সাধনের জন্য কয়েকটি নির্দিষ্ট সংস্থাকে দায়িত্ব অর্পণ করা হয়েছে। এই NNREPR পরিকল্পনায় কোন বিষয়ের ওপর নির্দেশিকা বা করণীয় উল্লেখ না থাকলে সর্বশেষ IAEA-এর নির্দেশিকা অনুসরণ করা হবে। NNREPR পরিকল্পনা দলিলটি প্রয়োজনবোধে সময়ে সময়ে হালনাগাদ করা হবে। বাংলাদেশ সরকারের নিকট এই পরিকল্পনার কর্তৃত্ব থাকবে এবং জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের নির্দেশনা অনুসরণে পরিকল্পনাটি বাস্তবায়ন করা হবে। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এ সংশ্লিষ্ট সকল কার্যক্রম সমন্বয় করবে।

<b>সূচিপত্র</b>		
<b>শিরোনাম</b>		<b>পৃষ্ঠা নং</b>
<b>মুখবন্ধ</b>		<b>১</b>
<b>সূচিপত্র</b>		<b>২-৩</b>
<b>শব্দ-সংক্ষেপ</b>		<b>৪-৮</b>
<b>সংজ্ঞা</b>		<b>৯-১৩</b>
<b>১. ভূমিকা</b>		<b>১৪-১৫</b>
১.১. উদ্দেশ্য		১৫-১৬
১.২. অংশগ্রহণকারী সংস্থা		১৬-২০
১.৩. পরিধি		২১
১.৪. আইনগত ভিত্তি		২১-২২
১.৫. সংশ্লিষ্ট পরিকল্পনা ও দলিলাদি		২২
<b>২. পরিকল্পনার ভিত্তি</b>		<b>২৩</b>
২.১. ঝুঁকি বিশ্লেষণ		২৩-২৪
২.২. জরুরি অবস্থার শ্রেণিবিন্যাসের ধারণা		২৪-২৬
২.৩. পরিকল্পনা এলাকা এবং অঞ্চলসমূহ		২৭-৩০
২.৪. পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার জন্য বাংলাদেশ সরকারের প্রাতিষ্ঠানিক ব্যবস্থাদি		৩০-৩৪
২.৫. NNREPR পরিকল্পনা কার্যকরীকরণ		৩৫
২.৬. ভূমিকা ও দায়িত্ব		৩৫-৪৩
২.৭. পারমাণবিক স্থাপনায় সাড়াদান ব্যবস্থাদি		৪৩-৫০
২.৮. সাড়াদান প্রক্রিয়ায় যোগাযোগ কার্যক্রম		৫০-৫২
২.৯. অপারেশন পরিচালনার ধারণা		৫২-৫৫
<b>৩. জরুরি সাড়াদান পদ্ধতি</b>		<b>৫৫</b>
৩.১. অবহিতকরণ বিজ্ঞপ্তি, সক্রিয়করণ, নিয়োজন, পুনরুদ্ধার ও সাড়াদান সমাপ্তকরণ		৫৫-৫৭
৩.২. জরুরি কার্যক্রমের ব্যবস্থাপনা		৫৭
৩.৩. প্রশমন কার্যক্রম		৫৭
৩.৪. জরুরি সুরক্ষামূলক কার্যক্রম গ্রহণ		৫৭
৩.৫. তথ্য সরবরাহ, জনগণকে সতর্ককরণ ও নির্দেশনা প্রদান		৫৮
৩.৬. জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মীগণের সুরক্ষা		৫৮
৩.৭. চিকিৎসা সহযোগিতা ও বিকিরণ বহির্ভূত প্রভাব প্রশমন		৫৮
৩.৮. প্রাথমিক পর্যায়ের কার্যক্রমের মূল্যায়ন		৫৮

৩.৯.	জনগণকে অবহিতকরণ	৫৮
৩.১০.	কৃষি ব্যবস্থা, খাদ্য ও দীর্ঘমেয়াদি প্রতিরোধ পরিকল্পনা গ্রহণ	৫৮
৩.১১.	উদ্ধার কার্যক্রম পরিচালনা	৫৮
৩.১২.	আর্থিক কার্যক্রম পরিচালনা	৫৮
৩.১৩.	তথ্য সংরক্ষণ ও উপাত্ত ব্যবস্থাপনা	৫৮
৪.	<b>জ্বরুরি অবস্থায় প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ পদ্ধতি</b>	৫৮
৪.১.	কর্তৃত্ব এবং দায়িত্ব	৫৯
৪.২.	প্রতিষ্ঠান	৫৯
৪.৩.	সমন্বয়	৫৯
৪.৪.	কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পদ্ধতি	৫৯
৪.৫.	উপাদানগত (লজিস্টিক্যাল) সহযোগিতা ও সুবিধাদি	৫৯
৪.৬.	প্রশিক্ষণ	৫৯-৬০
৪.৭.	অনুশীলন এবং স্থাপনা ও যন্ত্রাদির পরীক্ষা	৬০
৪.৮.	স্থানান্তর (evacuation)	৬১
৫.	<b>সুরক্ষা এবং অন্যান্য সাড়াদানমূলক কার্যক্রম পদ্ধতি</b>	৬১
৫.১.	ভূমিকা	৬১
৫.২.	সুরক্ষা এবং অন্যান্য সাড়াদানমূলক কার্যক্রম পদ্ধতি	৬১-৬২
৫.৩.	সুরক্ষা কৌশল	৬২
৫.৪.	জনগণের জন্য প্রযোজ্য আদর্শ বা প্রমাণ (Reference Dose) ডোজমাত্রা	৬২
৫.৫.	সুরক্ষা এবং অন্যান্য সাড়াদানমূলক কার্য ব্যবস্থার বাস্তবায়ন	৬৩-৬৪
৬.	<b>জেনেরিক (Generic) এবং পরিচালনা (Operational) সম্পর্কিত মানদণ্ড</b>	৬৪
৬.১.	ভূমিকা	৬৪
৬.২.	জেনেরিক মানদণ্ড (Generic Criteria)	৬৪-৬৭
৬.৩.	পরিচালনা মানদণ্ড (Operational Criteria)	৬৭-৬৮
৭.	<b>জ্বরুরি সাড়াদানে নিয়োজিত কর্মীদের জন্য নির্দেশিকা মান</b>	৬৮
৭.১.	ভূমিকা	৬৮
৭.২.	নির্দেশিকা মান (Guidance Values)	৬৮-৭০
সংযুক্তি-১		৭১-৮১
সংযুক্তি-২		৮১-১১২
সংযুক্তি-৩		১১৩-১৪৯
সংযুক্তি-৪		১৫০-১৫২

## শব্দ-সংক্ষেপ

## (List of Abbreviations)

AFD	Armed Force Division: সশস্ত্র বাহিনী বিভাগ
A2I	Access to Information: এ্যাকসেস টু ইনফরমেশন
BAEC	Bangladesh Atomic Energy Commission: বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক)
BAERA	Bangladesh Atomic Energy Regulatory Authority: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)।
BBA	Bangladesh Bridge Authority: বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
BGB	Border Guard Bangladesh: বর্ডার গার্ড বাংলাদেশ
BINA	Bangladesh Institute of Nuclear Agriculture: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট।
BIWTA	Bangladesh Inland Water Transport Authority: বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ।
BIWTC	Bangladesh Inland Water Transport Corporation: বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন।
BMD	Bangladesh Meteorological Department: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
Bq/Kg	Becquerel per kg: প্রতি কেজিতে ব্যাককুয়েরেল
BR	Bangladesh Railway: বাংলাদেশ রেলওয়ে
CAAB	Civil Aviation Authority of Bangladesh: বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
CCDMC	City Corporation Disaster Management Committee: সিটি করপোরেশন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি।
<sup>137</sup> Cs	Cesium-137:সিজিয়াম-১৩৭
CPP	Cyclone Preparedness Center: ঘূর্ণিঝড় প্রস্তুতিমূলক কেন্দ্র
DA	District Administration: জেলা প্রশাসন
DAE	Department of Agricultural Extension: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
DC	Deputy Commissioner: জেলা প্রশাসক
DDMC	District Disaster Management Committee: জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
DDM	Department of Disaster Management: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
DDRCG	District Disaster Response Coordination Group: জেলা দুর্যোগ সাড়াদান সমন্বয় গ্রুপ।
DG	Director General: মহাপরিচালক
DGF	Directorate General of Food: খাদ্য অধিদপ্তর

DGHS	Directorate General of Health Services: স্বাস্থ্য অধিদপ্তর
DM	Disaster Management: দুর্যোগ ব্যবস্থাপনা
DoE	Department of Environment: পরিবেশ অধিদপ্তর
DRR	District Relief and Rehabilitation : জেলা ত্রাণ ও পুনর্বাসন
DRRO	District Relief and Rehabilitation Officer: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
EAL	Emergency Action level: জরুরি কার্যক্রম স্তর
ECR	Emergency Control Room: জরুরি নিয়ন্ত্রণ কক্ষ
EMC	Emergency Medical Center: জরুরি মেডিকেল সেন্টার
EOC	Emergency Operation Centre: জরুরি কার্যক্রম পরিচালন কেন্দ্র (এসওডি অনুযায়ী)
EOF	Emergency Operations Facility: জরুরি অপারেশন সুবিধাদি/অবকাঠামো
EOP	Emergency Operating Procedures: জরুরি অপারেটিং পদ্ধতি
EPS	Emergency Preparedness System: জরুরি প্রস্তুতিমূলক ব্যবস্থা
EPC	Emergency Preparedness Categories: জরুরি প্রস্তুতিমূলক ক্যাটাগরি
EPD	Emergency Planning Distance: জরুরি পরিকল্পনা দূরত্ব
EPZ	Emergency Planning Zone: জরুরি পরিকল্পনা অঞ্চল
FFWC	Flood Forecasting Warning Center: বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
GOB	Government of Bangladesh: বাংলাদেশ সরকার
GSB	Geological Survey of Bangladesh: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
GTCL	Gas Transmission Company Limited: গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড
GTS	Global Telecommunication System: গ্লোবাল টেলিকমিউনিকেশন সিস্টেম
IAEA	International Atomic Energy Agency: আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা
ICP	Incident Command Post: ইনসিডেন্ট কমান্ড পোস্ট
ICPD	Ingestion and Commodities Planning Distance: ইনজেশন এন্ড কমোডিটিস প্ল্যানিং ডিসট্যান্স।
ICS	Incident Command System: ইনসিডেন্ট কমান্ড সিস্টেম
ICT	Information and Communication Technology: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
IEC	Incident and Emergency Centre: ইনসিডেন্ট এন্ড ইমার্জেন্সি সেন্টার
IEDCR	Institute of Epidemiology, Disease Control and Research: রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট।
IMNREMCC	Inter-Ministerial Nuclear and Radiological Emergency Management Coordination Committee: পারমাণবিক ও তেজস্ক্রিয়তা জরুরি ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটি।

INMAS	Institute of Nuclear Medicine & Allied Science: ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস।
<sup>131</sup> I	Iodine-131/Radioiodine: আয়োডিন-১৩১/রেডিওআয়োডিন
ITB	Iodine Thyroid Blocking: আয়োডিন থাইরয়েড ব্লকিং
IWM	Institute of Water Modelling: ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং
JIC	Joint Information Centre: যৌথ তথ্য কেন্দ্র
LOCAS	Loss of Coolant Accident: লস অব কুল্যান্ট এ্যাকসিডেন্ট
LWR	Light Water Reactor: হালকা পানির চুল্লি
MCR	Main Control Room: মূল নিয়ন্ত্রণ কক্ষ
MDMC	Municipalities Disaster Management Committee: পৌরসভা/মিউনিসিপালিটিসি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি।
MoFA	Ministry of Foreign Affairs: পররাষ্ট্র মন্ত্রণালয়
MoHA	Ministry of Home Affairs: স্বরাষ্ট্র মন্ত্রণালয়
MoHFW	Ministry of Health and Family Welfare: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
MoDMR	Ministry of Disaster Management and Relief: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
MoST	Ministry of Science and Technology: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
MOU	Memorandum of Understanding: সমঝোতা স্মারক
mSv/h	millisievert per hour: প্রতি ঘন্টায় মিলিসিভার্ট
mGy/h	milligray per hour: প্রতি ঘন্টায় মিলিগ্রে
μSv/h	microsieverts per hour: প্রতি ঘন্টায় মাইক্রোসিভার্ট
NBR	National Board of Revenue: জাতীয় রাজস্ব বোর্ড
NCA	National Coordinating Authority: জাতীয় সমন্বয় কর্তৃপক্ষ
NCC	National Coordinating Center for Telecommunications: টেলিযোগাযোগের জন্য জাতীয় সমন্বয় কেন্দ্র।
NDMC	National Disaster Management Council: জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল
NESCO	Northern Electricity Supply Company Limited: নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড।
NGO	Non-Government Organizations: এনজিও/বেসরকারি সংস্থা
NINMAS	National Institute of Nuclear Medicine & Allied Science: ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস।



NNREMAC	National Nuclear and Radiological Emergency Management Advisory Committee: জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা পরামর্শক কমিটি।
NNREMC	National Nuclear and Radiological Emergency Management Centre: জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র।
NNREPR	National Nuclear and Radiological Emergency Preparedness and Response: জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় প্রস্তুতি এবং সাড়া দান।
NNREPRP	National Nuclear and Radiological Emergency Preparedness and Response Plan: জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় প্রস্তুতি এবং সাড়া দান পরিকল্পনা।
NPCBL	Nuclear Power Plant Company Bangladesh Limited: নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
NPP	Nuclear Power Plant: পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র
NSPC	Nuclear Security and Physical Protection Cell: পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল।
OIL	Operational Intervention Level: অপারেশনাল ইন্টারভেনশন লেভেল
OSC	Operational Support Centre: অপারেশনাল সহায়তা কেন্দ্র
PAZ	Precautionary Action Zone: সতর্কতামূলক কার্যক্রম অঞ্চল
PGCB	Power Grid Company of Bangladesh Limited: পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড।
PGCL	Pashchimanchal Gas Company Limited: পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
PIC	Public Information Centre: সাধারণ তথ্য কেন্দ্র
PIO	Project Implementation Officer: প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
PKSF	Palli Karma-Sahayak Foundation: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন
PPS	Physical Protection System: ভৌত সুরক্ষা পদ্ধতি
PSMP	Power System Master Plan: পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান
PTD	Posts & Telecommunications Division: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
PUA	Precautionary Urgent Protective Actions: সতর্কতামূলক জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম।
REM	Roentgen equivalent man: রোয়েন্টজেন ইকুইভ্যালেন্ট ম্যান
RMAC	Radiological Monitoring and Assessment Centre: তেজস্ক্রিয়তা সংক্রান্ত মনিটরিং এবং অ্যাসেসমেন্ট সেন্টার।

RNPP	Rooppur Nuclear Power Plant: রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র
SGCL	Sundarban Gas Company Limited: সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
SOD	Standing Orders on Disaster: দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি
SOP	Standard Operating Procedure: স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি
SPARRSO	Space Research and Remote Sensing Organization: মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান।
Sv	Sievert: সিভার্ট
TEDE	Total Effective Dose Equivalent: মোট কার্যকরী সমতুল্য ডোজ/টোটাল ইফেকটিভ ডোজ ইকুইভেলেন্ট।
T <sub>hot</sub>	Temperature Hot: টেমপারেচার হট
TLD	Thermo-luminescent Dosimeter: থার্মো-লুমিনেসেন্ট ডসিমিটার
TRIGA	Training, Research, Isotope, General Atomics: প্রশিক্ষণ, গবেষণা, আইসোটোপ, জেনারেল এটমিকস।
TSC	Technical Support Centre: কারিগরি সহায়তা কেন্দ্র
UDMC	Upazila Disaster Management Committee: উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
UNDMC	Union Disaster Management Committee: ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
UN	United Nations: জাতিসংঘ
UNO	Upazila Nirbahi Officer: উপজেলা নির্বাহী কর্মকর্তা
UPA	Urgent Protective Actions: জরুরি প্রতিরক্ষামূলক ব্যবস্থা
UPZ	Urgent Protective Action Planning Zone: জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম পরিকল্পনা অঞ্চল।
VDP	Village Defence Party: গ্রাম প্রতিরক্ষা বাহিনী
WDMC	Ward Disaster Management Committee: ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
WZPDCL	West Zone Power Distribution Company Limited: ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
WHO	World Health Organization: বিশ্ব স্বাস্থ্য সংস্থা

**সংজ্ঞা****মূল্যায়ন (Assessment)**

তেজস্ক্রিয়তার প্রভাব সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের ভিত্তি হিসেবে তেজস্ক্রিয়তা পরিমাপ ও অন্যান্য তথ্যাদির মূল্যায়ন ও ব্যাখ্যা প্রদান। মূল্যায়নে পারমাণবিক স্থাপনার বাহিরের (off-site) এলাকায় তেজস্ক্রিয়তার প্রভাবের অভিক্ষেপও অন্তর্ভুক্ত থাকতে পারে।

**অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)**

কোনো ব্যক্তি যাহাকে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ বা তদধীন প্রণীত প্রবিধান দ্বারা সুনির্দিষ্ট কার্যাদি সম্পাদনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ) অনুমতি প্রদান করা হয়েছে।

**অনুমোদিত কর্তৃপক্ষ (Authorized Organization)**

কোনো ব্যক্তি বা সংস্থা যে বা যারা নিউক্লিয়ার স্থাপনা পরিচালনার জন্য সরকার বা সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কোনো সংস্থা কর্তৃক অনুমোদনপ্রাপ্ত এবং সেটির নিরাপত্তার জন্য দায়ী।

**সমন্বয় (Co-ordination)**

পদ্ধতিগতভাবে অগ্রসর হওয়ার ক্ষেত্রে মুখ্য ব্যক্তি/অংশীজনের মধ্যে তথ্যের আদান-প্রদান করা, যা তাদের জবাবদিহিমূলক ভূমিকা পালনের উদ্দেশ্যে জানার প্রয়োজন আছে বা থাকতে পারে।

**বিশুদ্ধতা (Decontamination)**

ভৌত, রাসায়নিক বা জৈব পদ্ধতির মাধ্যমে পুরোপুরি বা আংশিক দূষণ দূরীকরণ।

**ডিটারমিনিস্টিক প্রভাব (Deterministic effect)**

বিকিরণজনিত স্বাস্থ্যহানি, যেক্ষেত্রে সাধারণ ডোজ-এর অনুমোদিত গ্রহণযোগ্য মাত্রা আছে যা অতিক্রান্ত হলে উচ্চমাত্রার ডোজের ক্ষেত্রে প্রভাবের তীব্রতা (Effect of Severity) বেড়ে যায়।

**ডিজাইন ব্যাসিস (Design Basis)**

স্থাপনা, সিস্টেম ও স্থাপনার যন্ত্রপাতি নকশা করার ক্ষেত্রে প্রতিষ্ঠিত নির্ণায়ক (established criterion) যা দ্বারা সম্ভাব্য অবস্থা বা ঘটনার সীমা এমনভাবে বিবেচনায় নেয়া হয় যাতে অনুমোদিত সীমা না বাড়িয়ে স্থাপনা ও উপকরণাদি তা প্রতিরোধ করতে পারে।

**জেলা প্রশাসন (District Administration)**

জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং সকল প্রয়োজ্য স্থানীয় পর্যায়ের প্রতিষ্ঠানসমূহ জেলায় প্রশাসনের অন্তর্ভুক্ত।

**ডোজ (Dose)**

একটি টার্গেটের দ্বারা গৃহীত বিকিরণ মাত্রার পরিমাপন। বিষয়বস্তুর উপর ভিত্তি করে, অ্যাবজরবড ডোজ (absorbed dose), ওরগ্যান ডোজ (organ dose), ইকুইভ্যালেন্ট ডোজ (equivalent dose), ইফেকটিভ ডোজ (effective dose), কমিটেড ইকুইভ্যালেন্ট ডোজ (committed equivalent dose), অথবা কমিটেড ইফেকটিভ ডোজের (committed effective dose) মত বিভিন্ন কোয়ান্টিটিসমূহ (quantities) ব্যবহৃত হয়েছে। প্রয়োজনীয় ক্ষেত্রে পরিবর্তিত টার্মসমূহ (terms) চাহিত বিষয়বস্তু ব্যাখ্যায় ব্যবহৃত হয়।

**জরুরি অবস্থা (Emergency Situation)**

দৈনন্দিন কার্য বহির্ভূত পরিস্থিতি যেখানে প্রাথমিক আপদ প্রশমন অথবা বিরূপ পরিস্থিতিতে মানবজীবন, স্বাস্থ্য, সম্পদ এবং পরিবেশ রক্ষায় দ্রুত কার্যক্রম গ্রহণের প্রয়োজন হয়।

**ইমার্জেন্সি অ্যাকশন লেভেল (Emergency Action Level -EAL)**

কিছু সুনির্দিষ্ট, পূর্বনির্ধারিত, পর্যবেক্ষণযোগ্য নির্ণায়ক যা জরুরি অবস্থার শ্রেণি সনাক্তকরণ, চিহ্নিতকরণ এবং নির্ধারণে ব্যবহৃত হয়।

**জরুরি পরিকল্পনা (Emergency plan)**

জরুরি অবস্থায় সাড়াদান কার্যক্রম পরিচালনার উদ্দেশ্য, পরিকল্পনা ও কর্মপদ্ধতি এবং একটি পদ্ধতিগত, সমন্বিত ও কার্যকর সাড়াদানের জন্য কাঠামো, কর্তৃত্ব ও দায়িত্বসমূহের বর্ণনা।

**জরুরি প্রস্তুতি (Emergency preparedness)**

জরুরি অবস্থায় পদক্ষেপ গ্রহণের সামর্থ্য, যা মানবজীবন, স্বাস্থ্য, সম্পদ এবং পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব কার্যকরভাবে প্রশমিত করবে।

**জরুরি সাড়াদান (Emergency response)**

জরুরি অবস্থায় পদক্ষেপ গ্রহণের দক্ষতা যা মানবজীবন, স্বাস্থ্য, সম্পদ ও পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব কার্যকরভাবে প্রশমিত করবে।

**জরুরি কর্মী (Emergency worker)**

জরুরি অবস্থায় সাড়াদানের ক্ষেত্রে যে ব্যক্তির নির্দিষ্ট দায়িত্ব থাকে।

**স্থানান্তর (Evacuation)**

জরুরি পরিস্থিতিতে তেজস্ক্রিয় বিকিরণ এড়ানোর জন্য সর্বোত্তম সময়ের মধ্যে লোকজনকে দ্রুত এবং অস্থায়ী ভিত্তিতে অপসারণ করা।

**সম্পাত (Exposure)**

বিকিরণের ফলে উদ্ভূত অবস্থা।

**আপদ (Hazard)**

বিকিরণের ক্ষেত্রে ক্ষতির সম্ভাবনা, এটি একটি পরিস্থিতি বা অবস্থা যা নিরাপত্তার জন্য হুমকি।

**ঝুঁকি বিশ্লেষণ (Hazard assessment)**

একটি দেশের সীমান্তের ভিতরে বা বাহিরে বিকিরণের সাথে সংশ্লিষ্ট স্থাপনা, কার্যক্রম বা উৎসসমূহের ঝুঁকি নিরূপণ করা, যার উদ্দেশ্য হলো—

- (ক) একটি দেশের মধ্যে সেই সকল ঘটনা এবং সংশ্লিষ্ট এলাকা সনাক্ত করা যার জন্য প্রতিরক্ষামূলক ব্যবস্থা এবং জরুরি সাড়াদান কার্যক্রম প্রয়োজন হয়।
- (খ) উপযুক্ত ব্যবস্থাদি গ্রহণ যা এই সকল ঘটনার পরিণতি প্রশমিতকরণে কার্যকর ভূমিকা রাখতে পারে।

**লাইসেন্সি (Licensee)**

বিদ্যমান লাইসেন্সধারী।

**পর্যবেক্ষণ/তদারকিকরণ (Monitoring)**

তেজস্ক্রিয় পদার্থের এক্সপোজার/তেজস্ক্রিয়তা নিয়ন্ত্রণ/তেজস্ক্রিয় কার্যক্রম নিরূপণের নিমিত্ত তেজস্ক্রিয় পদার্থের ডোজ, ডোজমাত্রা বা তেজস্ক্রিয়তা পরিমাপ করা এবং এর ফলাফলের ব্যাখ্যা প্রদান করা।

**পারমাণবিক (Nuclear)**

নিউক্লিয়াসের সাথে সম্পর্কিত; নিউক্লিয়ার ফিশন বা ফিউশনে উদ্ভূত শক্তির সাথে সম্পর্কিত

**পারমাণবিক স্থাপনা (Nuclear facilities)**

যেসব নিউক্লিয়ার স্থাপনা স্বাভাবিক অবস্থায় তেজস্ক্রিয় পদার্থ ব্যবহার বা উৎপাদন করে।

**পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা (Nuclear or radiological emergency situation)**

একটি জরুরি অবস্থা যেখানে অনুমিত বা বিদ্যমান ক্ষতির সম্ভাবনার কারণ হলো (ক) নিউক্লিয়ার চেইন বিক্রিয়া যা থেকে শক্তি নির্গত হয় অথবা চেইন বিক্রিয়ায় পদার্থের অবক্ষয় (Decay) প্রক্রিয়া; অথবা (খ) বিকিরণ এক্সপোজার।

**অফ-সাইট (Off-site)**

সাইটের এলাকার বাহিরে।

**সাইটের বাহিরে জরুরি অবস্থা (Off-site Emergency Situation)**

দুর্ঘটনা পরিস্থিতি/জরুরি অবস্থা যে অবস্থায় প্লান্ট থেকে মাত্রাতিরিক্ত তেজস্ক্রিয় পদার্থ/ ক্ষতিকর রাসায়নিক পদার্থ বসতিতে ছড়িয়ে পড়ে এবং নিয়ন্ত্রণে হস্তক্ষেপের প্রয়োজন হয়।

**অন-সাইট (On-site)**

সাইট এলাকার অভ্যন্তরে।

**অপারেশনাল ইন্টারভেনশন লেভেল (Operational intervention level-OIL)**

পরিমাপযোগ্য বস্তুর একটি নির্ধারিত স্তর যা জেনেরিক নির্ণায়কের অনুরূপ। অপারেশনাল ইন্টারভেনশন লেভেল (OIL) সাধারণত যার সাপেক্ষে প্রকাশ করা হয় তা হলো—তেজস্ক্রিয়তার ঘনত্ব, ভূমি বা পৃষ্ঠের উপরিস্থ ঘনত্ব বা পরিবেশ, খাদ্য বা পানিতে রেডিওনিউক্লাইডের তেজস্ক্রিয়তার ঘনত্ব। পরিবেশগত পরিমাপের ভিত্তিতে অবিলম্বে এবং সরাসরিভাবে (পুনঃসমীক্ষা ছাড়া) যথাযথ প্রতিরক্ষামূলক পদক্ষেপ গ্রহণের জন্য অপারেশনাল ইন্টারভেনশন লেভেলগুলো ব্যবহৃত হয়।

**পরিচালনাকারী সংস্থা (Operating organization)**

কোনো ব্যক্তি বা সংস্থা যে বা যারা নিউক্লিয়ার স্থাপনা পরিচালনার জন্য আবেদন করেছে বা একটি অনুমোদিত নিউক্লিয়ার স্থাপনা পরিচালনা করতে অনুমোদনপ্রাপ্ত এবং সেটির নিরাপত্তার জন্য দায়ী।

**ঘটনাস্থল (On-scene)**

তেজস্ক্রিয় দূষণের মাধ্যমে সরাসরি আক্রান্ত এলাকা। ঘটনাস্থলে অন-সাইটের এবং অফ-সাইটের এলাকা অন্তর্ভুক্ত।

**স্বত্বাধিকারী বা পরিচালনাকারী (Owner or Operator)**

তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা উদ্ভব হয়েছে এমন নিউক্লিয়ার স্থাপনা বা বাহক বা কার্গোর স্বত্বাধিকারী বা পরিচালনাকারী। স্বত্বাধিকারী বা পরিচালনাকারী সরকারি বা বেসরকারি উদ্যোগে হতে পারে।

**সতর্কতামূলক কার্যক্রম অঞ্চল (Precautionary Action Zone-PAZ)**

পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার প্রাক্কালে সাইটের বাইরে নির্ণায়ক ঝুঁকির প্রভাব এড়াতে বা কমাতে জরুরি প্রতিরক্ষামূলক ব্যবস্থা গ্রহণে স্থাপনার চারদিকের যে এলাকার জন্য জরুরি ব্যবস্থা গ্রহণ করা হয়।

**প্রতিরক্ষামূলক কাজের সুপারিশমালা (Protective action recommendations)**

বিকিরণ সম্পাত এড়াতে বা কমাতে জনগণের করণীয় বিষয়ে তাদেরকে অবহিত করার বিষয়টি বিবেচনায় নিয়ে জরুরি অবস্থা মোকাবেলার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি সরকারি পরামর্শগুলো নিম্নরূপ হতে পারে:

- (১) পারমাণবিক দুর্ঘটনার পর এক মিনিটের বেশি সময় ধরে নির্গত বিকিরণ (residual radiation) বা বিকিরণ গ্রহণের (Ingestion) পথের সংস্পর্শ এড়ানো বা কমানোর জন্য করণীয় বিষয়ের উপর নির্দেশিকা; এবং
- (২) তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার দ্বারা স্থায়ীভাবে আক্রান্ত বা স্বল্পমেয়াদে জরুরি অবস্থা ঘোষিত এলাকার জনসাধারণের ফিরে আসার ক্ষেত্রে জারিকৃত নির্দেশিকা।

**রেফারেন্স স্তর (Reference level)**

একটি জরুরি এক্সপোজার অথবা বিদ্যমান এক্সপোজার পরিস্থিতিতে ডোজ, ঝুঁকি বা ক্রিয়াকলাপের ঘনত্বের মাত্রা যার বেশি এক্সপোজার থাকা যথাযথ নয় এবং এই মাত্রার নিচে সুরক্ষা ও নিরাপত্তা কার্যক্রম কার্যকরভাবে চলমান থাকবে।

**তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা (Radiological emergency situation)**

একটি তেজস্ক্রিয়তা সংক্রান্ত ঘটনা যা জনস্বাস্থ্য, নিরাপত্তা বা সম্পদহানির প্রকৃত, সম্ভাব্য বা ধারণাকৃত ঝুঁকির উদ্ভব করে।

**পুনরুদ্ধার/ উত্তরণ (Recovery)**

আক্রান্ত এলাকায় দীর্ঘমেয়াদি জনসুরক্ষা অথবা স্বাভাবিক কার্যকলাপ পুনঃস্থাপনের জন্য জরুরি অবস্থা পরবর্তী গৃহীত ব্যবস্থা।

**নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (Regulatory Authority):**

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন-২০১২ অনুযায়ী বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহারের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি নিয়ন্ত্রণ, সুরক্ষা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণ, জনসাধারণ, বিকিরণ কর্মীদের জীবন ও স্বাস্থ্য সুরক্ষা এবং পরিবেশে বিরূপ প্রতিক্রিয়া নিয়ন্ত্রণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত। এ লক্ষ্যে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিরাপত্তা, বিকিরণ সুরক্ষা ও সেফগার্ডস সংশ্লিষ্ট নিউক্লিয় নিয়ন্ত্রণমূলক কর্মসূচি প্রতিপালনের মাধ্যমে একটি নির্ভরযোগ্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রতিষ্ঠা করবে। উক্ত কর্তৃপক্ষ পারমাণবিক স্থাপনার/কার্যক্রমের লাইসেন্স প্রদান, পারমাণবিক স্থাপনা/তেজস্ক্রিয় পদার্থ সম্পর্কিত জরুরি অবস্থা (ঘটনা/দুর্ঘটনা) মোকাবেলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিভিয়ার ডিটারমিনিস্টিক প্রভাব (Severe Deterministic Effect)**

সিভিয়ার ডিটারমিনিস্টিক প্রভাব হলো জীবনহরণকারী বা জীবন সংশয়কারী বা স্থায়ী ক্ষতি সূচনাকারী যা জীবনমানের অবনতি ঘটায়।

**স্টোকাস্টিক প্রভাব (Stochastic Effect)**

এটি হলো স্বাস্থ্যের উপর বিকিরণের ক্ষতিকর প্রভাব, যা উচ্চ বিকিরণ মাত্রায় ঘটান সন্তাবনা বেশি এবং ঘটে যাওয়ার পর এর ভয়াবহতা ডোজের উপর নির্ভর করে না।

**ট্রায়েজ সেন্টার (Triage Center):**

এমন একটি কেন্দ্র যেখানে অগ্রাধিকার ভিত্তিতে চিকিৎসা প্রদানের জন্য বিকিরণ আক্রান্ত রুগীদের বাছাই করা হয়।

**পরিবহনজনিত জরুরি অবস্থা (Transportation emergency)**

তেজস্ক্রিয় পদার্থ বহনকারী পরিবহন যান বা শিপমেন্ট সংশ্লিষ্ট কোনো জরুরি অবস্থা।

**তেজস্ক্রিয় পদার্থের পরিবহন (Transportation of radioactive materials)**

তেজস্ক্রিয় পদার্থের বোঝাই, খালাস, চলাচল, সাময়িক গুদামজাতকরণ এবং গমন পথ।

**জরুরি প্রতিক্রিয়ামূলক কার্যক্রম পরিকল্পনা এলাকা (Urgent Protective Action Planning Zone-UPZ)**

একটি স্থাপনার চারদিকের এলাকা যার জন্য পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার প্রাক্কালে আন্তর্জাতিক নিরাপত্তা মানদণ্ড অনুযায়ী সাইটের বাইরে ডোজ নিয়ন্ত্রণে জরুরি প্রতিক্রিয়া ব্যবস্থা গ্রহণের জন্য আপদকালীন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## ১. ভূমিকা

বাংলাদেশ বিশ্বের অন্যতম দুর্যোগপ্রবণ দেশ। ভৌগোলিক অবস্থান, ভূমির বৈশিষ্ট্য, নদীর সংখ্যাধিক্য, মৌসুমী জলবায়ুর প্রভাব এবং প্রাকৃতিক দুর্যোগ বাংলাদেশকে মারাত্মকভাবে ঝুঁকিপূর্ণ করে রেখেছে। প্রাকৃতিক ও মনুষ্য সৃষ্ট দুর্যোগ যেমন: বন্যা, ঘূর্ণিঝড়, খরা, জলোচ্ছ্বাস, টর্নেডো, ভূমিকম্প, নদী ভাঙন, আগুন, অবকাঠামোর ধস, ভূগর্ভস্থ জলে উচ্চমাত্রার আর্সেনিক, জলাবদ্ধতা, জলবায়ুর পরিবর্তনের কারণে পানি এবং মাটির লবণাক্ততা বাংলাদেশের অতি সাধারণ চিত্র। আপদ (Hazard)-কে দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলিতে (SOD) একটি অবস্থা (event) হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে, যা থেকে দুর্যোগ সংগঠিত হওয়ার সম্ভাবনা থাকে। এটি প্রাকৃতিক (যেমন: বন্যা, ঘূর্ণিঝড়, সুনামি), মনুষ্য সৃষ্ট (যেমন রাসায়নিক পদার্থের বিস্তার, আগুন), জৈবিক (যেমন: Severe Acute Respiratory Syndrom (SARS), বার্ড ফ্লু, COVID-19) বা প্রযুক্তিগত (যেমন: দুর্ঘটনাক্রমে নিউক্লিয়ার স্থাপনায় তেজস্ক্রিয় পদার্থের নির্গমন) ধরনের হতে পারে।

বাংলাদেশ কৃষি, খাদ্য, চিকিৎসা, ঔষধ, শিল্প, তেল ও গ্যাস অনুসন্ধান, বিদ্যুৎ, শিক্ষা এবং গবেষণা ক্ষেত্রে শান্তিপূর্ণ উদ্দেশ্যে তেজস্ক্রিয় বিকিরণ ব্যবহার করছে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য পূর্বে বর্ণিত সকল ক্ষেত্রে তেজস্ক্রিয় বিকিরণে বিভিন্ন উৎসের ব্যবহার ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক) ১৯৮৬ সাল থেকে একটি ৩ মেগাওয়াট ট্রিগা মার্ক-টু (TRIGA Mark-II) গবেষণা চুল্লি পরিচালনা (operating) করছে। এ ছাড়া, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন তেজস্ক্রিয় বিকিরণের বিভিন্ন উৎস ব্যবহার করে পরমাণু চিকিৎসা কেন্দ্র, গামা-ইরাদিয়েশন স্থাপনা (gamma-irradiation facilities), রেডিওআইসোটোপ প্রোডাকশন স্থাপনা (radioisotope production facilities) এবং অন্যান্য সংশ্লিষ্ট স্থাপনা পরিচালনা করছে। চিকিৎসা এবং শিল্পখাতগুলোও রেডিওথেরাপি, ইমেজিং এবং রেডিওগ্রাফির জন্য বিভিন্ন উচ্চমাত্রার বিকিরণের উৎস ব্যবহার করে। অধিকন্তু, দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মিটাতে আগামী ২০৪১ সালের মধ্যে মোট বিদ্যুৎ চাহিদার প্রায় শতকরা ১২ ভাগ পরমাণু শক্তি থেকে পূরণ করার বিষয়ে সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান (পিএসএমপি), ২০১৬ (চূড়ান্ত খসড়া)-এ উল্লেখ রয়েছে। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার পাবনা জেলার রূপপুরে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করছে। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক) এই পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের স্বত্বাধিকারী, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (NPCBL) পরিচালনাকারী এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (BAERA) এই বিদ্যুৎ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে নিয়োজিত আছে।

নিউক্লিয়ার স্থাপনা সংস্থাপন, পরিচালনা, ডি-কমিশনিং এবং একই সাথে তেজস্ক্রিয় পদার্থ ব্যবহারকালে একটি সহজাত বিকিরণ ঝুঁকি রয়েছে। এটি অনুমান করা হয় যে, পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংশ্লিষ্ট কোনো আকস্মিক ঘটনা বা দুর্ঘটনার ক্ষেত্রে বিকিরণজনিত ঝুঁকি দেখা দিতে পারে। লাইসেন্সধারী/পরিচালনাকারী বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন-২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা এবং বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭ (Nuclear Safety & Radiation Control Rules-1997)-এর আলোকে ভবিষ্যতে ঘটতে পারে এমন জরুরি অবস্থা বিবেচনায় নিয়ে প্রয়োজ্য মান অনুসারে একটি জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় প্রস্তুতি ও



সাড়া দান পরিকল্পনা প্রণয়ন করবে। এই পরিকল্পনায় থাকবে— পারমাণবিক স্থাপনা বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত স্থাপনা বা তেজস্ক্রিয়তার উৎসস্থল-এর ঘটনা ও দুর্ঘটনা সনাক্তকরণ ও মোকাবেলা এবং পারমাণবিক স্থাপনা বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত স্থাপনা পরিচালনাকালে, তেজস্ক্রিয় পদার্থ ব্যবস্থাপনাকালে, তেজস্ক্রিয় বর্জ্য বা ব্যবহৃত পারমাণবিক জ্বালানি (Spent Fuel) ও তেজস্ক্রিয় পদার্থ পরিবহনকালে পরিবেশে তেজস্ক্রিয় পদার্থ সনাক্তকরণ এবং তেজস্ক্রিয় উপাদান নিঃসরণের পরিণতি (consequences) প্রশমন এবং প্রতিকারের জন্য করণীয় পদ্ধতি ও ব্যবস্থা।

জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় প্রস্তুতি ও সাড়া দান পরিকল্পনাকে নিম্নরূপভাবে বিভক্ত করা হয়েছে:

- (ক) প্রাথমিক অন-সাইট (on-site) জরুরি প্রস্তুতি ও সাড়া দান পরিকল্পনা, যা একটি অথবা বহুসংখ্যক পারমাণবিক স্থাপনা/তেজস্ক্রিয়তা সংক্রান্ত স্থাপনা নির্মাণকালে সাইটে (site) নেয়া নির্ধারিত জরুরি প্রস্তুতিমূলক ও সাড়া দানের করণীয় পদক্ষেপসমূহ;
- (খ) অন-সাইট (on-site) জরুরি প্রস্তুতি ও সাড়া দান পরিকল্পনা, যা একক কর্তৃপক্ষ (single authorization holder) দ্বারা পরিচালিত একটি অথবা বহুসংখ্যক পারমাণবিক স্থাপনা/তেজস্ক্রিয়তা সংক্রান্ত স্থাপনার জন্য নেয়া নির্ধারিত জরুরি প্রস্তুতিমূলক ও সাড়া দানের করণীয় পদক্ষেপসমূহসহ যা অফ-সাইট (off-site) জরুরি পরিকল্পনার সাথে সংযোগ করে;
- (গ) অফ-সাইট (off-site) জরুরি প্রস্তুতি ও সাড়া দান পরিকল্পনা, যা তেজস্ক্রিয় উপাদান পরিবেশে নিঃসরণের সময় অন-সাইট (on-site) জরুরি পরিকল্পনার সাথে সংযোগ করাসহ জরুরি পরিকল্পনা অঞ্চলে জনসাধারণকে রক্ষা করার জন্য নির্ধারিত জরুরি প্রস্তুতিমূলক ও সাড়া দানের করণীয় পদক্ষেপসমূহ;

বৃহত্তর পারমাণবিক স্থাপনা অথবা বিকিরণ সংশ্লিষ্ট কার্যকলাপের (radiation practices) ক্ষেত্রে যে কোনো সম্ভাব্য ঘটনা বা দুর্ঘটনার ফলে জাতীয় বা আন্তঃসীমান্ত (trans-boundary) প্রভাব গুরুতর হতে পারে এবং এতে অফ-সাইট প্রস্তুতিমূলক এবং সাড়া দান ব্যবস্থা নেয়ার প্রয়োজন হতে পারে। উপরোক্ত তথ্যসমূহের পরিপ্রেক্ষিতে মানব জীবন, সম্পত্তি ও পরিবেশ রক্ষার জন্য ঘটনা বা দুর্ঘটনার সম্ভাব্য পরিণতি নিরসনে সমন্বয়যোগ্য এবং কার্যকরী পদক্ষেপ নেয়ার লক্ষ্যে একটি জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রস্তুতি এবং সাড়া দান পরিকল্পনা অত্যন্ত প্রয়োজন। অফ-সাইট (off-site) এবং আন্তঃসীমান্ত বিষয়াদির ক্ষেত্রে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা নীতি এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের প্রচলিত নিয়ম অনুসরণে অফ-সাইট (off-site) পরিকল্পনা অনুমোদন করার আবশ্যিকতা রয়েছে।

### ১.১ উদ্দেশ্য :

NNREPR পরিকল্পনার মূল লক্ষ্য হলো শান্তিকালীন পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে (in a peace time radiological and nuclear emergency) সংশ্লিষ্ট বিভিন্ন জাতীয় কর্তৃপক্ষ/সংস্থার সমন্বয়যোগ্য, কার্যকর ও সহযোগিতামূলক কর্মকাণ্ডের জন্য একটি সুসংহত ও সমন্বিত সক্ষমতা প্রতিষ্ঠা করা।

পরিকল্পনার প্রাথমিক লক্ষ্য হচ্ছে কোনো নির্ধারিত স্থানে বা প্রয়োজনবোধে স্থানীয়, জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রয়োজনীয় কার্যকর সাড়াদান ব্যবস্থাাদি যথাযথ ও সঠিকভাবে রয়েছে তা নিশ্চিত করা।

NNREPR পরিকল্পনার সাধারণ উদ্দেশ্যগুলি হলো :

- ক) অংশগ্রহণকারী সংস্থাগুলির মধ্যে দক্ষতা, প্রস্তুতি ও সমন্বয় সাধনের উন্নয়ন ঘটানো;
- খ) নির্দিষ্ট কোনো উৎসস্থলের পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্ঘটনার পরিণতি প্রশমন বা ঝুঁকি হ্রাস করা;
- গ) গুরুতর স্বাস্থ্য হানি (deterministic health effects) প্রতিরোধ (যেমন: মৃত্যু);
- ঘ) সম্ভাব্য স্বাস্থ্য হানি (stochastic health effects) (যেমন: ক্যান্সার) যথাসম্ভব যৌক্তিকভাবে হ্রাসকরণ; এবং
- ঙ) সম্পদ ও পরিবেশ সুরক্ষা।

### ১.২ অংশগ্রহণকারী সংস্থা

অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রস্তুতি ও সাড়াদান সংশ্লিষ্ট কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য তাদের নিজস্ব সক্ষমতা বৃদ্ধি করবে এবং প্রয়োজন অনুযায়ী তাদের অধীনস্থ সংস্থা/বিভাগ/দপ্তরকে এ কাজে অন্তর্ভুক্ত করবে।

প্রতিটি অংশগ্রহণকারী সংস্থার নিজস্ব দায়িত্ব ও সক্ষমতা রয়েছে যা বিভিন্ন ধরনের পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার সাথে সম্পর্কযুক্ত। নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলো NNREPR পরিকল্পনার অংশগ্রহণকারী:

- ১। মন্ত্রিপরিষদ বিভাগ
  - ক। বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসন
- ২। প্রধানমন্ত্রীর কার্যালয়
  - ক। সশস্ত্র বাহিনী বিভাগ
- ৩। জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
  - ক। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
  - খ। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
  - গ। নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড
  - ঘ। পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল (NSPC)
  - ঙ। জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC)

- ৫। প্রতিরক্ষা মন্ত্রণালয়
- ক। বাংলাদেশ সেনাবাহিনী
  - খ। বাংলাদেশ নৌবাহিনী
  - গ। বাংলাদেশ বিমান বাহিনী
  - ঘ। বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (SPARSO)
  - ঙ। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
- ৬। স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ক। জননিরাপত্তা বিভাগ
    - (১) বাংলাদেশ পুলিশ
      - (ক) হাইওয়ে পুলিশ
      - (খ) রেলওয়ে পুলিশ
      - (গ) নৌ পুলিশ
      - (ঘ) ইন্ডাস্ট্রিয়াল পুলিশ (Industrial Police)
    - (২) বাংলাদেশ আনসার ও ভিডিপি
    - (৩) বাংলাদেশ কোস্ট গার্ড (Bangladesh Coast Guard)
    - (৪) বর্ডার গার্ড বাংলাদেশ (Border Guard Bangladesh)
  - খ। সুরক্ষা সেবা বিভাগ
    - (১) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
- ৭। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ক। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৮। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- ক। স্থানীয় সরকার বিভাগ
    - (১) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
    - (২) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
    - (৩) ওয়াসা
    - (৪) সিটি কর্পোরেশন
    - (৫) জেলা পরিষদ
    - (৬) উপজেলা পরিষদ
    - (৭) পৌরসভা/মিউনিসিপালিটিস (municipalities)
    - (৮) ইউনিয়ন কাউন্সিল

- (খ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- (১) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- (২) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)
- ৯। পররাষ্ট্র মন্ত্রণালয়
- ১০। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ক। স্বাস্থ্য সেবা বিভাগ
- (১) স্বাস্থ্য অধিদপ্তর
- (২) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
- (৩) রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (IEDCR)
- খ। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- (১) পরিবার পরিকল্পনা অধিদপ্তর
- (২) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
- (৩) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
- ১১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ক। গণপূর্ত বিভাগ
- ১২। তথ্য মন্ত্রণালয়
- ক। তথ্য অধিদপ্তর
- খ। গণযোগাযোগ অধিদপ্তর
- গ। বাংলাদেশ বেতার
- ঘ। বাংলাদেশ টেলিভিশন
- ১৩। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
- ক। বিদ্যুৎ বিভাগ
- (১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
- (২) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- (৩) পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (PGCB)
- (৪) নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড (NESCO)
- (৫) ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (WZPDCL)

- খ। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
- (১) বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
  - (২) বিষ্ফোরক অধিদপ্তর
  - (৩) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (PGCL)
  - (৪) সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (SGCL)
  - (৫) গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (GTCL)
- ১৪। কৃষি মন্ত্রণালয়
- ক। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ১৫। খাদ্য মন্ত্রণালয়
- ক। খাদ্য অধিদপ্তর
- খ। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ১৬। অর্থ মন্ত্রণালয়
- ক। অর্থ বিভাগ
- খ। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- গ। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ঘ। জাতীয় রাজস্ব বোর্ড
- ঙ। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ১৭। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ক। মৎস্য অধিদপ্তর
- খ। প্রাণিসম্পদ অধিদপ্তর
- গ। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ১৮। পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- ক। পরিবেশ অধিদপ্তর
- খ। বন অধিদপ্তর
- ১৯। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ক। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- (১) সড়ক ও জনপথ অধিদপ্তর
  - (২) বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (BRTC)
- খ। সেতু বিভাগ
- (১) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

- ২০। রেলপথ মন্ত্রণালয়  
ক। বাংলাদেশ রেলওয়ে
- ২১। নৌপরিবহন মন্ত্রণালয়  
ক। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ  
খ। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন  
গ। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
ঘ। মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ঙ। রূপপুর বন্দর কর্তৃপক্ষ  
চ। মাতারবাড়ী বন্দর কর্তৃপক্ষ  
ছ। পায়রা বন্দর কর্তৃপক্ষ
- ২২। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়  
ক। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
খ। বাংলাদেশ বিমান
- ২৩। পানি সম্পদ মন্ত্রণালয়  
ক। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
খ। ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (Institute of Water Modelling)
- ২৪। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়  
ক। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ  
১। বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (Bangladesh Telecommunications Company Limited)  
২। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
৩। টেলিযোগাযোগ অধিদপ্তর  
৪। ডাক অধিদপ্তর  
খ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২৫। শিক্ষা মন্ত্রণালয়  
ক। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
খ। কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
- ২৬। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ২৭। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
ক। আইন ও বিচার বিভাগ  
খ। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
- ২৮। বাণিজ্য মন্ত্রণালয়
- ২৯। সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ৩০। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি
- উপরে উল্লিখিত প্রতিষ্ঠানগুলোর নির্দিষ্ট ভূমিকা ও দায়িত্ব সংযুক্তি-২-এ বর্ণনা করা হয়েছে।

### ১.৩। পরিধি

NNREPR পরিকল্পনায় এমন একটি স্বাভাবিক সময়ের (যুদ্ধ বাদে) পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার বর্ণনা করা হয়েছে যা বাংলাদেশের নিজস্ব ভূ-খণ্ড বা ভূ-খণ্ডের অভ্যন্তরীণ পানি সম্পদ এবং অন্যান্য সম্পদের উপর প্রকৃত, সম্ভাব্য বা অনুমিত তেজস্ক্রিয়তার পরিণতির ব্যবস্থাপনার জন্য কয়েকটি সরকারি প্রতিষ্ঠানের সাড়াদানের প্রয়োজন হবে। NNREPR পরিকল্পনার আওতায় স্থায়ী পারমাণবিক স্থাপনা (যেমন: পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, গবেষণা চুল্লি, পরমাণু কৃষি গবেষণা স্থাপনা (BINA), INMAS, NINMAS, রেডিওথেরাপি, ইমেজিং, রেডিওগ্রাফি সংশ্লিষ্ট স্থাপনা, ব্যবহৃত পারমাণবিক জ্বালানি বর্জ্য সংরক্ষণ পুল (Spent Nuclear Fuel Storage Pool), পারমাণবিক বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট স্থাপনা ইত্যাদি) অথবা চলমান (movable) পারমাণবিক স্থাপনা (যেমন: পরমাণু শক্তি চালিত জাহাজ, স্যাটেলাইট ইত্যাদি), মাঠ পর্যায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয় পদার্থ সংশ্লিষ্ট কার্যক্রম বা পারমাণবিক ও তেজস্ক্রিয় পদার্থের পরিবহনকালে ঘটনা বা দুর্ঘটনার বিষয়াদি অন্তর্ভুক্ত রয়েছে। বাংলাদেশের বাইরে ঘটে যাওয়া এমন কোনো দুর্ঘটনা যার প্রভাব বাংলাদেশের ওপর পড়বে সে বিষয়গুলোও এ পরিকল্পনার আওতাভুক্ত হবে। যে কোনো নির্দিষ্ট জরুরি অবস্থার সময়ে পারমাণবিক ও তেজস্ক্রিয় পদার্থের সম্পৃক্ততার ধরণ ও পরিমাণ, জরুরি অবস্থার এলাকা; জনসাধারণ, সম্পদ, পরিবেশ এবং ক্ষতিগ্রস্ত এলাকার সীমানা ইত্যাদির ওপর ভিত্তি করে সরকারের সাড়াদানের স্তর নির্ভর করবে।

### ১.৪ আইনগত ভিত্তি

জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় প্রস্তুতি এবং সাড়াদান পরিকল্পনার চালিকা শক্তি হিসেবে নিম্নবর্ণিত আইন/বিধি/পরিকল্পনা/আদেশগুলো কাজ করবে:

#### (ক) জাতীয় আইন/বিধি/পরিকল্পনা/আদেশসমূহ

- (১) বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২
- (২) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আইন, ২০১৭
- (৩) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র আইন, ২০১৫
- (৪) পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭
- (৫) বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (সংশোধন) আইন, ২০১০
- (৬) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (আইন নং: ১, ১৯৯৫)
- (৭) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন, ২০০৩ (আইন নং: ৭, ২০০৩)
- (৮) দুর্ঘটনা ব্যবস্থাপনা আইন, ২০১২
- (৯) জাতীয় দুর্ঘটনা ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৫
- (১০) জাতীয় দুর্ঘটনা ব্যবস্থাপনা পরিকল্পনা (২০১৬-২০২০)
- (১১) দুর্ঘটনা বিষয়ক স্থায়ী আদেশাবলি, ২০১৯
- (১২) বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭
- (১৩) ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮
- (১৪) বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭

- (১৫) মোংলা পোর্ট অথরিটি অর্ডিনেন্স, ১৯৭৬
- (১৬) পায়রা বন্দর কর্তৃপক্ষ আইন, ২০১৩
- (১৭) বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ আইন, ২০০১
- (১৮) রেলওয়ে আইন, ১৮৯০
- (১৯) মহাসড়ক (সংশোধিত) আইন, ১৯৯৪
- (২০) সড়ক পরিবহন আইন, ২০১৮
- (২১) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ আইন, ২০১৭
- (২২) মহাসড়ক (নিরাপত্তা, সংরক্ষণ ও চলাচল নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০১
- (২৩) সিভিল ডিফেন্স এ্যাক্ট (Civil Defence Act) (১৯৫২ সালের ৩১ নং আইন)
- (২৪) পুলিশ আইন (১৮৬১ সালের ৫ নং আইন)
- (২৫) বিদ্যুৎ আইন, ২০১৮
- (২৬) ইলেকট্রিসিটি গ্রিড কোড, ২০১৯
- (২৭) দণ্ডবিধি, ১৮৬০
- (২৮) বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (Bangladesh National Building code), ১৯৯৩ (সংশোধনী-২০০৬)
- (২৯) তথ্য অধিকার আইন, ২০০৯
- (৩০) তেজস্ক্রিয় বর্জ্য এবং ব্যবহৃত পারমাণবিক জ্বালানি ব্যবস্থাপনা-বিষয়ক জাতীয় নীতি-২০১৯ (National Policy for the Management of Radioactive Waste and Spent Nuclear Fuel-2019)

(খ) আন্তর্জাতিক সম্মেলন

- (১) কনভেনশন অন আরলি নোটিফিকেশন অব এ নিউক্লিয়ার এ্যাকসিডেন্ট (৭ ফেব্রুয়ারি ১৯৮৮) (Convention on Early Notification of a Nuclear Accident)
- (২) কনভেনশন অন এ্যাসিস্টেন্স ইন দি কেস অব এ নিউক্লিয়ার এ্যাকসিডেন্ট অর রেডিওলজিক্যাল ইমার্জেন্সী (৭ ফেব্রুয়ারি ১৯৮৮) (Convention on Assistance in the Case of a Nuclear Accident or Radiological Emergency)

১.৫। সংশ্লিষ্ট পরিকল্পনা ও দলিলাদি

NNREPR পরিকল্পনার আওতায় অপারেশনসমূহের ধারণাগুলো জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং অন্যান্য সংশ্লিষ্ট জাতীয় পরিকল্পনার সাথে সংগতি রেখে প্রতিফলিত হয়েছে। এই পরিকল্পনার ১.২ অনুচ্ছেদে বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে আন্তঃপ্রতিষ্ঠান সম্পর্কও প্রতিফলিত হয়েছে।



## ২। পরিকল্পনার ভিত্তি

## ২.১ ঝুঁকি বিশ্লেষণ (Hazard Assessment)

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রস্তুতি এবং সাড়াদান পরিকল্পনা প্রণয়নের ভিত্তি হিসেবে কোনো জরুরি অবস্থার সম্ভাব্য পরিণতিগুলো মূল্যায়নসহ আপদসমূহ (hazards) চিহ্নিত করা হয়েছে। আন্তর্জাতিক সুরক্ষা মানদণ্ড প্রতিপালনের উদ্দেশ্যে মূল্যায়িত ঝুঁকিসমূহ (assessed hazards) জরুরি অবস্থায় প্রস্তুতির ক্যাটাগরি (category) অনুযায়ী বিভিন্ন ভাগে বিভক্ত করে সারণী-১-এ দেখানো হয়েছে। সারণী-১-এ উল্লিখিত পাঁচটি জরুরি অবস্থায় প্রস্তুতির ক্যাটাগরি (এখন হতে ‘ক্যাটাগরি’ (category) হিসেবে উল্লেখ করা হবে) সুরক্ষা মানদণ্ড প্রতিপালনের জন্য প্রয়োজনীয় গ্রেডিং এবং যুক্তিসঙ্গত ও কাম্য পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রস্তুতি এবং সাড়াদান পরিকল্পনার ভিত্তি তৈরি করা হয়েছে। যে কোনো জরুরি অবস্থায় প্রচলিত এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত উভয় ক্ষেত্রে ঝুঁকির উদ্ভব হতে পারে। কাজেই, প্রচলিত এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত উভয়ের ঝুঁকির মূল্যায়ন হওয়া প্রয়োজন।

- (ক) প্রচলিত ঝুঁকি বিশ্লেষণের ক্ষেত্রে দুর্ঘটনা ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (দুর্ঘটনা ব্যবস্থাপনা অধিদপ্তর) মূল ভূমিকা পালন করবে।
- (খ) তেজস্ক্রিয়তা সংক্রান্ত ঝুঁকি বিশ্লেষণের ক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ) মূল ভূমিকা পালন করবে।

## সারণী-১: জরুরি প্রস্তুতির শ্রেণিসমূহ (Emergency Preparedness Categories)

ক্যাটাগরি	বিবরণ
১	পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র বা এর অনুরূপ স্থাপনায় অন-সাইটে সংঘটিত এমন কোনো ঘটনার উদ্ভব (ডিজাইনে বিবেচনা করা হয়নি এমন বিষয়াদিসহ) হতে পারে যার ফলে অফ-সাইটে গুরুতর ডিটারমিনিস্টিক (deterministic) প্রভাব পড়তে পারে, সে ক্ষেত্রে আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে জরুরি সাড়াদানের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সতর্কতামূলক জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম, জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম অথবা প্রারম্ভিক প্রতিরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম গ্রহণ নিশ্চিত করতে হবে।
২	কিছু ধরনের গবেষণা চুল্লি এবং পারমাণবিক চুল্লি বা অনুরূপ স্থাপনা যেগুলো সাধারণত: জাহাজ চালানোর (যেমন: জাহাজ, সাবমেরিন) জন্য প্রয়োজনীয় শক্তি যোগান করে থাকে যার ফলে অন-সাইটে সংঘটিত কোনো ঘটনা উদ্ভবের কারণে অফ-সাইটে জনসাধারণের মধ্যে বিকিরণের ডোজ-এর মাত্রা বাড়তে পারে; সে ক্ষেত্রে আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে জরুরি সাড়াদানের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম অথবা প্রারম্ভিক প্রতিরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদানমূলক কার্যক্রম গ্রহণ নিশ্চিত করতে হবে। ক্যাটাগরি-২ (ক্যাটাগরি-১-এর বিপরীত)-এর আওতায় পারমাণবিক স্থাপনা বা অনুরূপ স্থাপনাগুলোর অন-সাইটে (on-site) উদ্ভূত ঘটনার কারণে (ডিজাইনে বিবেচনা করা হয়নি এমন বিষয়াদিসহ) অফ-সাইটে (off-site) গুরুতর ডিটারমিনিস্টিক (deterministic) প্রভাব পড়বে না।

ক্যাটাগরি	বিবরণ
৩	ইন্ডাস্ট্রিয়াল ইররেডিয়েশন স্থাপনা (industrial irradiation facilities) বা কিছু হাসপাতাল বা অনুরূপ কোনো স্থাপনায় অন-সাইটে (on-site) সংঘটিত এমন কোনো ঘটনার উদ্ভব হতে পারে যার ফলে অন-সাইটে আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে জরুরি সাড়াদানের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রতিরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদানমূলক কার্যক্রম গ্রহণ নিশ্চিত করতে হবে। ক্যাটাগরি-৩ (ক্যাটাগরি-২-এর বিপরীত)-এর আওতায় পারমাণবিক স্থাপনা বা অনুরূপ স্থাপনাগুলোতে অন-সাইটে কোনো ঘটনার উদ্ভব হলে অফ-সাইটে জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম, প্রারম্ভিক প্রতিরক্ষামূলক কার্যক্রম গ্রহণ করার প্রয়োজন নেই।
৪	কোনো অপ্রত্যাশিত স্থানে এমন ক্রিয়াকলাপ এবং ভূমিকা যা পারমাণবিক বা রেডিওলজিক্যাল জরুরি অবস্থার সৃষ্টি করে এবং যার ফলে আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে জরুরি সাড়াদানের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রতিরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম গ্রহণ করতে হয়। এসব ক্রিয়াকলাপ এবং ভূমিকার মধ্যে রয়েছে (ক) পারমাণবিক বা তেজস্ক্রিয় পদার্থ পরিবহন এবং অন্যান্য অনুমোদিত গতিশীল বিপজ্জনক উৎস যেমন: ইন্ডাস্ট্রিয়াল রেডিওগ্রাফি (industrial radiography sources), পারমাণবিক শক্তিচালিত স্যাটেলাইট (nuclear powered satellites) বা রেডিওআইসোটোপ থার্মোইলেকট্রিক জেনারেটর (radioisotope thermoelectric generators) এবং (খ) বিপজ্জনক তেজস্ক্রিয় পদার্থ চুরি হওয়া এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত ডিসপারসেল ডিভাইস (radiological dispersal device) বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত এক্সপোজার ডিভাইস (radiological exposure device)-এর ব্যবহার। এই ক্যাটাগরিতে আরও রয়েছে: (ক) কোনো অজানা উৎস বা বিকিরণজনিত দূষিত দ্রব্যের মধ্যে অর্ন্তনিহিত উচ্চমাত্রার বিকিরণ স্তর চিহ্নিতকরণ; (খ) বিকিরণজনিত এক্সপোজার (exposure)-এর কারণে স্বাস্থ্যগত লক্ষণ; (গ) এমন একটি আন্তঃরাষ্ট্র জরুরি অবস্থা যা অন্য কোনো রাষ্ট্রে পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা থেকে উদ্ভূত হয়েছে এবং ক্যাটাগরি-৫-এর অন্তর্ভুক্ত নয়। ক্যাটাগরি-৪ এমন একটি নির্দিষ্ট মাত্রার আপদ/ঝুঁকিকে প্রতিনিধিত্ব করে যা সকল রাষ্ট্র এবং রাষ্ট্রের অধিক্ষেত্রের ওপর আরোপিত হয়।
৫	ক্যাটাগরি-১ বা ক্যাটাগরি-২-এর অন্তর্ভুক্ত স্থাপনাগুলোর জন্য কোনো রাষ্ট্রের জরুরি পরিকল্পনা অঞ্চল এবং জরুরি পরিকল্পনা দূরত্বগুলোর মধ্যে থাকা এলাকাগুলো অন্য রাষ্ট্রের মধ্যে অবস্থিত হয়।

## ২.২। জরুরি অবস্থার শ্রেণি বিন্যাসের ধারণা:

পারমাণবিক/বিকিরণ সংশ্লিষ্ট স্থাপনায় জরুরি অবস্থাকে (ঝুঁকির ওপর ভিত্তি করে মূল্যায়ন) কয়েকটি শ্রেণিতে বিভক্ত করা হয়েছে যেমন: (ক) ইমারজেন্সি এলার্ট (Emergency alert) (খ) প্ল্যান্ট ইমারজেন্সি (Plant Emergency), (গ) সাইট ইমারজেন্সি (Site Emergency) এবং (ঘ) জেনারেল ইমারজেন্সি (General Emergency)/অফ-সাইট জরুরি অবস্থা (off-site Emergency) (সারণী-২)। এই জরুরি শ্রেণি বিন্যাসগুলোর যে কোনোটির ক্ষেত্রে পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা

সংক্রান্ত জরুরি অবস্থা \*ঘোষণাকালে স্বাভাবিক অপারেশন (Normal Operation)-এর চেয়েও বেশী মাত্রায় সাড়াদান ব্যবস্থার সূত্রপাত ঘটাতে হবে। প্রতিটি শ্রেণি স্বতন্ত্রভাবে নিচে নির্দেশিত সারণী-২ অনুযায়ী বিভিন্ন স্তরের সাড়াদান কার্যক্রমের সূত্রপাত ঘটায়।

**সারণী-২:** জরুরি পরিস্থিতি এবং পারমাণবিক ও বিকিরণ সংশ্লিষ্ট স্থাপনার সাড়াদানের বিভিন্ন স্তর

ইমার্জেন্সি এলার্ট (Emergency Alert)	প্ল্যান্ট ইমার্জেন্সি (Plant Emergency)	সাইট ইমার্জেন্সি (Site Emergency)	জেনারেল ইমার্জেন্সি/অফ-সাইট ইমার্জেন্সি (General Emergency/Off-site Emergency)
পারমাণবিক স্থাপনার অবস্থা বিশ্লেষণ এবং এর প্রভাব কমানোর জন্য তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ।			
অন-সাইটে (on-site) অবস্থানরতদের সুরক্ষার জন্য তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ।			
		অফ-সাইট (off-site) সুরক্ষার জন্য প্রস্তুতি গ্রহণ	
			সাধারণ জনগণের জন্য তাৎক্ষণিক সুরক্ষার কার্যক্রম গ্রহণ

\* এখানে, ঘোষণা (declaration) শব্দটি দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২-এ উল্লিখিত প্রাকৃতিক দুর্যোগের পর দুর্গত এলাকা ঘোষণার সাথে সাংঘর্ষিক নয়।

### ২.২.১। জরুরি সতর্কীকরণ (Emergency alert)

পারমাণবিক স্থাপনার অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) পারমাণবিক জরুরি অবস্থার প্রভাব কমানোর জন্য স্থাপনায় উদ্ভূত ঘটনাগুলো চিহ্নিত করবে এবং উপযুক্ত জরুরি অবস্থা মোকাবেলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। পারমাণবিক স্থাপনায় জরুরি ঘটনা উদ্ভব হলে অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) জরুরি সতর্কতা/ইমার্জেন্সি এলার্ট ঘোষণা করবে। জরুরি সতর্কতা ঘোষণা ২৪ ঘন্টার মধ্যে রেগুলেটরি কর্তৃপক্ষ (regulatory body) ও NNREMC-কে অবহিত করতে হবে। একাধিক পারমাণবিক ইউনিট সম্বলিত সাইটে কোনো একটি স্থাপনায় জরুরি সতর্কতা অবস্থা বিরাজ করলে অন্যান্য স্থাপনাতেও এর প্রভাব পড়ার সম্ভাবনা থাকে। পারমাণবিক স্থাপনার প্রতিটি ইউনিটের জরুরি প্রস্তুতিমূলক সাড়াদান পরিকল্পনায় সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে যে, এ ধরনের ঘটনা এবং সাড়াদান কার্যক্রম অন্যান্য স্থাপনায় অনুসরণ করতে হবে এবং অন্যান্য সহ-স্থাপনাগুলোতে তাৎক্ষণিক যোগাযোগের পর্যাপ্ত কার্যকরী ব্যবস্থা থাকতে হবে। লাইট ওয়াটার রিএক্টর (LWR) এর জন্য জরুরি সতর্কতা ঘোষণার শর্তসমূহ সংযুক্তি (৩) এ বর্ণিত হয়েছে।

### ২.২.২। প্ল্যান্ট ইমার্জেন্সি (Plant Emergency)

পারমাণবিক স্থাপনার ঝুঁকি বিশ্লেষণের (hazard assessment) সাথে সঙ্গতিপূর্ণ স্থাপনা সংশ্লিষ্ট একটি অনুমোদিত জরুরি প্রস্তুতিমূলক এবং সাড়াদান পরিকল্পনা কমিশনিং-এর পূর্বে নির্ধারিত থাকা প্রয়োজন। এই পরিকল্পনাটি পর্যায়ক্রমিক মহড়ার মাধ্যমে অনুশীলন করতে হবে। সাড়াদান পরিকল্পনাটি রেগুলেটরি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অভিজ্ঞতার আলোকে পর্যালোচনা এবং পরিমার্জন করতে হবে। কোনো সাইটে একাধিক পারমাণবিক স্থাপনা থাকলে, একটি স্থাপনায় জরুরি অবস্থা ঘোষণা করা হলে জরুরি অবস্থার ওপর নির্ভর করে অন্যান্য স্থাপনাগুলোতে জরুরি সতর্কতা

(emergency alert) বা প্ল্যান্ট ইমার্জেন্সি ঘোষণা করতে হবে। এই ধরনের জরুরি অবস্থার ক্ষেত্রে প্রতিটি স্থাপনার জরুরি প্রস্তুতিমূলক এবং সাড়াদান পরিকল্পনায় জরুরি অবস্থার নির্ণায়ক এবং শর্তাদি সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। উদ্ধৃত জরুরি অবস্থা রেগুলেটরি কর্তৃপক্ষ এবং NNREMC অবিলম্বে অবহিত করতে হবে। অতঃপর বিষয়টি রেগুলেটরি কর্তৃপক্ষ/NNREMC বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়কে সাথে সাথে অবহিত করবে। প্ল্যান্ট ইমার্জেন্সিকালে পারমাণবিক স্থাপনার কার্যক্রম স্থগিত রাখতে হবে এবং রেগুলেটরি কর্তৃপক্ষ হতে ছাড়পত্র পাওয়ার পরই পারমাণবিক স্থাপনার অপারেশন পুনরায় আরম্ভ বা নতুন করে শুরু করতে পারবে। অন-সাইটে (on-site) অবস্থানরতদের সুরক্ষার জন্য তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। লাইট ওয়াটার রিএক্টর (LWR) এর জন্য জরুরি সতর্কতা ঘোষণার শর্তসমূহ সংযুক্তি (৩) এ বর্ণিত হয়েছে। সাইটের জরুরি সাড়াদান পরিকল্পনাটি নিয়মিত অনুশীলন করতে হবে এবং প্রয়োজনবোধে অভিজ্ঞতার আলোকে পরিমার্জন করতে হবে।

### ২.২.৩। সাইট ইমার্জেন্সি (Site Emergency)


পারমাণবিক স্থাপনার কমিশনিং (commissioning)-এর পূর্বে সাইটের জন্য একটি অনুমোদিত জরুরি প্রস্তুতিমূলক এবং সাড়াদান পরিকল্পনা প্রণয়ন করতে হবে। পারমাণবিক স্থাপনার অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) সাইট ইমার্জেন্সির প্রাসঙ্গিক ও বিস্তারিত বিষয়ে রেগুলেটরি কর্তৃপক্ষ ও NNREMC-কে তাৎক্ষণিকভাবে রিপোর্ট করবে। অতঃপর রেগুলেটরি কর্তৃপক্ষ/NNREMC বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়কে সাথে সাথে অবহিত করবে। প্ল্যান্টের গুরুত্বপূর্ণ প্যারামিটার এবং বিকিরণ/জরুরি কর্মীগণের বিকিরণ সম্পাত (radiation exposure) সংশ্লিষ্ট বিষয়াদিসহ সাইট তেজস্ক্রিয়তা সংক্রান্ত অবস্থার হালনাগাদ তথ্যাদি রেগুলেটরি কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সময়ে সময়ে অথবা নিয়মিতভাবে রেগুলেটরি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। একাধিক ইউনিট/স্থাপনা সম্বলিত সাইটে সাইট ইমার্জেন্সি ঘোষণা করা হলে সাইটে অবস্থিত ইউনিট/স্থাপনাসমূহ সম্পূর্ণ বন্ধ রাখতে হবে। সাড়াদান পরিকল্পনায় সাইট ইমার্জেন্সি সাড়াদান দলের ভূমিকা ও দায়িত্ব সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে এবং সময়ে সময়ে অনুশীলন করতে হবে। সাইট ইমার্জেন্সির কারণে উদ্ধৃত পরিস্থিতি প্রশমনের জন্য পারমাণবিক স্থাপনার অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) সাইটে প্রতিকারের ব্যবস্থাদি বাস্তবায়ন করবে। রেগুলেটরি কর্তৃপক্ষকে অবহিতকরত: সাইট ইমার্জেন্সির অবসান ঘটাতে হবে। রেগুলেটরি কর্তৃপক্ষ হতে ছাড়পত্র পাওয়ার পরই পারমাণবিক স্থাপনার অপারেশন পুনরায় আরম্ভ করতে হবে। সাইট ইমার্জেন্সিতে অফ-সাইট (off-site) সুরক্ষার জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। লাইট ওয়াটার রিএক্টর (LWR) এর জন্য জরুরি সতর্কতা ঘোষণার শর্তসমূহ সংযুক্তি (৩) এ বর্ণিত হয়েছে। সাইটের জরুরি সাড়াদান পরিকল্পনাটি নিয়মিত অনুশীলন করতে হবে এবং প্রয়োজনবোধে অভিজ্ঞতার আলোকে পরিমার্জন করতে হবে।

### ২.২.৪। জেনারেল ইমার্জেন্সি/অফ-সাইট ইমার্জেন্সি (General Emergency)

পারমাণবিক স্থাপনা কমিশনিং-এর পূর্বে অফ-সাইটের জন্য একটি অনুমোদিত জরুরি প্রস্তুতিমূলক এবং সাড়াদান পরিকল্পনা প্রণয়ন করতে হবে। জরুরি সাড়াদান পরিকল্পনায় সকল জড়িত প্রতিষ্ঠানগুলোর ভূমিকা ও দায়িত্ব সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। জরুরি সাড়াদান পরিকল্পনার কার্যক্রম সময়ে সময়ে অনুশীলন করতে হবে এবং অভিজ্ঞতার আলোকে প্রয়োজন অনুযায়ী সংশোধন করতে হবে। অফ-সাইট জরুরি পরিকল্পনাটি জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। লাইট ওয়াটার রিএক্টর (LWR) এর জন্য জরুরি সতর্কতা ঘোষণার শর্তসমূহ সংযুক্তি (৩) এ বর্ণিত হয়েছে।

### ২.৩। পরিকল্পনা এলাকা এবং অঞ্চলসমূহ

পারমাণবিক জরুরি অবস্থায় প্রস্তুতির ক্যাটাগরি: ১,২,৩ ও ৪-এর অন্তর্ভুক্ত কোনো পারমাণবিক স্থাপনা বা কার্যক্রমের মধ্যে কোনো পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার ফলাফল প্রশমনের জন্য পরিচালনাকারী সংস্থা বা অনুমোদিত স্বত্বাধিকারী সাইটে অতি দ্রুততার সাথে সিদ্ধান্ত নিবেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। পরিকল্পনা অঞ্চলগুলো সাইট এবং প্রযুক্তিভিত্তিক নির্ধারিত হবে এবং রেগুলেটরি কর্তৃপক্ষ (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ) কর্তৃক অনুমোদিত হতে হবে। ধারণাগত জরুরি পরিকল্পনা অঞ্চল এবং রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ধারণাগত জরুরি পরিকল্পনা অঞ্চল-এর বিস্তারিত বিষয়াদি নিম্নরূপ চিত্রসমূহ যথাক্রমে চিত্র-ক এবং চিত্র-খ-এ উপস্থাপন করা হয়েছে।



চিত্র ক: ধারণাগত জরুরি পরিকল্পনা অঞ্চল

চিত্র খ: রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জরুরি পরিকল্পনা অঞ্চল

সাইটে অবস্থিত পারমাণবিক স্থাপনার প্রযুক্তি এবং সাইটের প্রকৃতি বিবেচনায় জরুরি পরিকল্পনা অঞ্চল নিচের সারণী-৩-এ বর্ণনা করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, এ্যাকটিভ ফিচারসমূহের মাধ্যমে (active features) দ্বিতীয় প্রজন্মের পারমাণবিক চুল্লির সুরক্ষা উন্নতি এবং প্যাসিভ সেফটি ফিচারসমূহের মাধ্যমে (passive safety features) তৃতীয় প্রজন্মের পারমাণবিক স্থাপনার (Plants) সুরক্ষা উন্নতিকল্পে এবং সেফটি-বাই-ডিজাইন পদ্ধতি অনুসরণে (safety-by-design-approach) চতুর্থ প্রজন্মের পারমাণবিক চুল্লির দুর্ঘটনা সর্বাঙ্গিকভাবে দূর করার লক্ষ্য নেওয়া হয়েছে। সুতরাং এ ক্ষেত্রে পারমাণবিক চুল্লির পূর্ববর্তী প্রজন্ম হতে পরবর্তী প্রজন্মের সেফটি ফিচারের (safety features) উৎকর্ষ সাধনের ফলে জরুরি পরিকল্পনা অঞ্চলের ব্যাসার্ধ কমানো যেতে পারে। এটা বলা যায় যে, চতুর্থ প্রজন্মের পারমাণবিক চুল্লি এমনভাবে সেফটি ফিচার দিয়ে ডিজাইন করা হয়েছে যেখানে অফ-সাইট জরুরি প্রস্তুতিমূলক ব্যবস্থার প্রয়োজন হবে না, ফলে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সাইটে এক্সক্লুসান জোন (exclusion zone)-এর প্রয়োজনীয়তা বাদ দেয়া সম্ভব হতে পারে।

## সারণী ৩: বিভিন্ন দেশের ধারণাগত অঞ্চল তৈরি

দেশ	এক্সক্লুসান অঞ্চল (Exclusion Zone)/ স্যানিটারি সুরক্ষা অঞ্চল (ব্যাসার্ধ) (Sanitary Protection Zone) (radius)	সতর্কতামূলক কার্যক্রম অঞ্চল (Precautionary Action Zone) (PAZ) /স্টেরিলাইজড অঞ্চল (Sterilized Zone) / স্বাভাবিক প্রবৃদ্ধি অঞ্চল (Natural Growth Zone) (ব্যাসার্ধ)	মন্তব্য
কানাডা	প্রায় ১ কিলোমিটার (~১ কি:মি:)	-	ব্যক্তিগত এবং সম্মিলিত ডোজের ক্ষেত্রে সীমারেখা দেয়া আছে।
চেক প্রজাতন্ত্র	৫০০ মিটার	-	সাধারণ মান (Typical values)
ভারত	প্রায় ১.৬ কিলোমিটার (কি:মি:)	৫ কিলোমিটার (কি:মি:)	বাতাসের মূল প্রবাহের দিকের ১৬ কিলোমিটারের মধ্যে ১০,০০০-এর বেশী জনসংখ্যার বসতির অবস্থান নেই।
বাংলাদেশ	৩০০ মিটার	৩ কিলোমিটার (কি:মি:)	জরুরি পরিকল্পনা অঞ্চল: ২৫ কিলোমিটার।
ইটালি	০.৮-১ কিলোমিটার	-	সাধারণ মান (Typical values) গৃহীত হয়েছে
মার্কিন যুক্তরাষ্ট্র	প্রায় ০.৬৫ কিলোমিটার (~০.৬৫ কি:মি:)	কম জনসংখ্যার বসতি অঞ্চল প্রায় ৫ কিলোমিটার (~ ৫ কি:মি:)	১৯৬০-এর দশক এবং ১৯৭০-এর দশকের প্রথম দিকে মার্কিন যুক্তরাষ্ট্রে পারমাণবিক স্থাপনার লাইসেন্স-এর জন্য এ মানগুলি গ্রহণযোগ্য ছিল।

### ২.৩.১। অন-সাইট (on-site)/এক্সক্লুসান (exclusion)/স্যানিটারি সুরক্ষা (sanitary protection) অঞ্চলের বৈশিষ্ট্যসমূহ:

একটি অন-সাইট/এক্সক্লুসান/স্যানিটারি সুরক্ষা অঞ্চল এমন আয়তনের হবে যেখানে পারমাণবিক উপাদান নিঃসরণ শুরু হওয়ার পরপরই দুই ঘণ্টা পর্যন্ত ঐসব অঞ্চলের সীমানার যে কোনো স্থানে একজন ব্যক্তির সম্পূর্ণ শরীরে মোট কার্যকরী সমতুল্য বিকিরণ মাত্রার (Total Effective Dose Equivalent) (TEDE) অনুপ্রবেশ ২৫ রেম (rem) এর অধিক হবে না (থাইরয়েড রেডিয়েশন এক্সপোজার: <math>< 300</math> রেম সিভার্ট (ব্যক্তির ক্ষেত্রে) (Thyroid radiation exposure: 300 rem (3Sv)। এক্সক্লুসান অঞ্চলের সীমানা নির্ধারণে পারমাণবিক স্থাপনার ডিজাইনসহ সাইটের বায়ুমন্ডলের বৈশিষ্ট্যসমূহ (atmospheric characteristics) বিবেচনায় নেয়া হয়।

বাংলাদেশের রূপপুরে তৃতীয় প্রজন্ম প্লাস (Third Generation Plus) পারমাণবিক চুল্লির ডিজাইন ও প্রযুক্তি অনুযায়ী এক্সক্লুসান অঞ্চল/স্যানিটারি সুরক্ষা অঞ্চলের ব্যাসার্ধ বিবেচনা করা হয়েছে ৩০০ মিটার। একই ধরনের প্রযুক্তির ক্ষেত্রে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য ব্যবহৃত অঞ্চলের সীমানা নির্ধারণের ধারণা ব্যবহার করা যেতে পারে এবং অধিকতর উন্নত প্রযুক্তির ক্ষেত্রে ও পারমাণবিক স্থাপনার সাইটের বৈশিষ্ট্যের উপর নির্ভর করে জরুরি পরিকল্পনা অঞ্চলের সীমানার ব্যাসার্ধ আরও কমানো যেতে পারে।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অনুমোদন প্রক্রিয়ার অংশ হিসেবে প্রতিটি পারমাণবিক স্থাপনার জন্য এক্সক্লুসান অঞ্চলের সীমানা এবং জরুরি পরিকল্পনা অঞ্চল অনুমোদন প্রদান করবে।

### ২.৩.২। অফ-সাইট জরুরি পরিকল্পনা অঞ্চলের বৈশিষ্ট্যসমূহ:

অফ-সাইট জরুরি পরিকল্পনা অঞ্চলে সতর্কতামূলক পদক্ষেপ এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম কার্যকরীভাবে নেয়ার লক্ষ্যে পারমাণবিক স্থাপনার ডিজাইন এবং বিকিরণ সুরক্ষার বিশ্লেষণাত্মক ফলাফলের উপর ভিত্তি করে জরুরি পরিকল্পনা অঞ্চলগুলোর বৈশিষ্ট্যগুলো বিধিবদ্ধ করা হয়।

এই জরুরি পরিকল্পনা অঞ্চল এবং জরুরি পরিকল্পনা দূরত্বগুলি জাতীয় সীমানা সংলগ্ন স্থানে প্রয়োজনবোধে প্রযোজ্য হবে এবং তন্মধ্যে নিম্নোক্ত বৈশিষ্ট্য সম্বলিত অঞ্চলগুলো অন্তর্ভুক্ত থাকবে:

#### (ক) সতর্কতামূলক কার্যক্রম অঞ্চল/ স্টেরিলাইজড অঞ্চল/স্বাভাবিক প্রবৃদ্ধি অঞ্চল (Precautionary Action Zone (PAZ) /Sterilized Zone/Natural Growth Zone)

ক্যাটাগরি-১-এর আওতায় পারমাণবিক স্থাপনার ক্ষেত্রে কোনো উল্লেখযোগ্য পারমাণবিক উপাদান নিঃসরণের পূর্বে গুরুতর ডিটারমিনিস্টিক (deterministic) প্রভাব পরিহার বা কমানোর লক্ষ্যে পারমাণবিক স্থাপনার পরিস্থিতির ( যেমন: এমন পরিস্থিতি যা সাধারণ জরুরি অবস্থা ঘোষণার জন্য পরিচালিত করে) উপর নির্ভর করে যেসব জরুরি সুরক্ষামূলক পদক্ষেপ এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম নেয়া হবে (সংযুক্তি-৪)।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে সতর্কতামূলক কার্যক্রম অঞ্চল/স্টেরিলাইজড অঞ্চল/ স্বাভাবিক প্রবৃদ্ধি অঞ্চল (Precautionary action Zone) (PAZ)/Sterilized Zone/ Natural Growth Zone) এর ব্যাসার্ধ ৩ (তিন) কিলোমিটারব্যাপী বিবেচনা করা হয়েছে।

(খ) জরুরি পরিকল্পনা অঞ্চল/প্রতিরক্ষামূলক ব্যবস্থা সম্বলিত পরিকল্পনা অঞ্চল/জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম পরিকল্পনা অঞ্চল (Emergency Planning Zone (EPZ)/Protective Measures Planning Zone/Urgent protective action planning zone (UPZ)

ক্যাটাগরি-১ ও ২-এর অন্তর্ভুক্ত পারমাণবিক স্থাপনার ক্ষেত্রে সম্ভব হলে কোনো উল্লেখযোগ্য পারমাণবিক উপাদান নিঃসরণের পূর্বে পারমাণবিক স্থাপনার পরিস্থিতির (যেমন: এমন পরিস্থিতি যা স্টোকাস্টিক (Stochastic) প্রভাবের ঝুঁকি কমানোর লক্ষ্যে অফ-সাইটে তেজস্ক্রিয়তা সংক্রান্ত পরিস্থিতি পরিবীক্ষণ ও মূল্যায়নের উপর ভিত্তি করে সাধারণ জরুরি অবস্থা ঘোষণার জন্য পরিচালিত করে) উপর নির্ভর করে জরুরি সুরক্ষামূলক পদক্ষেপ এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম নেয়ার উদ্যোগ নিতে হবে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে জরুরি পরিকল্পনা অঞ্চল (EPZ)-এর সর্বোচ্চ সীমানা/ব্যাসার্ধ ২৫ কিলোমিটার বিবেচনা করা হয়েছে। এ অঞ্চলে বিভিন্ন পদক্ষেপসমূহ এমনভাবে নেয়া হবে যাতে সতর্কতামূলক কার্যক্রম অঞ্চলে সতর্কতামূলক জরুরি সুরক্ষা কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমগুলো অনতিবিলম্বে বাস্তবায়ন করা যায়।

(গ) পর্যবেক্ষণ এলাকা (Surveillance area) :

খাদ্য সরবরাহ (Food chain), পানি সরবরাহ চেইন এবং একই সাথে জনসাধারণকে খাদ্য-দ্রব্যাদি, দুধ, পানীয় জল এবং খাদ্য ব্যতীত অন্যান্য দ্রব্যাদির বিকিরণের প্রভাব হতে রক্ষা করার ব্যবস্থাদি এমন হবে যে, পর্যবেক্ষণ এলাকার বাইরে খাদ্য এবং দ্রব্যাদিতে বিকিরণ মাত্রার স্তর এক্সপোজার পাথওয়ে (Exposure pathways)-এর উপর নির্ভর করে নির্ধারিত একটি নির্দিষ্ট স্তরের অধিক হবেনা। পর্যবেক্ষণ এলাকার ব্যাসার্ধ IAEA এর সর্বশেষ নির্দেশিকা অনুযায়ী সংজ্ঞায়িত করা হবে। জরুরি প্রস্তুতিমূলক কার্যক্রমে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে পর্যবেক্ষণ এলাকার বিকিরণ মাত্রা প্রতি ঘন্টায় ০.১ মাইক্রো সিভার্ট (0.1 Sv/hr of the background radiation level)-এর অধিক হবে না।

২.৪। পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার জন্য বাংলাদেশ সরকারের প্রাতিষ্ঠানিক ব্যবস্থাদি:


বাংলাদেশের দুর্যোগ ব্যবস্থাপনা কয়েকটি জাতীয় ও আন্তর্জাতিক চালিকাশক্তি দ্বারা পরিচালিত হয়ে থাকে, তন্মধ্যে অন্যতম অন্তর্ভুক্ত চালিকাশক্তিগুলো হলো: ক) দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২; খ) দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি, ২০১৯; গ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা (২০১৬-২০২০); ঘ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৫। দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২-এর আওতায় বিভিন্ন মন্ত্রণালয় এবং কমিটিগুলোর উপর সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে বাধ্যতামূলক দায়িত্ব ও কার্যভার অর্পণ করেছে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করেছে। এই দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২, দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলি (SOD)-কে অনুসমর্থন এবং দেশে দুর্যোগ ব্যবস্থাপনার জন্য আইনগত ভিত্তি প্রদান করেছে।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭ বাংলাদেশে পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনার জন্য কতিপয় নির্দেশনা প্রদান করেছে।



দুর্যোগ ঝুঁকি এবং সংঘটিত পরিস্থিতির ক্ষেত্রে কার্যকরী সাড়াদান নিশ্চিত করার জন্য সরকারের বিভিন্ন স্তরে সমন্বয় এবং সহজলভ্য প্রায়োগিক দক্ষতা ও অভিজ্ঞতা অপরিহার্য উপাদান হিসেবে বিবেচনা করতে হবে। দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২ এবং দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি-তে সকল স্তরে দুর্যোগ ব্যবস্থাপনা পরিচালনার ক্ষেত্রে এবং যে কোনো ধরনের দুর্যোগ সফলতার সাথে মোকাবেলা করার জন্য সকল ধাপে সহযোগিতা, মত-বিনিময়, সমন্বয় এবং এক অপরের পরিপূরক হিসেবে কাজ করার জন্য প্রশাসন ব্যবস্থার সকল পর্যায়ে প্রাতিষ্ঠানিক কাঠামো তৈরি করার প্রস্তাব রয়েছে।

চিত্র ২-এ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার জন্য জাতীয় পর্যায়ে সাড়াদান প্রতিষ্ঠান, বিভিন্ন শাখা, দল-এর প্রবাহ চিত্র (flow chart)/ব্লক ডায়াগ্রাম (Block Diagram) দেখানো হয়েছে।



চিত্র ২: জাতীয় পর্যায়ে সাড়াদান প্রতিষ্ঠান সমূহের প্রবাহ চিত্র/ব্লক ডায়াগ্রাম

সরকার দুর্যোগ প্রতিরোধ ব্যবস্থার অংশ হিসাবে জাতীয় ও মাঠ পর্যায়ে বিভিন্ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠন করেছে। এইগুলো হলো:

#### ২.৪.১। জাতীয় পর্যায়ের কমিটি / সংস্থাসমূহ

মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল (NDMC)-এর দায়িত্ব হলো-দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন ও পর্যালোচনা এবং সংশ্লিষ্ট সকলের জন্য নির্দেশনা জারী করা।

জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা পরামর্শক কমিটি (NNREMAC) পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকারকে পরামর্শ দেয়ার জন্য গঠন করা হবে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী NNREMAC-এর সভাপতি হিসেবে থাকবেন। দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি অনুযায়ী জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটির আলোকে সরকার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষজ্ঞ সমন্বয়ে এই পরামর্শক কমিটি গঠন করা হবে। সংযুক্তি-১ (সেকশন ২.১)-এ জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটির গঠন দেখানো হয়েছে।

যে কোনো জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনার ক্ষেত্রে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটির (IMNREMCC) কাঠামোতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কমিটির সভাপতি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব ঐ কমিটির সদস্য-সচিব হিসেবে থাকবেন। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান, পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পরিচালনাকারী প্রতিষ্ঠান নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (NPCBL)-এর ব্যবস্থাপনা পরিচালক এবং জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC)-এর মহাপরিচালক পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটির (IMNREMCC) সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন। সংযুক্তি-১ (সেকশন ৩.১)-এ আন্তঃমন্ত্রণালয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা সমন্বয় কমিটির (IMNREMCC) গঠন দেখানো হয়েছে।

#### জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC)

জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র হিসেবে কাজ করবে। জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC)-এর প্রধান কর্মকর্তা হবেন একজন মহাপরিচালক। তিনি আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (IAEA)-এর ইনসিডেন্ট এন্ড ইমার্জেন্সি সেন্টার (Incident and Emergency Centre (IEC) এবং বাংলাদেশ সরকারের সাথে সমন্বয় করার জন্য দায়িত্বপ্রাপ্ত হবেন। NNREMC পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক), IAEA-সহ সকল সাড়াদান সংস্থাসমূহকে জরুরি সতর্ক বার্তা প্রেরণ করবে। পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় জাতীয় পর্যায়ের কমিটি এবং জেলা পর্যায়ের কমিটি ও ক্ষতিগ্রস্ত এলাকার স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে NNREMC সমন্বয় সাধন করবে। এ ছাড়া, NNREMC জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সকল কমিটি, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (BAEC), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ

কর্তৃপক্ষ (BAERA), নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (NPCBL), পরিবেশ অধিদপ্তর (DOE) এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (DDM) ইত্যাদি সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষা করবে।

এই কেন্দ্রটি দেশের বিভিন্ন স্থানের পারিপার্শ্বিক বিকিরণ সংশ্লিষ্ট তথ্য ও উপাত্তসমূহের (background radiation data) জন্য একটি জাতীয় তথ্য ও উপাত্ত ব্যাংক (National data bank) সংরক্ষণ ও পরিচালনা করবে। এই কেন্দ্রটি সকল (প্রস্তাবিত) অন-লাইন পরিবীক্ষণ কেন্দ্র (বিভিন্ন পারমাণবিক কেন্দ্রের সম্ভাব্য স্থানসমূহ) এবং একই সাথে দেশের নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড-এর অফ-সাইট কেন্দ্রসমূহের তথ্য-উপাত্ত সার্ভার (data server)-এর সাথে সংযুক্ত থাকবে। সকল পরিবীক্ষণ কেন্দ্র নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকবে এবং তথ্য-উপাত্তসমূহ বিভিন্ন স্টেশনে অবলোকন করা যাবে। এই কেন্দ্রটিতে পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি প্রস্তুতিমূলক ও সাড়াদান ব্যবস্থাপনা এবং এর উপর প্রশিক্ষণ প্রদানের জন্য সকল আধুনিক সুযোগ-সুবিধা ও অবকাঠামো থাকবে।

#### ২.৪.২। মাঠ পর্যায়ে কমিটি ও প্রতিষ্ঠানসমূহ

জেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের সমন্বয় ও পর্যালোচনা করার জন্য জেলা প্রশাসকের নেতৃত্বে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি রয়েছে।

জাতীয় দুর্যোগ সাড়াদান কর্মকান্ডের সমন্বয় এবং পরিচালনা সুষ্ঠুভাবে সমন্বিত ও কার্যকরী উপায়ে করার জন্য জেলা প্রশাসকের নেতৃত্বে জেলা দুর্যোগ সাড়াদান সমন্বয় কমিটি এবং জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি-এর দায়িত্ব নির্ধারিত রয়েছে।

উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের সমন্বয় ও পর্যালোচনা করার জন্য উপজেলা পরিষদের উপজেলা চেয়ারম্যানের নেতৃত্বে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি রয়েছে।

ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের সমন্বয়, পর্যালোচনা এবং বাস্তবায়ন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-এর নেতৃত্বে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি রয়েছে।

ওয়ার্ড পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের সমন্বয়, পর্যালোচনা এবং বাস্তবায়ন করার জন্য ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের নির্বাচিত সদস্য-এর নেতৃত্বে ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি রয়েছে।

সিটি কর্পোরেশনে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের সমন্বয়, পর্যালোচনা এবং বাস্তবায়ন করার জন্য মেয়র-এর নেতৃত্বে সিটি কর্পোরেশন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি রয়েছে।

পৌরসভায় দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের সমন্বয়, পর্যালোচনা এবং বাস্তবায়ন করার জন্য মেয়র-এর নেতৃত্বে পৌরসভা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি রয়েছে।

এছাড়া, দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের সমন্বয় ও পর্যালোচনার জন্য সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নের ওয়ার্ড পর্যায়েও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি বিস্তৃত করা হয়েছে।

মাঠ পর্যায়ে এই সকল কমিটিতে সরকারি প্রতিষ্ঠান ছাড়াও বেসরকারি সংস্থা, সামাজিক সংস্থা, স্থানীয় সরকার কর্তৃপক্ষের প্রতিনিধিত্ব রয়েছে।

**জাতীয় এবং স্থানীয় পর্যায়ে সমন্বয়**

দুর্যোগ ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত দুর্যোগ ঝুঁকি কমানো, প্রশমন, প্রস্তুতিমূলক ব্যবস্থা, সাড়াদান এবং পুনরুদ্ধার-এর জন্য দুর্যোগ ব্যবস্থাপনার ধারাবাহিকতার তিনটি ধাপের প্রতিটিতে সরকারের সকল পর্যায়ে সার্বিক দিক-নির্দেশনা দেয়ার জন্য শীর্ষ এবং সর্বোচ্চ কর্তৃপক্ষ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল দায়িত্বপ্রাপ্ত। জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল মাল্টি-সেক্টরাল (multi-sectoral) এবং মাল্টি-ফাংশনাল (multi-functional) পর্যায়ের হওয়ায় দুর্যোগ ঝুঁকি এবং সংঘটিত পরিস্থিতির কার্যকরী সাড়াদান ব্যবস্থা নিশ্চিত করার জন্য সরকারের বিভিন্ন পর্যায়ে সমন্বয় এবং সহজলভ্য প্রয়োগিক দক্ষতা ও অভিজ্ঞতা অপরিহার্য উপাদান হিসেবে বিবেচনা করতে হবে।

জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল (NDMC) এবং পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটি (IMNREMCC) জাতীয় পর্যায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক দুর্যোগ-সম্পর্কিত কার্যক্রমের সমন্বয় সাধন করবে। জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ট স্থানীয় পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি দ্বারা সমন্বয় সাধন করা হয়। দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং জরুরি সাড়াদান ব্যবস্থাপনার কার্যকরী পরিকল্পনা ও সমন্বয় নিশ্চিত করার জন্য জাতীয় ও স্থানীয় স্তরে (sub-national) উভয় স্তরে আন্তঃসম্পর্কিত বিভিন্ন সংস্থা কার্যক্রম গ্রহণ করে থাকে।

দেশের পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত যে কোনো জরুরি অবস্থার ক্ষেত্রে জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC) জাতীয় পর্যায়ের কমিটি এবং জেলা পর্যায়ের কমিটি ও ক্ষতিগ্রস্ত এলাকার স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে সমন্বয় সাধন করবে। এ ছাড়া, NNREMC জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটি (NNREMAC), পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটি (IMNREMCC), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (BAEC), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (BAERA), নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (NPCBL), পরিবেশ অধিদপ্তর (DOE) এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (DDM) সাথে যোগাযোগ রক্ষা করবে।

জাতীয় পরিকল্পনা ছাড়াও (জাতীয় পারমাণবিক/তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা এবং বিভিন্ন আপদে সমন্বিত সাড়াদানের জন্য প্রথম স্তরের জরুরি পরিকল্পনা) পরবর্তী স্তরের পরিকল্পনায় পারমাণবিক স্থাপনার পরিচালনাকারীদের দ্বারা প্রণীত পরিকল্পনাগুলো অন্তর্ভুক্ত হবে। চূড়ান্ত স্তরের পরিকল্পনাটি জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP) অনুসরণ করবে।

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে সাড়াদানের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা এবং প্রস্তুতিমূলক ব্যবস্থাদি সকল ধরনের গতানুগতিক জরুরি পরিস্থিতি যেমন: আগুন, বন্যা, ভূমিকম্প, সুনামী ইত্যাদির ক্ষেত্রে সাড়াদানের জন্য পরিকল্পনার সাথে সমন্বিত হবে এবং এই উদ্দেশ্যে জাতীয় এবং স্থানীয় পর্যায়ের প্রতিষ্ঠানসমূহকে সম্পৃক্ত করবে। এই ধরনের সকল আপদের সাড়াদানের প্রস্তুতির ব্যবস্থাদি একটি সুসংহত এবং পারস্পরিকভাবে কার্যক্রমে সহায়তা করবে এরূপভাবে গঠন করতে হবে।

**২.৫। NNREPR পরিকল্পনা কার্যকরীকরণ**

নিম্নলিখিত অবস্থায় NNREPR পরিকল্পনাটি কার্যকর হবে:

- (ক) যখন কোনোও আঞ্চলিক বা স্থানীয় কর্তৃপক্ষ, এখতিয়ারসহ অন্যান্য জাতীয় সংস্থা বা বেসরকারি খাত পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে সরকারের সহায়তার জন্য অনুরোধ করে; অথবা
- (খ) যখন সরকারি সংস্থাগুলি পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে সাড়াদানের ক্ষেত্রে আবশ্যিকভাবে বিধিবদ্ধ বাধ্যবাধকতাগুলি পূরণ করতে সক্রিয় হয়।

**২.৬। ভূমিকা ও দায়িত্ব**

পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে সাড়াদান প্রক্রিয়ার জন্য সমন্বিত পদ্ধতি এবং দেশের সংশ্লিষ্ট সকল সংস্থার সম্পৃক্ত থাকা প্রয়োজন।

জাতীয় এবং স্থানীয় পর্যায়ে সাড়াদানের সাথে জড়িত সংস্থাসমূহের ভূমিকা ও দায়িত্ব সারণী-৪-এ বর্ণনা করা হয়েছে।

**সারণী ৪:** পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রস্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রমের জন্য আয়োজন এবং সক্ষমতা প্রতিষ্ঠার জন্য সামগ্রিক কর্মসূচি

প্রধান উপাদান	জরুরি প্রস্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রম	দায়িত্বপ্রাপ্ত সংস্থা
১. প্রাথমিক দায়িত্ব	১.১। জাতীয় সমন্বয়কারী কর্তৃপক্ষ (NCA) হিসেবে কাজ করতে একটি সরকারি সংস্থা বা প্রতিষ্ঠান (বা বিদ্যমান একটিকে চিহ্নিত করা) প্রতিষ্ঠা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
	১.২। নিউক্লিয় স্থাপনা পরিচালনাকারী এবং সাড়াদান সংস্থাগুলির কার্যাবলি ও দায়িত্ব স্পষ্টভাবে নির্ধারণ করা এবং নিশ্চিত করা যে সেগুলো সাড়াদানকারী সংস্থাসমূহ অনুধাবন করতে পেরেছে	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
	১.৩। একটি নিয়ন্ত্রণকারী এবং পরিদর্শন ব্যবস্থা স্থাপন করা যা যথাযথ আশ্বাস প্রদান করে যে সকল স্থাপনা/ অনুশীলনের জন্য জরুরি প্রস্তুতি এবং সাড়াদান ব্যবস্থা বিদ্যমান	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC)
২. ঝুঁকি বিশ্লেষণ (Hazard assessment)	২.১। ঐ অঞ্চলের স্থাপনা এবং কার্যক্রমের ঝুঁকি বিশ্লেষণ (hazard assessment) এই পরিকল্পনার সারণী ১-এ পাঁচটি জরুরি প্রস্তুতির বিভাগ অনুসারে তাদের শ্রেণি বিভক্ত করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, NNREMC)

প্রধান উপাদান	জরুরি প্রত্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রম	দায়িত্বপ্রাপ্ত সংস্থা
৩. জরুরি ব্যবস্থাপনা ও পরিচালনা কার্যক্রম প্রতিষ্ঠাকরণ	৩.১. কোনোও বিকিরণ জরুরি অবস্থায় স্থানীয় ও জাতীয় সাড়াদান কার্যক্রমের জন্য একটি কমান্ড এবং কন্ট্রোল ব্যবস্থা অন্তর্ভুক্ত করার লক্ষ্যে সমস্ত অফ-সাইট সাড়াদান সংস্থাগুলির জরুরি সাড়াদান কার্যক্রমের সাথে অন-সাইট সাড়াদান সংস্থার জরুরি সাড়াদান কার্যক্রমের সমন্বয় সাধনের ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC, জেলা প্রশাসন, অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৪. চিহ্নিতকরণ, অবহিতকরণ এবং সক্রিয়করণ	৪.১। ২৪ ঘন্টা/দিন এবং ৭ দিন/সপ্তাহে পরিচালিত একটি যোগাযোগ পয়েন্ট স্থাপন করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, NNREMC, অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)
	৪.২। ক্ষয়প্রাপ্ত ধাতব প্রসেসিং স্থাপনার অন-সাইট ব্যবস্থাপক এবং রাষ্ট্রীয় সীমান্তে দায়িত্বরত কর্মকর্তারা বিকিরণজনিত জরুরি অবস্থার সূচকগুলি সম্পর্কে অবহিত এবং তাৎক্ষণিক পদক্ষেপ নিতে সক্ষম হয়েছে তা নিশ্চিত করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, NNREMC), পররাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ (বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ কোস্ট গার্ড), জননিরাপত্তা বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড

প্রধান উপাদান	জরুরি প্রস্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রম	দায়িত্বপ্রাপ্ত সংস্থা
	৪.৩। প্রথম সাড়াদানকারীরা জরুরি অবস্থা সম্পর্কিত সূচকগুলি সম্পর্কে সচেতন এবং বিকিরণজনিত জরুরি অবস্থা আশংকা করা হলে যথাযথ নোটিফিকেশন পদ্ধতিগুলি এবং অন্যান্য তাৎক্ষণিক পদক্ষেপগুলির সাথে পরিচিত সে বিষয়ে নিশ্চিত করা	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC, অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)
	৪.৪। বিকিরণজনিত জরুরি অবস্থায় অবিলম্বে অফ-সাইট সাড়াদান ক্রিয়া শুরু করার জন্য একটি পদ্ধতি প্রতিষ্ঠা করা	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন), NNREMC
	৪.৫। সাড়াদান সংস্থাগুলিতে পর্যাপ্ত কর্মী রয়েছে তা নিশ্চিত করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
	৪.৬। জরুরি অবস্থা সম্পর্কিত নোটিফিকেশন এবং অন্যান্য রাষ্ট্রের তথ্য এবং IAEA-র কাছ থেকে তথ্য প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত দেশের একক সতর্কতার পয়েন্টকে IAEA এবং অন্যান্য রাষ্ট্রের সাথে পরিচিত করানো	পররাষ্ট্র মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC)
৫. প্রশমনমূলক কার্যক্রম গ্রহণ	৫.১। সকল হমকি শ্রেণির প্রকৃত বা সম্ভাব্য জরুরি অবস্থায় স্থানীয় কর্মকর্তাগণের এবং প্রথম সাড়াদানকারীদের তাৎক্ষণিকভাবে বিকিরণ সুরক্ষায় বিশেষজ্ঞ জ্ঞান এবং সেবা দেয়ার ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, NNREMC)
	৫.২। সকল জরুরি প্রস্তুতিমূলক শ্রেণি অনুশীলনের মাধ্যমে অপারেটর-কে জরুরি অবস্থার ফলাফলগুলিকে প্রশমিত করতে সক্ষম মৌলিক নির্দেশাবলি প্রদান করা হয়েছে তা নিশ্চিত করা	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC

প্রধান উপাদান	জরুরি প্রস্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রম	দায়িত্বপ্রাপ্ত সংস্থা
	৫.৩। কোনোও বিপজ্জনক উৎস হারিয়ে যাওয়ার ঘটনায় তাৎক্ষণিক অনুসন্ধান শুরু এবং জনসাধারণকে সচেতন করার ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (জেলা প্রশাসন, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC) অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)
	৫.৪। হুমকির (Threat) তীব্রতা বৃদ্ধি রোধ করতে, স্থাপনাটি নিরাপদ ও স্থিতিশীল অবস্থায় ফিরিয়ে আনতে, তেজস্ক্রিয় পদার্থের ছড়িয়ে পড়া বা এক্সপোজারের (exposure) সম্ভাবনা হ্রাস করার জন্য এবং যে কোনো প্রকৃত ছড়িয়ে পড়া বা এক্সপোজারের প্রভাব প্রশমিত করার জন্য প্রশমনকারী কর্তৃক পদক্ষেপ গ্রহণ করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder))
৬. জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম গ্রহণ	৬.১। প্রাসঙ্গিক আন্তর্জাতিক মানদণ্ড (standard) অনুসারে জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম গ্রহণের জন্য জাতীয় মানদণ্ড গ্রহণ করা	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
	৬.২। সাইটের বাইরে জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম গ্রহণের বিষয়ে কার্যকরভাবে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের ব্যবস্থা করা	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন), NNREMC
	৬.৩। বিকিরণজনিত জরুরি অবস্থায় ঘটনাস্থলে থাকা সকল ব্যক্তির নিরাপত্তা নিশ্চিত করার ব্যবস্থা করা	অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/অনুমোদন প্রাপ্ত ব্যক্তি (Authorization holder)
	৬.৪। শ্রেণি ১ এবং ২ অপারেটর/ পরিচালনাকারীর স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক সহযোগিতা জন্য ব্যবস্থা ও পদ্ধতি প্রণয়ন করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ NNREMC)



প্রধান উপাদান	জরুরি প্রস্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রম	দায়িত্বপ্রাপ্ত সংস্থা
৭. জনগণকে তথ্য সরবরাহ এবং নির্দেশনা ও সতর্কতা প্রদান	৭.১। জরুরি অবস্থার ধরন ঘোষণার ফলে স্থায়ী বাসিন্দা, অস্থায়ী বাসিন্দা এবং বিশেষ জনগোষ্ঠী বা তাদের জন্য দায়বদ্ধ ব্যক্তিদের নিকটে এবং জরুরি অঞ্চলের (Emergency Zone) বিশেষ স্থাপনাগুলিতে তাৎক্ষণিক সতর্কতা এবং নির্দেশনা পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
৮. জরুরি সাড়াদানে নিয়োজিত কর্মীদের রক্ষা	৮.১। নিম্নক্ষেত্রে সুরক্ষা প্রদানের জন্য সমস্ত সম্ভাব্য পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা করা: ১) হমকি শ্রেণি I, II অথবা III এর মধ্যে অথবা সতর্কতামূলক কর্ম অঞ্চলে বা জরুরি সুরক্ষামূলক কর্ম পরিকল্পনা অঞ্চলের মধ্যে জরুরি কর্মীদের; ২) বিকিরণ বিশেষজ্ঞ, বিকিরণ সুরক্ষা কর্মকর্তা, তেজস্ক্রিয়তা মূল্যায়নকারী জরুরি দল এবং চিকিৎসাকর্মী যারা বিকিরণজনিত জরুরি অবস্থায় সাড়াদান করে	অন-সাইট (অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) অফ-সাইট- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC)
৯. প্রাথমিক পর্যায়ে মূল্যায়ন	৯.১। তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় ডিফল্ট অপারেশনাল ইন্টারভেনশনাল লেভেল (OIL) প্রতিষ্ঠা করা	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
১০. চিকিৎসা সাড়াদান ব্যবস্থাপনা	১০.১। বিকিরণজনিত জরুরি অবস্থার আশঙ্কা করা হলে বিকিরণ এক্সপোজারের চিকিৎসার লক্ষণগুলি এবং উপযুক্ত নোটিফিকেশন পদ্ধতি সম্পর্কে জেনারেল প্রাক্টিশনার এবং জরুরি কর্মীদের সচেতন করার ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, NNREMC), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)

প্রধান উপাদান	জরুরি প্রত্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রম	দায়িত্বপ্রাপ্ত সংস্থা
	১০.২। জাতীয় পর্যায়ে, যারা বিকিরণ দ্বারা এক্সপোসড বা দূষিত হয়েছে এমন ব্যক্তিদের প্রাথমিক চিকিৎসা প্রদানের ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, NNREMC), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য অধিদপ্তর), সিভিল সার্জন
	১০.৩। পারমাণবিক ও রেডিওলজিকাল জরুরি অবস্থায় সহায়তা প্রদানের জন্য হাসপাতাল এবং সক্ষম চিকিৎসাকর্মী মনোনয়ন করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য অধিদপ্তর), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
	১০.৪। প্রয়োজনে ওভারএক্সপোজড ব্যক্তিদের চিকিৎসার জন্য আন্তর্জাতিক সহায়তা পাওয়ার ব্যবস্থা এবং পদ্ধতি প্রণয়ন করা।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, NNREMC), পররাষ্ট্র মন্ত্রণালয়
১১. জনসাধারণকে অবহিতকরণ	১১.১। জনগণের কাছে প্রয়োজনীয়, সময়োপযোগী, সঠিক এবং সংগতিপূর্ণ তথ্য সরবরাহ করা, ভুল তথ্য ও গুজবের জবাব দেয়া এবং জনসাধারণ এবং সংবাদ ও তথ্য মাধ্যম কর্তৃক চাহিত তথ্য সরবরাহ করা।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)
১২. কৃষিক্ষেত্রে প্রতিব্যবস্থা (Counter Measures) গ্রহণ, আহার এবং দীর্ঘমেয়াদি	১২.১। কৃষিক্ষেত্রে প্রতিব্যবস্থার (Counter Measures) জন্য জাতীয় মানদণ্ড গ্রহণ করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), কৃষি মন্ত্রণালয় (DAE, BINA)

প্রধান উপাদান	জরুরি প্রত্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রম	দায়িত্বপ্রাপ্ত সংস্থা
সুরক্ষামূলক কর্মের বিপরীতে প্রতিব্যবস্থা (Counter Measures)	১২.২। বিদ্যমান ক্ষমতার ব্যবহারের দিকে মনোনিবেশ করে কার্যকর কৃষি প্রতিরোধ ব্যবস্থা গ্রহণের ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), কৃষি মন্ত্রণালয় (DAE, BINA)
	১২.৩। জনসাধারণকে দূষিত স্থানীয় খাবার গ্রহণ থেকে রক্ষা করতে প্রয়োজনীয় পদক্ষেপগুলি কার্যকর করার ব্যবস্থা এবং পদ্ধতিগুলি প্রণয়ন করা।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
১৩. বিকিরণজনিত জরুরি অবস্থার non-radiological প্রভাব কমানো এবং সাড়াদান	১৩.১। প্রকৃত বা সম্ভাব্য বিকিরণজনিত জরুরি পরিস্থিতিতে জনসাধারণের উদ্বেগে সাড়াদানের ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
১৪. পুনরুদ্ধার কার্যক্রম পরিচালনা	১৪.১। জরুরি পর্যায়ে হতে দীর্ঘকালীন পুনরুদ্ধার কার্যক্রমে উত্তরণের ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সকল সাড়াদানকারী সংস্থাসমূহ)
১৫. অবকাঠামোগত প্রয়োজনীয়তা	১৫.১। জরুরি পরিকল্পনা প্রণয়ন করা যেটা আপদের (hazard) সাথে সামঞ্জস্যপূর্ণ এবং সমস্ত সাড়াদান সংস্থার সাথে সমন্বিত	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC)
	১৫.২। পরিচালনা এবং সাড়াদান সংস্থাগুলির তাদের সাড়াদান কার্য সম্পাদন করার জন্য প্রয়োজনীয় কার্যপ্রণালী প্রণয়ন নিশ্চিত করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC)
	১৫.৩। বিদ্যমান সক্ষমতা ব্যবহারে মনোনিবেশ করে, পর্যাপ্ত সরঞ্জাম, যন্ত্রপাতি, সরবরাহ, উপকরণ, যোগাযোগ ব্যবস্থা, স্থাপনা এবং ডকুমেন্টেশন সরবরাহ করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC), দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় (সকল সাড়াদানকারী সংস্থাসমূহ)

প্রধান উপাদান	জরুরি প্রস্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রম	দায়িত্বপ্রাপ্ত সংস্থা
	১৫.৪। নিম্নলিখিত কার্য সম্পাদন করা হবে এমন স্থাপনাগুলি সনাক্ত করা: অন-সাইট সাড়াদান ক্রিয়াগুলির সমন্বয়, স্থানীয় অফ-সাইট সাড়াদান ক্রিয়াগুলির সমন্বয় (তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং প্রচলিত), জাতীয় সাড়াদান কার্যক্রমের সমন্বয়, জনসাধারণের তথ্যের সমন্বয়, এবং অফ-সাইট পর্যবেক্ষণ এবং মূল্যায়নের সমন্বয়	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ( বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
	১৫.৫। বিদ্যমান সক্ষমতা ব্যবহারে মনোনিবেশ করে কর্মীদের বাছাই এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC) অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সকল সাড়াদানকারী সংস্থা)
	১৫.৬। জরুরি সাড়াদান এর জন্য সম্পাদিতব্য সকল সুনির্দিষ্ট ক্রিয়াকলাপ এবং স্থাপনাসমূহের জরুরি প্রস্তুতিমূলক (Emergency Preparedness Categories) I, II বা III শ্রেণির ঝুঁকির জন্য সকল সাংগঠনিক যোগাযোগ (Interface) ব্যবস্থা এবং IV বা V শ্রেণির হুমকি মোকাবেলার নিমিত্ত জাতীয় স্তরের কর্মসূচির পরীক্ষা নিশ্চিতকরণে সুবিধাজনক বিরতিতে অনুশীলন এবং ড্রিল (drill) পরিচালনা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ( বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন এবং সকল সাড়াদানকারী সংস্থা)

প্রধান উপাদান	জরুরি প্রস্তুতি এবং সাড়াদানমূলক কার্যক্রম	দায়িত্বপ্রাপ্ত সংস্থা
	১৫.৭। বিকিরণজনিত জরুরি অবস্থায় প্রয়োজনীয় সমস্ত সরবরাহ, সরঞ্জাম, যোগাযোগ ব্যবস্থা এবং প্রয়োজনীয় সুবিধাগুলির প্রাপ্তি এবং নির্ভরযোগ্যতা নিশ্চিত করার ব্যবস্থা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
	১৫.৮। কাঠামোর উন্নতি শনাক্তকরণের জন্য অনুশীলন, প্রশিক্ষণ এবং পরীক্ষার ফলাফলের রিপোর্টিংয়ের কাঠামো স্থাপন এবং পরিচালনা করা	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন এবং সকল সাড়াদানকারী সংস্থা)

## ২.৭। পারমাণবিক স্থাপনায় সাড়াদান ব্যবস্থাদি

সম্ভাব্য পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্ঘটনার ফলে জনস্বাস্থ্য, পরিবেশ এবং সম্পত্তির উপর দুর্ঘটনার প্রভাব ও ক্ষতি সুষ্ঠুভাবে মোকাবেলা করার জন্য অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) সমূহের জরুরি প্রস্তুতিমূলক ব্যবস্থা, পরিকল্পনা, প্রতিরোধমূলক এবং প্রতিকারমূলক ব্যবস্থা প্রতিপালন করার সক্ষমতা থাকতে হবে।

পারমাণবিক স্থাপনা অথবা বিকিরণ উৎপাদনকারী স্থাপনা বা তেজস্ক্রিয় পদার্থ পরিবহনকালে প্রতিরোধমূলক ব্যবস্থাদি নেয়ার পাশাপাশি কোনো দুর্ঘটনা বা সংঘটিত কোনো ঘটনার পরিণতি প্রশমন বা দূর করার জন্য অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) দায়বদ্ধ থাকবে।

যদি পারমাণবিক স্থাপনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এমন কোনো তথ্য গ্রহণ করে থাকে বা যে কোনো অনুসন্ধানের ফলে এমন কোনো তথ্য পেয়ে থাকে যে, দেশের যে কোনো স্থানের জনগণ, সম্পত্তি বা পরিবেশ-এ বিকিরণ মাত্রার স্তর বিপজ্জনক অবস্থায় রয়েছে বা বিপজ্জনক হওয়ার সম্ভাবনা রয়েছে এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জনগণ এবং পরিবেশের ঝুঁকি হ্রাস করার জন্য যথাযথ ব্যবস্থা নেয়ার উদ্যোগ নিবে এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহকে অবহিত করবে।

পারমাণবিক স্থাপনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জরুরি প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এবং অন্যান্য জাতীয় সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থাগুলির সহযোগিতা গ্রহণ করতে পারে।

অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)-এর একটি সু-সজ্জিত এবং কার্যকরী অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকবে। পারমাণবিক স্থাপনা ক্যাটাগরি-১-এর ক্ষেত্রে NPCBL এবং ক্যাটাগরি-২-এর ক্ষেত্রে লাইসেন্সপ্রাপ্ত অনুমোদিত স্বত্বাধিকারীর মালিকানায় অন-সাইটে একটি সু-সজ্জিত এবং কার্যকরী অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকবে এবং উক্ত অগ্নি নির্বাপক ব্যবস্থাদির কার্যক্রম অনুমোদিত কর্তৃপক্ষের/পরিচালনাকারীর/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তির (Authorization holder) তত্ত্বাবধানে পরিচালিত হবে। যে কোনো জরুরি অবস্থার ক্ষেত্রে অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) এবং NPCBL সংশ্লিষ্ট সরকারি সংস্থা হতে তাৎক্ষণিকভাবে সহযোগিতা পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে।

পারমাণবিক দুর্ঘটনা সংক্রান্ত ঝুঁকির প্রতিটি হুমকি শ্রেণি (Threat Category) অনুযায়ী সকল পারমাণবিক স্থাপনা, স্থান এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ-এর তালিকা সারণী-৫-এ দেয়া হয়েছে।

**সারণী ৫ :** প্রতিটি হুমকি শ্রেণির (Threat Category) জন্য সুপারিশকৃত স্থাপনা, অবস্থান এবং ঐ সমস্ত স্থাপনার জন্য বাস্তবায়নকারী কর্তৃপক্ষ

স্থাপনা/ অবস্থান	কার্যক্রম	বৈশিষ্ট্য	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪
সমাবেশ স্থল	যে জায়গাগুলিতে স্থাপনার অপরিহার্য নয় এমন কর্মীরা একত্রিত হন; আশ্রয়ের জন্য বা স্থানান্তরের জন্য।	অফ-সাইটে অপরিহার্য নয় (অ- সাড়াদান) এমন কর্মীদের (নির্মাণ শ্রমিক বা অন্যান্য অস্থায়ী কর্মীসহ) জন্য পর্যাপ্ত জায়গাসহ স্থাপনা সুরক্ষা সীমানার মধ্যে অঞ্চলগুলি (এক বা একাধিক)। অবস্থানটি অবশ্যই সহজেই প্রবেশযোগ্য, বিকিরণ ছড়িয়ে পড়া বা এক্সপোজার থেকে সুরক্ষা প্রদান করতে হবে এবং নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণে থাকতে হবে। <b>সক্রিয়করণের সময়:</b> জরুরি অবস্থা ঘোষণার ১৫ মিনিটের মধ্যে।	অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)
সহায়তা কেন্দ্র (অভ্যর্থনা/ পুনর্বাসন কেন্দ্র)	জরুরি অবস্থার সময়ে এবং জরুরি অবস্থার পরে জনসাধারণের সদস্যদের আর্থিক এবং অন্যান্য সহায়তা প্রদান করতে ব্যবহৃত হয়।	জরুরি অবস্থার সময়ে নির্ধারিত স্থানসমূহ যেগুলি আক্রান্তদের পক্ষে সহজেই প্রবেশযোগ্য।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন এবং সরকার কর্তৃক অনুমোদিত অন্যান্য সংস্থা)

১	২	৩	৪
জরুরি নিয়ন্ত্রণ কক্ষ (ECR)	স্থাপনাটির পরিচালনা নিয়ন্ত্রণ, জরুরি অবস্থা শনাক্তকরণ এবং শ্রেণিবিন্যাস এবং সাড়াদান সংস্থাগুলির সক্রিয়করণ। পরিচালনা ব্যতিত অন্যান্য কার্যক্রম যত দূর সম্ভব অন্যান্য স্থাপনাতে স্থানান্তর করা।	জরুরি অবস্থা শনাক্তকরণ এবং শ্রেণিবদ্ধকরণ এবং প্রশমন কর্মগুলি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উপাত্ত প্রাপ্তি; গুরুতর জরুরি পরিস্থিতিতে বাসযোগ্য থাকা; বিকিরণ স্তরগুলির নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণ; এবং অননুমোদিত প্রবেশ প্রতিরোধে নিরাপত্তা বিধান।	অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)
মনোনীত হাসপাতাল	স্থাপনাতে বিকিরণজনিত জরুরি অবস্থার জন্য এক্সপোজড এবং/ বা বিকিরণ-দূষিত মানুষের চিকিৎসা সেবা সরবরাহ করা।	দূষণ নিয়ন্ত্রণ এবং যোগ্য কর্মীদের অংশগ্রহণ বিধান অন্তর্ভুক্ত করার জন্য হমকি শ্রেণি I, II বা III স্থাপনার বিকিরণ-দূষিত / এক্সপোজড কর্মীদের চিকিৎসা করার অগ্রিম বিধানগুলি তৈরি।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (INMAS, NINMAS), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য অধিদপ্তর, সিভিল সার্জন, সরকার কর্তৃক অনুমোদিত ক্লিনিক ও হাসপাতাল)
জরুরি অবস্থা পরিচালনা স্থাপনা (EOF)	অফ-সাইটে সুরক্ষা কার্যক্রম আবশ্যিক হয় এরকম জরুরি অবস্থায় অফ-সাইটে এবং অন-সাইটে সাড়াদান কার্যক্রম সমন্বয় করা। সাধারণত অন-সাইটের সাড়াদান ক্রিয়ার কর্মকর্তাকে পদায়ন করা হয়।	অন-সাইট এবং অফ-সাইট-এ সাড়াদান কার্য সমন্বয় করার সিদ্ধান্তের জন্য প্রয়োজনীয় তথ্যাধিকার; অন-সাইটে এবং অফ-সাইটে সাড়াদান কেন্দ্র এবং সংস্থার মধ্যে নির্ভরযোগ্য যোগাযোগ; বিকিরণ স্তরের নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণ; অননুমোদিত প্রবেশ প্রতিরোধে নিরাপত্তা বিধান। যদি জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম পরিকল্পনা অঞ্চল (UPZ) -এর মধ্যে অবস্থিত থাকে তবে কোনো গুরুতর জরুরি পরিস্থিতিতে বাসযোগ্য থাকার জন্য পর্যাপ্ত সুরক্ষা সরবরাহ করা বা ব্যাকআপ (backup) সরবরাহ করা। <b>সক্রিয়করণের সময়:</b> কোনোও সাইট অঞ্চল বা সাধারণ জরুরি অবস্থা ঘোষণার ১ ঘণ্টার মধ্যে।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ, NNREMC, জেলা প্রশাসন এবং অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)

১	২	৩	৪
স্থাপনা চিকিৎসা সেবা	বিকিরণ-দূষিত শ্রমিক এবং জনসাধারণকে (প্রযোজ্য ক্ষেত্রে) স্থাপনার ভিতরে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা এবং তাদেরকে মনোনীত হাসপাতালে পরিবহণের জন্য প্রস্তুত করা।	প্রতিদিন ২৪ ঘন্টা খোলা থাকবে। পরিবহণের জন্য বিকিরণ-দূষিত ক্ষতিগ্রস্তদের প্রস্তুত করার জন্য শুধুমাত্র প্রাথমিক চিকিৎসা এবং ন্যূনতম বিধানগুলি (যেমন আক্রান্তদের আচ্ছাদন) থাকবে।	অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)
ঘটনা কমান্ড পোস্ট (ICP)	ঘটনা অধিপতি (কমান্ডার) এবং সমন্বিত কমান্ড এবং সহায়ক কর্মীদের অন্যান্য সদস্যদের অবস্থান।	এটি অন্য কোনো জরুরি স্থাপনায় অবস্থিত হতে পারে (যেমন EOF বা EOC)। হমকি শ্রেণি I বা II স্থাপনার জন্য, এটি EOF এর মধ্যেই অবস্থিত হতে পারে। অন্যান্য জরুরি অবস্থায়, এটি এমন কোনোও অঞ্চলে অবস্থান করবে যা সুরক্ষিত, নিরাপদ এবং ক্রিয়াকলাপ পরিচালনার জন্য সুবিধাজনক। <b>সক্রিয়করণের সময়:</b> জরুরি অবস্থা ঘোষণার ১ ঘন্টার মধ্যে।	অন-সাইটের জন্য : অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী এবং অফ-সাইটের জন্য : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
অবহিতকরণ কেন্দ্র (Notification point)	এটি হ'ল সেই স্থাপনা যেখানে প্রকৃত বা সম্ভাব্য বিকিরণজনিত জরুরি অবস্থা সম্পর্কে অবহিত করা হয় এবং যেখান থেকে সাইটের বাইরে যথাযথ সাড়া দান ক্রিয়া শুরু করা হয়।	একটি সুরক্ষিত স্থানে, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহযুক্ত এবং সুরক্ষিত যোগাযোগ ব্যবস্থা স্থানে ক্রমাগত সর্বক্ষণ (প্রতিদিন ২৪ ঘন্টা/সপ্তাহে ৭ দিন) চালিত হওয়া আবশ্যিক। এটি প্রচলিত জরুরি অবস্থার (যেমন, অগ্নিকাণ্ড) প্রজ্ঞাপন গ্রহণ এবং সাইটের বাইরে সাড়া দান ক্রিয়া সূচনা করার জন্য ব্যবহৃত স্থাপনা হবে। যদি জরুরি অঞ্চলগুলির (ইমার্জেন্সি জোন) মধ্যে অবস্থিত থাকে তবে এটি হমকি শ্রেণি I বা II সংশ্লিষ্ট তীব্র জরুরি অবস্থায়ও বাসযোগ্য থাকতে হবে।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)



১	২	৩	৪
পরিচালনা সহায়তা কেন্দ্র (OSC)	স্থাপনার মধ্যে কাজ সম্পাদনকারী কর্মীদের পরিচালনা নিয়ন্ত্রণ (পরিবেশগত পর্যবেক্ষণ, স্বাস্থ্য পদার্থ বিজ্ঞান (Health Physics), ক্ষতি নিয়ন্ত্রণ, এবং ফায়ার ফাইটিং) সাইটের বাইরে থেকে সাড়াদানকারী ব্যক্তিদের সমন্বয় এবং স্বাস্থ্য পদার্থবিজ্ঞান (Health Physics) সহায়তা প্রদান।	স্থাপনার সুরক্ষা সীমানার মধ্যে; কেন্দ্রীয় রুমের সাথে সুরক্ষিত/নির্ভরযোগ্য যোগাযোগ, স্থাপনার মধ্যে থাকা দলগুলির সাথে এবং অফ সাইটে থাকা সাড়াদানকারীদের সাথে (যেমন ফায়ার ব্রিগেড); দলগুলিকে একত্রিত, সজ্জিত এবং প্রস্তুত করার জন্য পর্যাপ্ত জায়গা; এমন একটি স্থান যা জরুরি অবস্থার মধ্যে সম্ভবত বাসযোগ্য থাকবে, বিকিরণ স্তরের নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণ; সাড়াদানকারী দলগুলোর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, সরঞ্জাম এবং সুরক্ষামূলক পোশাক সর্বদা প্রাপ্তি। <b>সক্রিয়করণের সময়:</b> যে কোনো জরুরি অবস্থা ঘোষণার ৩০ মিনিটের মধ্যে	অন-সাইট: অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) অফ-সাইট: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, NNREMC), দুর্ঘটনা ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
পাবলিক তথ্য কেন্দ্র (PIC)	স্থানীয় সরকার এবং জাতীয় সরকার কর্তৃক স্থাপনার জরুরি অবস্থা সম্পর্কিত মিডিয়ায় প্রকাশিত সমস্ত তথ্যের সমন্বয়। এ সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রতিনিধি দ্বারা PIC পরিচালিত হবে।	জরুরি অবস্থার আশেপাশে অবস্থিত এবং সংবাদ মাধ্যমকে সহায়তা এবং ব্রিফিং করার জন্য পর্যাপ্ত স্থান ও অবকাঠামো সম্বলিত। হমকি শ্রেণি I এর জন্য, এটি জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম পরিকল্পনা অঞ্চল (UPZ)-এর বাইরে একটি পূর্বনির্ধারিত স্থাপনা। <b>সক্রিয়করণের সময়:</b> পারমাণবিক স্থাপনার প্রয়োজনে জরুরি অবস্থা ঘোষণার ৪ ঘন্টার মধ্যে।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC)
তেজস্ক্রিয়তা সংক্রান্ত পর্যবেক্ষণ এবং মূল্যায়ন কেন্দ্র (RMAC)	সমস্ত সাড়াদান সংস্থার (সরকার, স্থানীয় সরকার, নিউক্লিয়ার স্থাপনা) দ্বারা প্রদত্ত তেজস্ক্রিয়তা সংক্রান্ত পর্যবেক্ষণ, স্যাম্পলিং এবং মূল্যায়নের সমন্বয়	তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং পরিচালনা বিবেচনার ভিত্তিতে জরুরি অবস্থার সময় স্থানটি চিহ্নিত করা হয়। <b>সক্রিয়করণের সময়:</b> পারমাণবিক স্থাপনার প্রয়োজনে জরুরি অবস্থা ঘোষণার ২৪ ঘন্টার মধ্যে।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, NNREMC)

১	২	৩	৪
রেফারেল হাসপাতাল	এক্সপোজড/বা বিকিরণ-দূষিত লোককে উচ্চতর বিশেষায়িত চিকিৎসা প্রদান। তাছাড়াও তেজস্ক্রিয়তাজনিত জরুরি অবস্থার ফলে আহত ব্যক্তিদের জন্যও চিকিৎসা প্রদান।	তেজস্ক্রিয়াজনিত আঘাতের চিকিৎসার (হেম্যাটোলজি, সার্জারি) বিশেষায়িত হাসপাতাল। যদি দেশে এইরকম কোনোও হাসপাতাল না থাকে, জাতীয় কনভেনশনের অধীনে IAEA বা WHO-এর মাধ্যমে এই জাতীয় সুবিধাযুক্ত জায়গায় চিকিৎসার অনুরোধের জন্য জাতীয় ব্যবস্থা থাকতে হবে।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (INMAS, NINMAS), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য অধিদপ্তর, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (IEDCR), সিভিল সার্জন, অনুমোদিত ক্লিনিক ও হাসপাতাল)
অন্যত্র সরানো/ Reception center	প্রাথমিক অভ্যর্থনা, তদারকি, বিকিরণ-মুক্তকরণ এবং স্থানান্তরিত জনগণের নিবন্ধনকরণের জন্য স্থান। যা মানবিক সহায়তা (যেমন খাদ্য, আবাসন) প্রদান করে বা ব্যবস্থা করে	একটি বিদ্যমান স্থাপনায় অবস্থিত (যেমন স্কুল)। হুমকি শ্রেণি I এবং II এর জন্য এটি জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম পরিকল্পনা অঞ্চল (UPZ) সীমানার বাইরে হওয়া উচিত।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য অধিদপ্তর, সিভিল সার্জন), অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)
জরুরি কার্যক্রম পরিচালন কেন্দ্র (EOC)	বিভিন্ন সাড়াদান সংস্থাগুলি কর্তৃক প্রতিষ্ঠিত স্থাপনা যা থেকে সাড়াদান কাজে প্রতিষ্ঠানের সহায়তাসমূহ পরিচালনা করা হয়। নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, তেজস্ক্রিয়তা সংক্রান্ত বা প্রচলিত সাড়াদানের জন্য	ICS সাড়াদানের সাথে কার্যকর সমন্বয়ের জন্য বিধান।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সকল সাড়াদানকারী সংস্থা), অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)

১	২	৩	৪
	দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার, সাড়াদানকারী সংস্থাসমূহ কর্তৃক প্রতিষ্ঠিত স্থাপনাসমূহের সদর দফতরসমূহ, দক্ষতা সম্বলিত জাতীয় পরীক্ষাগার, তেজস্ক্রিয়তা সংক্রান্ত যাচাইকরণের ভিত্তিতে সাড়াদান সংস্থার সমন্বয়ে একটি EOC গঠন করতে হবে।		
সম্পদ জমাকারী অঞ্চল (Staging Area)	জরুরি অবস্থার আশেপাশে পৌঁছানোর সাথে সাথে অতিরিক্ত সম্পদ সংগ্রহ এবং সংগঠিত করার জন্য ব্যবহৃত স্থান।	জরুরি অবস্থার সময় স্থানটি চিহ্নিত করা হয়। এমন স্থানে থাকা উচিত যা বাসযোগ্য থাকবে, অন্যান্য চলমান সাড়াদান ক্রিয়ায় বিঘ্ন সৃষ্টি করবে না এবং সুরক্ষিত করা যায়।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (NNREMC), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন)
কারিগরি সহায়তা কেন্দ্র (TSC)	জরুরি অবস্থার পরিণতি প্রশমন করতে নিয়ন্ত্রণ কক্ষ চালনাকারীগণ কর্তৃক কারিগরি সহায়তা প্রদান।	নিয়ন্ত্রণ কক্ষ এবং কারিগরি সহায়তার জন্য বাইরের উৎসের সাথে সুরক্ষিত/নির্ভরযোগ্য যোগাযোগ; গুরুতর জরুরি অবস্থা মোকাবেলা করতে কৌশল প্রণয়নের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ কেন্দ্রের তথ্য ও উপাত্ত এবং সরঞ্জামগুলি ব্যবহারের অধিকার প্রদান। যদি সরঞ্জামগুলি পারমাণবিক স্থাপনার অভ্যন্তরে অবস্থিত থাকে তবে গুরুতর জরুরি অবস্থার অধীনে পরিচালনা করার জন্য এটি অবশ্যই সুরক্ষিত থাকতে হবে। <b>সক্রিয়করণের সময় :</b> জরুরি ঘোষণার এক (০১) ঘন্টার মধ্যে।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, (NNREMC), অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)

১	২	৩	৪
প্রয়োজনের উপর ভিত্তি করে আহতদের বাছাই করার স্থান (Triage Area)	চিকিৎসা এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত প্রয়োজনের উপর ভিত্তি করে বাছাই সম্পাদন করার স্থান, প্রাথমিক চিকিৎসা প্রদান এবং আক্রান্তদের পরিবহণের জন্য প্রস্তুতকৃত স্থান।	জরুরি অবস্থার সময়ে চিহ্নিত স্থান। ঘটনাস্থলের নিকটে চিকিৎসার জন্য পরিবহণের প্রবেশ সুবিধাসহ স্থানটি নিরাপদ এবং সুরক্ষিত স্থানে হতে হবে।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (জেলা প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য অধিদপ্তর, সিভিল সার্জন, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (IEDCR), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, (NNREMC)
সতর্কতা পয়েন্ট	একটি সক্ষম স্থাপনা যেটি সর্বদা সতর্ক/সজাগ থাকে; যেখানে আগত বিজ্ঞপ্তি, সতর্কবার্তা, সহায়তার জন্য অনুরোধ বা IAEA-এর কাছ থেকে যাচাইয়ের জন্য প্রেরিত বার্তার তাৎক্ষণিকভাবে সাড়া প্রদান করা যায় এবং যে স্থানের মাধ্যমে IAEA কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হয়।	সতর্কতা পয়েন্টটি নিরবচ্ছিন্ন (২৪ ঘন্টা/প্রতিদিন /৭ দিন/সপ্তাহ) চলমান থাকবে। সতর্কতা পয়েন্টটি হবে এমন একটি সুরক্ষিত স্থান যা নিরবচ্ছিন্ন চলমান থাকবে; যেখানে বাড়তি বিদ্যুৎ সুবিধা, সুরক্ষিত যোগাযোগ ব্যবস্থা এবং ইংরেজীভাষীগণ অবস্থান করবেন। এই স্থানে ফ্যাক্স/ফোন/ইন্টারনেট সুবিধাসহ যোগাযোগের অন্যান্য সকল সুবিধা সংরক্ষিত ও চালু থাকবে। IAEA-এর কাছ থেকে Notification পাওয়ার জন্য ফ্যাক্স/ফোন/ইন্টারনেট ইত্যাদি যোগাযোগ মাধ্যমগুলি ঘন ঘন তদারকি ও নজরদারি করতে হবে।	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (NNREMC), পররাষ্ট্র মন্ত্রণালয়

### ২.৮। সাড়াদান প্রক্রিয়ায় যোগাযোগ কার্যক্রম

পারমাণবিক স্থাপনায় প্রতিদিনের কার্যক্রমে এবং জরুরি অবস্থাকালে স্থাপনার বাইরে এ সম্পর্কিত যোগাযোগ এবং সময়মত জনগণ এবং স্থাপনার আশে-পাশের মানুষদের সতর্ক করার জন্য সকল পারমাণবিক এবং বিকিরণ উৎপাদনকারী স্থাপনাসমূহের যোগাযোগ এবং পূর্বাভাষের জন্য প্রয়োজনীয় স্থাপনা বা সুবিধাদি নির্ভরযোগ্য এবং স্থিতিশীল অপারেশন নিয়ন্ত্রণ করার জন্য প্রতিষ্ঠা করা হয়।

**২.৮.১। পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরীণ যোগাযোগ কার্যক্রম**

পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরীণ যোগাযোগ ও প্রয়োজনীয় বার্তা প্রদানের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থাদি নিশ্চিত করা প্রয়োজন:

- ✓ অপারেশনাল কাজে উচ্চস্বরে যোগাযোগ করার জন্য সরাসরি যোগাযোগ সুবিধাদিসহ অপারেশনাল টেলিফোন (operational telephone), উচ্চস্বরে কথা বলার জন্য দ্বি-মুখী ব্যবস্থা (উভয়মুখী) এবং টেলিফোন যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে হবে।
- ✓ কোনো ধরনের বার্তা প্রেরণ এবং কর্মীদের অনুসন্ধান কার্যক্রমের জন্য কর্মীদের গলার শব্দ এবং স্বর ওয়ান ওয়ে লাউড স্পিকিং কমান্ড (one-way loud speaking command) এবং সার্চ কমিউনিকেশন (search communication)-এর ব্যবহার করতে হবে।
- ✓ অপারেশনাল যোগাযোগের প্রমাণ রাখার ক্ষেত্রে অপারেশনাল কর্মীদের যোগাযোগ কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে রেকর্ড (Sound recording) হওয়ার বিষয়াদি থাকতে হবে।
- ✓ রেডিও-এর মাধ্যমে যোগাযোগের ক্ষেত্রে রেডিও-টেলিফোন কমিউনিকেশন (radio telephone communication) ব্যবহার করতে হবে।
- ✓ রেডিও-টেলিফোন পদ্ধতি পরিচালনার জন্য ওয়্যারলেস, মাইক্রো-সেলুলার যোগাযোগ ব্যবস্থা ব্যবহার করতে হবে।
- ✓ পারমাণবিক চুল্লি স্থাপনা এলাকায় প্রসেস মনিটরিং পদ্ধতির (process monitoring system) জন্য চুল্লির কন্টেনমেন্ট এলাকার যন্ত্রপাতি এবং প্রসেস যন্ত্রপাতির (process equipment) টিভি মনিটরিং (TV monitoring) এর পদ্ধতি ব্যবহার করতে হবে।
- ✓ কর্মীদের ক্রিয়াকলাপের ভিডিও-রেকর্ডিং পদ্ধতিতে মূল নিয়ন্ত্রণ কক্ষ (MCR) এবং জরুরি নিয়ন্ত্রণ কক্ষের (ECR) অপারেটিং কর্মীদের ক্রিয়াকলাপ স্বয়ংক্রিয় অডিও ও ভিডিও রেকর্ডিং-এর ব্যবস্থা করতে হবে।


**২.৮.২। পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের বহিঃযোগাযোগ (external communication) কার্যক্রম**

পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের বহিঃযোগাযোগ ও প্রয়োজনীয় বার্তা প্রদানের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থাদি নিশ্চিত করা প্রয়োজন :

- ✓ দুইটি মিউচুয়েলি রিডানডেন্ট এসডিএইচ মাল্টিপ্লেক্সার পেয়ারস (operational and backup) mutually redundant SDH multiplexer pairs (operational and backup)-এর উপর ভিত্তি করে এক্সটারনাল কমিউনিকেশন ট্রান্সপোর্ট নেটওয়ার্ক (external communication transport network) স্থাপন।
- ✓ পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে ঢাকা পর্যন্ত পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সাথে সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে (বাংলাদেশ সরকারের মন্ত্রণালয়সমূহ, জাতীয় পারমাণবিক ও রেডিওলজিকাল দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC), সংস্থাসমূহ এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ) একটি পৃথক ডেডিকেটেড নেটওয়ার্ক (dedicated network) স্থাপন।

- ✓ পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য রিজার্ভড ফ্রিকোয়েন্সিসহ ট্রাংক রেডিও সিস্টেম (Trunk radio system with reserved frequencies) বরাদ্দ থাকতে হবে।
- ✓ রিজার্ভড ফ্রিকোয়েন্সিস ফর পাবলিক অ্যাড্রেসিং সিস্টেম রেডিও লিংক (Reserved frequencies for public addressing system radio link) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য বরাদ্দ থাকতে হবে।
- ✓ স্যাটেলাইট টেলিফোন সংযোগ পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য দেয়া যেতে পারে।

চিত্র-৩-এ পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের অফ-সাইট স্কিমাটিক কমিউনিকেশন স্কিম (offsite schematic communication scheme) দেখানো হয়েছে:



চিত্র-৩: অফ-সাইট স্কিমাটিক কমিউনিকেশন স্কিম (offsite schematic communication scheme)

## ২.৯। অপারেশন পরিচালনার ধারণা :

### ২.৯.১ জরুরি প্রস্তুতির শ্রেণি ১ এবং ২-এর অন্তর্ভুক্ত স্থাপনার ক্ষেত্রে অপারেশন পরিচালনার ধারণা

ক্রিটিক্যালিটি বা নির্গমনের পরপরই অথবা আগে স্থাপনার অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) পূর্ব নির্ধারিত ইমার্জেন্সি অ্যাকশন লেভেলের (EAL) উপর ভিত্তি করে সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করবে (সংযুক্তি ৩, সেকশন ৩.১)। জরুরি অবস্থা ঘোষণার পর, পারমাণবিক স্থাপনার অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি

(Authorization holder) সতর্কতামূলক কার্যক্রম অঞ্চল (PAZ), জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম পরিকল্পনা অঞ্চল (UPZ) এবং পর্যবেক্ষণ এলাকার মধ্যে খাদ্য শৃঙ্খলা রক্ষা এবং পানি সরবরাহ নিশ্চিতকরণের জন্য (খাদ্য নিষিদ্ধকরণ পরিকল্পনা ব্যাসার্ধ) (অন্য দেশের অধিক্ষেত্রসহ) দায়িত্বপ্রাপ্ত সংস্থাকে (Notification point) এবং জাতীয় কর্তৃপক্ষকে (বাপশনিক/NNREMC) অবহিত করবে। জরুরি অবস্থা ঘোষণার ১৫ মিনিটের মধ্যে স্থাপনা পরিচালনাকারী অফ-সাইটের কর্মকর্তাগণকে (NNREMC/বাপশনিক) অবহিত করবে যে, সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া, স্থাপনা পরিচালনাকারী নিগমন বা exposure প্রতিরোধে সম্ভাব্য সকল ধরনের পদক্ষেপ এবং অন্যান্য আশু পদক্ষেপ গ্রহণ করবে। পারমাণবিক স্থাপনার অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/ অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) কর্তৃক অনুরোধ করা হলে স্থানীয় প্রশাসন/ কর্মকর্তারা সাইটে পুলিশ, অগ্নিনির্বাপক এবং চিকিৎসা সহায়তা প্রদান করবে এবং জনগণের সুরক্ষার নিমিত্ত সুপারিশমালা অনুযায়ী জনগণের সুরক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। সাধারণ জরুরি অবস্থার বিষয়ে অবগত হওয়ার এক ঘন্টার মধ্যে তারা সতর্কতামূলক কার্যক্রম অঞ্চল (PAZ) এবং জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম পরিকল্পনা অঞ্চল (UPZ) জনগণকে সতর্কতা জানাবে (উদাহরণ স্বরূপ সাইরেনসহ) এবং তাদের বিভিন্ন করণীয় সম্পর্কে অবগত করবে (যেমন-বেতার বার্তার মাধ্যমে)।

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় জনগণের সুরক্ষার জন্য যেসব নির্দেশনা অগ্রিম দেয়া হয়েছিল, সে আলোকে জনগণ দ্রুততার সাথে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (সংযুক্তি-৪)। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (বাপশনিক/NNREMC) IAEA এবং যে সকল অঞ্চল/ এলাকায় যেখানে সতর্কতামূলক খাদ্য নিষেধাজ্ঞা আবশ্যিক সে সকল স্থানে অবহিত করবে। অফ সাইটের কর্মকর্তাগণের (বাপশনিক/NNREMC) দ্বারা নিষেধাজ্ঞার অব্যাহতি না হওয়া পর্যন্ত অতিরিক্ত সুরক্ষামূলক পদক্ষেপ প্রয়োজন কি-না তা নির্ধারণ করতে পারমাণবিক স্থাপনার কর্মী দ্রুত সতর্কতামূলক কার্যক্রম অঞ্চল (PAZ) এবং জরুরি প্রতিরক্ষামূলক কার্যক্রম পরিকল্পনা অঞ্চল (UPZ) পর্যবেক্ষণ করবে। নিগমন বা criticality-এর পরে OIL অনুসারে কর্মকর্তারা (বাপশনিক/NNREMC) অবিলম্বে পরিবেশের তথ্য মূল্যায়ন এবং নির্ধারণ করবেন, এবং অতিরিক্ত সুরক্ষামূলক পদক্ষেপ আবশ্যিক কিনা তা নির্ধারণ করবেন (সংযুক্তি ৩, সেকশন ৩.২)। স্থাপনা পরিচালনাকারী নিশ্চিত করবে যে, অন সাইটের জনসাধারণ সম্ভাব্য সকল আপদ থেকে সুরক্ষিত। সাইটের যে সকল জনসাধারণ পূর্বে নির্ধারিত নির্ণায়কের চেয়ে বেশি কন্টামিনেটেড (contaminated) বা বিকিরিত হয়েছে তাঁদের স্থানীয় হাসপাতালে স্থানান্তরিত করে কার্যপ্রণালী (standard procedure) অনুসারে চিকিৎসা প্রদান করতে হবে। যে চিকিৎসকগণ বিকিরিত ব্যক্তিদের চিকিৎসা করবেন তাঁরা সিভিয়ার ওভার এক্সপোজারের (severe over exposure) বিষয়ে অভিজ্ঞ চিকিৎসকগণের সাথে পরামর্শ করবেন। বিকিরিত ব্যক্তিদের বিশেষায়িত চিকিৎসা প্রাপ্তিতে জাতীয় কর্মকর্তাগণ (সুপারিশকৃত হাসপাতাল বা NNREMC) স্থানীয় কর্মকর্তাগণকে সহায়তা প্রদান করবেন এবং প্রয়োজনে IAEA-এর মাধ্যমে বিশেষ চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করবেন।

অতিরিক্ত বিকিরিত (over exposed) জনসাধারণ এবং অন-সাইটের কর্মীদের চিকিৎসার স্তর নির্ধারণ এবং হতাহতের স্ক্রিনিং (screening) করার জন্য স্থানান্তর এলাকার বাইরে ২৪ ঘন্টার মধ্যে ট্রায়েজ সেন্টার (Triage centre) স্থাপন করতে হবে। যে সকল জনসাধারণ পূর্বে নির্ধারিত নির্ণায়কের

চেয়ে বেশি contaminated/সংক্রামিত/দূষিত বা over exposed হয় তাঁদের আক্রান্ত এলাকার বাইরে পূর্বে নির্ধারিত এবং প্রস্তুতকৃত হাসপাতালে হস্তান্তর করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তারা (বাপশনিক/NNREMC) স্থানীয় কর্মকর্তাগণের সহায়তা করবে, সাইটের বাইরে থেকে পর্যবেক্ষণ পরিচালনা করবে এবং দীর্ঘমেয়াদি সুরক্ষামূলক কার্যক্রম সমন্বয় করবে। জনসাধারণকে সতর্কতা (সাইটের মাধ্যমে) প্রদানের পরপরই একজন সরকারি মুখপাত্র গণমাধ্যমকে বিবৃতি প্রদান করবেন। পর্যায়ক্রমে অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder), স্থানীয় এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অংশগ্রহণের মাধ্যমে সম্মিলিত বিবৃতি প্রদান করা হবে (সম্মিলিত Public Information Centre এর মাধ্যমে)। জরুরি অবস্থার কারণে জনসাধারণের মধ্য থেকে বিকিরণ প্রাপ্তদের ব্যক্তিগত তথ্য রেজিস্টারভুক্ত করতে হবে। যারা রেজিস্টারভুক্ত থাকবেন তাঁরা প্রত্যেকে তাঁদের স্বাস্থ্য ঝুঁকি সম্পর্কে তথ্য পাবেন এবং দীর্ঘমেয়াদে মেডিকেল স্ক্রিনিং এর আওতায় থাকবেন যাতে তাঁদের মধ্যে যদি ক্যান্সারের উপসর্গ দেখা দেয় তা নিরূপণ ও চিকিৎসা করা সম্ভব হয়। দীর্ঘমেয়াদি পরিকল্পনায় আন্তর্জাতিক মানদণ্ড, সামাজিক প্রেক্ষাপট, মনস্তাত্ত্বিক এবং অর্থনৈতিক বিষয়াদি বিবেচনায় নিয়ে সতর্কতার সাথে কর্মসূচি প্রণয়ন করতে হবে। ক্ষতিপূরণের কার্যপদ্ধতি সতর্কতার সাথে বিবেচনায় নিতে হবে এবং তাৎপর্যপূর্ণ বাস্তবতার নিরিখে লক্ষ্যবস্তু স্থির করতে হবে।

### ২.৯.২. জরুরি প্রস্তুতির শ্রেণি ৩-এর অন্তর্ভুক্ত স্থাপনার ক্ষেত্রে

#### অপারেশনের ধারণা

সাড়াদানের লক্ষ্য হলো অনসাইটে অবিলম্বে পদক্ষেপ বাস্তবায়ন, দ্রুত অফ-সাইটে অগ্নিনির্বাপক, পুলিশ এবং চিকিৎসা সহায়তা প্রদান এবং জনগণকে অবহিতকরণে মনোনিবেশ করা। স্থাপনার কর্মী (অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder)) পূর্ব-নির্ধারিত EAL (সংযুক্তি ৩, সেকশন ৩.১) এর উপর ভিত্তি করে স্থাপনার জরুরি অবস্থা ঘোষণা করবে এবং স্থানীয় অফ-সাইট কর্মকর্তাগণের অবগত করবে। এই সকল কর্মকর্তাগণের (অফ-সাইট) অনুরোধের প্রেক্ষিতে সাইটে পুলিশ, অগ্নিনির্বাপক এবং চিকিৎসা সহায়তা প্রেরণ করবে। অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) অন-সাইটে সকল ব্যক্তিকে (অফ-সাইট থেকে যারা সাড়াদানে নিয়োজিত তাদেরসহ) যথাযথ সুরক্ষা প্রদান নিশ্চিত করবে। গুরুতর ওভার এক্সপোজারের ক্ষেত্রে ডোজ পুনঃনির্ধারণের সুবিধার্থে স্থাপনা কর্মী পরিস্থিতি সংক্রান্ত এবং অন্যান্য তথ্য সংগ্রহ করবে। অতিমাত্রায় কন্টামিনেটেড/সংক্রামিত/দূষিত অথবা অতিরিক্ত এক্সপোজড ব্যক্তিদের পূর্বে নির্ধারিত জেনেরিক মানদণ্ডের (সারণী-৭ এবং সারণী-৮) ভিত্তিতে চিহ্নিত করে স্থানীয় হাসপাতালে স্থানান্তরিত করা হবে এবং তাঁরা যথাযথ কার্যপ্রণালী অনুসারে চিকিৎসা প্রাপ্ত হবেন। যে চিকিৎসকগণ বিকিরিত (exposed) ব্যক্তিদের চিকিৎসা করবেন তাঁরা সিভিয়ার ওভার এক্সপোজারের (severe over exposure) উপর অভিজ্ঞ চিকিৎসকগণের সাথে পরামর্শ করবেন।

বিকিরিত ব্যক্তিদের বিশেষায়িত চিকিৎসা প্রাপ্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (NNREMC/BAEC/DGHS) প্রয়োজন হলে IAEA-এর মাধ্যমে স্থানীয় কর্মকর্তাগণকে সহায়তা এবং সাহায্য প্রদান করবে। স্থাপনা কর্মী অনতিবিলম্বে পরিবেশগত পর্যবেক্ষণ করবে এবং Default OIL-এর ভিত্তিতে নিশ্চয়তা প্রদান করবে যে অফ-সাইটে সুরক্ষা পদক্ষেপ প্রয়োজন আছে কিনা এবং স্থাপনা ত্যাগকারী সকল ব্যক্তি এবং বস্তু অগ্রহণযোগ্য মাত্রায় কন্টামিনেটেড হয় নাই। স্থানীয় এবং জাতীয় কর্মকর্তাগণ



অতিদূত জনসাধারণ এবং গণমাধ্যমকে জরুরি অবস্থার বিষয়টি অবগত করবেন। জনসাধারণকে অবগতকরণের পরপরই একজন সরকারি মুখপাত্র গণমাধ্যমে বিবৃতি প্রদান করবেন। পর্যায়ক্রমে অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder), স্থানীয় এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অংশগ্রহণের মাধ্যমে যৌথ বিবৃতি প্রদান করা হবে (সম্মিলিত Public Information Centre এর মাধ্যমে)।

### ২.৯.৩ জরুরি প্রস্তুতিমূলক শ্রেণি ৪-এর অন্তর্ভুক্ত স্থাপনার ক্ষেত্রে

#### অপারেশনের ধারণা

এই জাতীয় জরুরি অবস্থার ক্ষেত্রে, স্থানীয় পর্যায়ে সম্ভাব্য তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা সনাক্তকরণ (যেমন-বিকিরণ স্তর এবং রেডিয়েশন এক্সপোজারের উপসর্গ সনাক্তকরণ), প্রাথমিক সতর্কতামূলক কার্যক্রম সম্পর্কে পরিচিত হওয়া এবং অধিকতর সহায়তা গ্রহণের জন্য যাদেরকে জানাতে হবে সে ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে প্রয়োজ্য পরিকল্পনা গ্রহণ করতে হবে। স্থানীয় কর্মকর্তাগণের জরুরি অবস্থার তেজস্ক্রিয়তা সংক্রান্ত বিষয়সমূহ ব্যবস্থাপনার ক্ষেত্রে জাতীয় পর্যায়ের (বাপশনিক/NNREMC) সহযোগিতা প্রয়োজন হতে পারে। জনসাধারণ বা গণমাধ্যমের চাহিদার প্রেক্ষিতে একজন সরকারি মুখপাত্রের মাধ্যমে গণমাধ্যমে তাৎক্ষণিকভাবে বিবৃতি প্রদান করতে হবে।

জাতীয় পর্যায়ে প্রস্তুতিমূলক কর্মসূচিতে আন্তর্জাতিক নির্ণায়কের ভিত্তিতে তাৎক্ষণিক পরামর্শ প্রদানের সক্ষমতা থাকতে হবে (যেমন-টেলিফোনের মাধ্যমে) এবং স্থানীয় কর্মকর্তাগণকে সীমিত পর্যায়ের বিকিরণজনিত জরুরি অবস্থা নিয়ন্ত্রণে সাহায্য প্রদানের বিষয় অন্তর্ভুক্ত করতে হবে। এই সক্ষমতা যদি অপরিপূর্ণ হয় তাহলে আন্তর্জাতিক সাহায্য আহ্বান করার বিধান থাকতে হবে।

### ২.৯.৪ জরুরি প্রস্তুতিমূলক শ্রেণি ৫-এর অন্তর্ভুক্ত স্থাপনার ক্ষেত্রে

#### অপারেশনের ধারণা

যে রাষ্ট্রে জরুরিবস্থা উদ্ভব হয়েছে সেটি সম্ভাব্য আক্রান্ত হওয়া রাষ্ট্র এবং IAEA কে সম্ভাব্য আন্তঃসীমান্ত নির্গমন (General Emergency) সম্পর্কে অবগত করবে। খাদ্য সরবরাহ সুরক্ষিত করতে জাতীয় পর্যায়ের কর্মকর্তাগণ (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক/NNREMC)) জনসাধারণ এবং কৃষককে করণীয় ব্যবস্থার উপর নির্দেশনা প্রদান করবে। এছাড়া কি ধরনের খাদ্য নিয়ন্ত্রণ করা আবশ্যিক তা নির্ধারণে তাঁরা পর্যবেক্ষণ ও নমুনা সংগ্রহ পরিচালনা করবে। নিয়ন্ত্রণকরণের সিদ্ধান্তের ভিত্তি হলো পূর্বে নির্ধারণকৃত OIL যা স্থানীয় পরিস্থিতি যেমন- সীমিত খাদ্য সরবরাহ বিবেচনায় নিয়ে করা হবে। যে নির্ণায়কগুলো ব্যবহৃত হবে তা আন্তর্জাতিক নির্দেশিকার সাথে সামঞ্জস্যপূর্ণ এবং পার্শ্ববর্তী রাষ্ট্রের সাথে সমন্বিত পন্থায় হতে হবে।

### ৩. জরুরি সাড়াদান পদ্ধতি

#### ৩.১ অবহিতকরণ বিজ্ঞপ্তি, সক্রিয়করণ, নিয়োজন, পুনরুদ্ধার ও সাড়াদান সমাপ্তকরণ

##### ৩.১.১ অবহিতকরণ বিজ্ঞপ্তি

পারমাণবিক স্থাপনা বা এর বিকিরণ স্থাপনার অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder) পারমাণবিক এবং এর বিকিরণজনিত দুর্যোগের বিষয়ে প্রথমে

অবগত হবে এবং উক্ত কর্তৃপক্ষ জাতীয় পর্যায়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও NNREMC-কে অবহিত করবে এবং প্রয়োজনবোধে স্থানীয়/ আঞ্চলিক ও উপ-আঞ্চলিক এবং জাতীয় পর্যায়েও জরুরি অবস্থার বিষয়ে সম্ভাব্য ইলেকট্রনিক প্রযুক্তির মাধ্যমে তাৎক্ষণিক সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রেরণ করবে। BAERA/NNREMC, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক) ও IAEA-সহ সকল সাড়াদান সংস্থাকে অবহিত করবে। পারমাণবিক স্থাপনা বা বিকিরণ স্থাপনার অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী কার্যব্যবস্থা গ্রহণের জন্য চুক্তিবদ্ধ উপযুক্ত সরকারি সংস্থার সহযোগিতা (পুলিশ, অগ্নিনির্বাপক দল ইত্যাদি) আহবান করবে। গ্রহণ করতে পারেন। অবহিতকরণ বিজ্ঞপ্তিতে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ থাকতে হবে:

- (ক) দুর্ঘটনার সূত্র, দুর্ঘটনাস্থলের বিবরণ এবং দুর্ঘটনার প্রকৃতি;
- (খ) দুর্ঘটনার তীব্রতা বিষয়ক নিরীক্ষা;
- (গ) স্থাপনা বহির্ভূত (অফ-সাইট) অঞ্চলের সম্ভাব্য ও প্রকৃত প্রভাব;
- (ঘ) প্রাথমিক প্রতিকারমূলক অন্যান্য কার্যব্যবস্থা;
- (ঙ) ফলো-আপ কার্যক্রম।

### ৩.১.২. সক্রিয়করণ

জরুরি পরিস্থিতির বিজ্ঞপ্তি পাওয়ামাত্র প্রতিটি অংশগ্রহণকারী প্রতিষ্ঠান অবহিতকরণ বিজ্ঞপ্তি যাচাই করবে এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত পরিস্থিতি অনুসারে কার্যব্যবস্থা গ্রহণের জন্য তৎপর হবে। জরুরি/ দুর্ঘটনা সংক্রান্ত বিজ্ঞপ্তি সম্পর্কে অবহিত হওয়ার পর সরকার কর্তৃক জরুরি/দুর্যোগ পরিস্থিতির গুরুত্ব ও পরিস্থিতি বিবেচনান্তে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবে:

- (ক) সংশ্লিষ্ট প্রাতিষ্ঠানিক অঙ্গ / বিভাগসমূহকে সতর্কীকরণ এবং সক্রিয়করণ;
- (খ) প্রাতিষ্ঠানিক সাড়াদান প্রদানকারী দলসমূহকে সক্রিয়করণ এবং তাদের দুর্যোগস্থলে নিয়োজন;
- (গ) জরুরি অবস্থা ব্যবস্থাপনার নিমিত্ত বিভিন্ন সাড়াদান প্রদানকারী দল কর্তৃক পারমাণবিক বা এর বিকিরণজনিত দুর্ঘটনাস্থলে (দুর্ঘটনা প্রতিকারের উদ্দেশ্যে) কার্যক্রমকালীন ঘাঁটি স্থাপন, যাতে সাড়াদান ব্যবস্থা সু-সংগঠিত, সমন্বিত এবং যথোপযুক্ত হয়;
- (ঘ) সহযোগিতার প্রয়োজন আছে কিনা এবং স্থানীয় ও আঞ্চলিক কর্তৃপক্ষের সহযোগিতার প্রয়োজন রয়েছে কিনা, তা জাতীয় পর্যায়ে কর্তৃক নির্ধারণ।

### ৩.১.৩. নিয়োজন/মোতায়েন

কোনো কোনো জরুরি পরিস্থিতিতে পূর্ণাঙ্গ সাড়াদানমূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজন নাও হতে পারে এবং আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে জরুরি পরিস্থিতিতে সাড়াদান গ্রহণের উদ্যোগ কেবল বিজ্ঞপ্তির মাধ্যমে গ্রহণ করা যেতে পারে। যদি কোনো সংস্থা সাড়াদানের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন মর্মে অনুভব করে, তবে উক্ত সংস্থা বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশক/NNREMC কে তা অবহিত করবে এবং নিম্নবর্ণিত তথ্যাদি সরবরাহ করবে:

- (ক) সংস্থা কর্তৃক মনোনীত ব্যক্তির যোগাযোগের জন্য সঠিক নাম ও স্থান, ঠিকানা, স্থায়ী টেলিফোন নম্বর, মোবাইল ফোন নম্বর, ফ্যাক্স নম্বর, ই-মেইল ঠিকানা;

- (খ) প্রধান কার্যালয় বা দুর্ঘটনাস্থলে যোগাযোগের নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির স্থায়ী টেলিফোন নম্বর, মোবাইল ফোন নম্বর, ফ্যাক্স নম্বর, ই-মেইল, ঠিকানা; এবং
- (গ) দুর্ঘটনাস্থলে প্রতিকার ব্যবস্থার প্রাথমিক দায়িত্ব পালনের জন্য নিয়োজিত কর্মকর্তাগণের নাম, স্থায়ী টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর, ই-মেইল, ঠিকানা, আগমনের সম্ভাব্য সময় এবং দুর্ঘটনাস্থলের অবস্থান।

### ৩.১.৪. পুনরুদ্ধার

জরুরি পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং জনস্বাস্থ্য, সম্পদ ও পরিবেশ রক্ষার্থে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করার কাজ সম্পন্ন হওয়ার পর পুনরুদ্ধার প্রক্রিয়া শুরু হবে।

বাপশনিক/NNREMC দুর্ঘটনাস্থলের বিকিরণ নিঃসরণ (contamination) দূরীকরণ এবং পারমাণবিক বা বিকিরণ দ্রব্যাদি নিয়ন্ত্রণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত জাতীয়, স্থানীয় ও আঞ্চলিক প্রতিষ্ঠান/ সংস্থাসমূহের কার্যক্রম সমন্বয় করবে। NNREMAC এ পর্যায়ের কার্যক্রমে ব্যবহারের উদ্দেশ্যে বাপশনিক/NNREMC-এর জন্য প্রযুক্তিগত কার্যক্রমের কৌশলগত সুপারিশ প্রণয়ন করবে। অন্যান্য সরকারি প্রতিষ্ঠান/ সংস্থা দুর্ঘটনার এলাকায় বিশেষজ্ঞ সেবা নিশ্চিতকরণের নিমিত্ত ব্যবস্থা গ্রহণ করবে এবং এ কার্যক্রমের সুপারিশসমূহ প্রণয়নে NNREMAC-কে সহায়তা করবে।

### ৩.১.৫. সাড়াদান সমাপ্তকরণ

দুর্ঘটনাস্থলের সাড়াদানের প্রয়োজনীয়তা নিঃশেষ হওয়ার বিষয় নিশ্চিতকরণের পর আর কোনো কার্যক্রমের প্রয়োজনীয়তা না থাকলে প্রতিটি প্রতিষ্ঠান/ সংস্থা স্ব স্ব কার্যক্রম থেকে নিবৃত্ত হবে। তবে, এ কার্যক্রম সমাপ্তকরণের পূর্বে প্রতিটি প্রতিষ্ঠান/সংস্থা এ বিষয়ে বাপশনিক/NNREMCর সাথে কার্যক্রম নিবৃত্তকরণের বিষয়ে আলোচনা করবে। বিকিরণজনিত কার্যক্রমের তদারকি ও সহযোগিতা প্রদানকারী প্রতিষ্ঠান/ সংস্থাসমূহ স্ব স্ব কার্যক্রম নিবৃত্তকরণের বিষয়ে বাপশনিক/NNREMC এর সাথে আলোচনা করবে।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটির NNREMAC সাথে পরামর্শক্রমে বাপশনিক/NNREMC বিকিরণ সংক্রান্ত তদারকি এবং মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করবে।

### ৩.২ জরুরি কার্যক্রমের ব্যবস্থাপনা

NNREMC দুর্ঘটনাস্থলে প্রতিকার কার্যক্রম সম্পাদনকারী প্রতিষ্ঠান/সংস্থার কার্যক্রম, কৌশল নির্ধারণ ইত্যাদি সমন্বয় করবে এবং সাড়াদান কার্যক্রম সম্পাদনকালে দায়িত্ব, কার্যক্রম, কর্তৃত্ব, সম্পদের বন্টন এবং প্রাধিকার ইত্যাদি বিষয়ে উদ্ভূত বিবাদ নিষ্পত্তির দায়িত্ব পালন করবে।

### ৩.৩ প্রশমন কার্যক্রম

প্রশমন কার্যক্রমের ব্যবস্থা সারণী: ৪-এ উল্লেখ আছে।

### ৩.৪. জরুরি সুরক্ষামূলক কার্যক্রম গ্রহণ

জরুরি সুরক্ষামূলক কার্যক্রম গ্রহণের ব্যবস্থা সারণী: ৪-এ উল্লেখ আছে।

**৩.৫. তথ্য সরবরাহ, জনগণকে সতর্ককরণ ও নির্দেশনা প্রদান**

তথ্য সরবরাহ, জনগণকে সতর্ককরণ ও নির্দেশনা প্রদানের ব্যবস্থা সারণী: ৪-এ উল্লেখ আছে।

**৩.৬. জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মীগণের সুরক্ষা**

জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মীগণের সুরক্ষার ব্যবস্থা সারণী: ৪-এ উল্লেখ আছে।

**৩.৭. চিকিৎসা সহযোগিতা ও বিকিরণ বহির্ভূত প্রভাব প্রশমন**

চিকিৎসা সহযোগিতা প্রদান ও বিকিরণ বহির্ভূত প্রভাব প্রশমনের ব্যবস্থা সারণী: ৪-এ উল্লেখ আছে।

**৩.৮. প্রাথমিক পর্যায়ের কার্যক্রমের মূল্যায়ন**

প্রাথমিক পর্যায়ের সম্ভাব্যতা নির্ণয় বিষয়ক কার্যাদি সারণী: ৪-এ উল্লেখ আছে।

**৩.৯ জনগণকে অবহিতকরণ (Media Relations)**

জনগণকে অবহিতকরণ বিষয়ক কার্যাদি সারণী: ৪-এ উল্লেখ আছে।

**৩.১০. কৃষি ব্যবস্থা, খাদ্য ও দীর্ঘমেয়াদি প্রতিরোধ পরিকল্পনা গ্রহণ**

কৃষি বিষয়ে ব্যবস্থা গ্রহণ, খাদ্য ও দীর্ঘমেয়াদি প্রতিরোধ কর্মপরিকল্পনা সারণী: ৪-এ উল্লেখ আছে।

**৩.১১. উদ্ধার কার্যক্রম পরিচালনা**

উদ্ধার কার্যক্রম পরিচালনার ব্যবস্থা সারণী: ৪-এ উল্লেখ আছে।

**৩.১২. আর্থিক কার্যক্রম পরিচালনা**

জরুরি ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে আর্থিক সহযোগিতা NNREMC ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ সংস্থা কর্তৃক বহন করা হবে।

**৩.১৩. তথ্য সংরক্ষণ ও উপাত্ত ব্যবস্থাপনা**

NNREMC তথ্য সংরক্ষণ ও উপাত্ত ব্যবস্থাপনা বিষয়াদি সম্পাদন করবে।

**৪. জরুরি প্রস্তুতি কার্যক্রম গ্রহণ পদ্ধতি**

জরুরি প্রস্তুতি (Emergency Preparedness) কার্যক্রম গ্রহণ পদ্ধতির উদ্দেশ্য হলো পারমাণবিক ও বিকিরণ সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে জনগণের স্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষা প্রদানের কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সকল সাড়াদানকারী সংস্থা যেমনঃ অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী জরুরি পরিস্থিতিতে দায়িত্ব পালনের সক্ষমতা নিশ্চিতকরণ। ক্যাটাগরি ১ ও ২ এর অন্তর্ভুক্ত স্থাপনাসমূহের জন্য ২৪/৭ জরুরি সাড়াদানে তাৎক্ষণিক প্রস্তুতিমূলক কার্যাবলির সুবিধাদি নিশ্চিত করতে হবে। অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারীর লাইসেন্সের শর্ত হিসেবে সার্বিক নিয়ন্ত্রণমূলক চাহিদা পূরণের নিমিত্ত সকল ক্যাটাগরি (ক্যাটাগরি ১ থেকে ৫) অবশ্যই (Emergency Preparedness) কর্মপরিকল্পনা প্রণয়ন এবং অনুসরণ করবে। জরুরি ব্যবস্থাপনার চাহিদা অনুযায়ী সকল ক্যাটাগরির সার্বক্ষণিক জরুরি সাড়াদান প্রতিষ্ঠান এবং প্রয়োজনবোধে তাদের অন্তর্গত প্রতিষ্ঠানসমূহকে নিয়োজিত করবে। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ জনগণের সুরক্ষার নিমিত্ত স্থাপনাসমূহের প্রদানযোগ্য প্রতিকার ব্যবস্থাগুলির সক্ষমতা পরিদর্শনের মাধ্যমে যাচাই করবে।

অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী কোনোরূপ বিরতি ব্যতিরেকে জরুরি অবস্থায় জরুরি কাজে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম কয়েকদিনের জন্য অব্যাহত রাখার জন্য প্রস্তুত থাকবে এবং চাহিদার প্রেক্ষিতে প্রতিষ্ঠানকে সহযোগিতা প্রদান করবে। জরুরি প্রতিকার প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থাসমূহ যত দূর সম্ভব দক্ষতার সাথে দায়িত্ব পালনের জন্য সক্ষমতা অর্জন করবে। জরুরি প্রতিকার প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব পালনকারী কর্মচারীগণের সার্বক্ষণিক উপস্থিতি নিয়মিত যাচাই করা হবে।

### ৪.১. কর্তৃত্ব এবং দায়িত্ব

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC) জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন ও পরিচালনা এবং সহায়ক অবকাঠামো উন্নয়নের ব্যবস্থা গ্রহণের বিষয় নিশ্চিত করবে।

### ৪.২. প্রতিষ্ঠান

এ কর্মপরিকল্পনার ১.২ তে বর্ণিত জরুরি সাড়াদানকারী সংস্থাসমূহ বাপশনিক/NNREMC'র সাথে পরামর্শপূর্বক উপযুক্ত এবং পর্যাপ্ত সংখ্যক সাড়াদানকারী কর্মীর সংখ্যা নির্ধারণ করবে।

### ৪.৩. সমন্বয়

IMNREMCC'র সাথে পরামর্শক্রমে BAERA/NNREMC বিভিন্ন মন্ত্রণালয়, স্থানীয় সরকার, প্রতিষ্ঠান, সুবিধাদি এবং অন্যান্য জরুরি সাড়াদান প্রতিষ্ঠানসমূহের কর্মপরিকল্পনার সমন্বয় করবে।

### ৪.৪. কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পদ্ধতি

BAERA/NNREMC কিংবা উভয় প্রতিষ্ঠান কর্তৃক জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন, অনুসরণ এবং বিতরণ করা হবে। কোনো স্থাপনার অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী সাইট ও স্থাপনাভিত্তিক কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন পদ্ধতি প্রণয়ন করবে এবং এসব বিষয়াদি বাপশনিক কর্তৃক অনুমোদিত হতে হবে।

### ৪.৫. উপাদানগত (লজিস্টিক্যাল) সহযোগিতা ও সুবিধাদি

NNREMC এবং NDMC-এর তত্ত্বাবধান ও সমন্বয়ের মাধ্যমে এ কর্মপরিকল্পনার-১.২ তে বর্ণিত সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহ উপাদানগত (logistical) সহযোগিতা ও সুবিধাদি সরবরাহ করবে।

### ৪.৬. প্রশিক্ষণ

জরুরি সাড়াদান প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের কর্মীগণকে জরুরি দায়িত্বে নিয়োজিতকরণের পূর্বে সংশ্লিষ্ট দায়িত্বের বিষয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। জরুরি সাড়াদান প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের কর্মীগণকে বাৎসরিক রিফ্রেশার্স প্রশিক্ষণসহ উন্নত/আধুনিক প্রশিক্ষণ প্রদান করতে হবে। জরুরি অনুশীলনকালে উদ্ঘাটিত দুর্বলতা ও তাদের উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণপূর্বক সেসব বিষয়ে প্রশিক্ষণের জন্য বিবেচনা করতে হবে। সকল পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত

স্থাপনাসমূহের স্থায়ী ও অস্থায়ী কর্মীগণকে জরুরি পরিস্থিতির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। বিকিরণ ডোজ, সতর্কীকরণ এবং জরুরি অবস্থায় গৃহীতব্য কার্যব্যবস্থার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে। এ ছাড়াও, জরুরি পরিস্থিতিতে জরুরি ব্যবস্থা গ্রহণের বিষয়ে পূর্বাপর ধারণা সম্বলিত তথ্যাদি প্রশিক্ষণকালে অবহিত করতে হবে। প্রতি বছর জরুরি অবস্থার বিষয়ে প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।

#### ৪.৭. অনুশীলন এবং স্থাপনা ও যন্ত্রাদির পরীক্ষা

BAERA/NNREMC কমপক্ষে প্রতি দুই বছরে একবার জাতীয় পর্যায়ে অনুশীলনের কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান ও সমন্বয় করবে এবং এ কার্যক্রমে জরুরি অবস্থা মোকাবেলার সময় ক্যাটাগরি ১ ও ক্যাটাগরি ২ স্থাপনাসমূহের সাথে সম্পৃক্ত থাকা সরকারি প্রতিষ্ঠানসমূহ অংশগ্রহণ করবে। ক্যাটাগরি ১-এ বর্ণিত স্থাপনাসমূহের কমিশনিংয়ের পূর্বে জরুরি এবং জরুরি পরিস্থিতিতে দায়িত্ব পালনকারী প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার (জাতীয় পর্যায়ে) সাথে সমন্বয়পূর্বক জরুরি কর্মপরিকল্পনার বাস্তব প্রয়োগের বিষয়ে একটি অনুশীলন নিশ্চিত করবে। অনুশীলনস্থলে জরুরি ব্যবস্থার জন্য বিনা বিলম্বে তাৎক্ষণিক ব্যবহারের জন্য ব্যবহৃত প্রয়োজনীয় যন্ত্রাদি ও উপকরণ বিদ্যমান থাকবে। বছরে অন্তত একবার নিয়মিত জরুরি পরিস্থিতিতে ব্যবহৃত স্থাপনাস্থল, যন্ত্রাদি এবং বিভিন্ন ডিভাইস এর ব্যবহার উপযোগিতা যাচাই করতে হবে। পৃথক কর্মসূচির মাধ্যমে মাসে অন্তত একবার সতর্কীকরণ, যোগাযোগ এবং তথ্য/ উপাত্ত সরবরাহ পদ্ধতি যাচাই করতে হবে। অন্যান্য স্থাপনার ক্ষেত্রে অনুমোদিত কর্তৃপক্ষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের (BAERA) চাহিদা মোতাবেক অনুশীলনের ব্যবস্থা গ্রহণ করবে।

যাচাই অথবা অন্য কোনো উপায়ে উদঘাটিত ত্রুটিসমূহ, বিঘ্ন সৃষ্টিকারী বিষয়াদি এবং ঘাটতিসমূহ কোনোরূপ বিলম্ব ব্যতিরেকে দূর করতে হবে। যথাযথ উন্নয়ন সুবিধা প্রাপ্তির জন্য উদঘাটিত ত্রুটি এবং দুর্বলতাসমূহের গভীরতা নির্ধারণ করতে হবে। জরুরি অবস্থায় ব্যবহারের ডিভাইসসমূহও অনুশীলনকালে যাচাই করতে হবে। জরুরি অবস্থা মোকাবেলা সংক্রান্ত জরুরি কর্মপরিকল্পনা এবং অন্যান্য ডকুমেন্টস নিয়মিত এবং বছরে অন্তত একবার পর্যালোচনা ও হালনাগাদ করা হবে। কম্পিউটারে যোগাযোগ সংক্রান্ত তথ্যাদির হালনাগাদ নিশ্চিত করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহকে এ বিষয়ে অবিলম্বে অবহিত করা হবে।

বাৎসরিক প্রশিক্ষণের তারিখ এবং অনুশীলনের জন্য অংশগ্রহণকারীগণের তথ্যাদি আগে প্রকাশ করা যেতে পারে। তবে, অনুশীলন পরিস্থিতি গোপনীয় থাকবে। অনুশীলন পরবর্তী সাক্ষাৎকার, লিখিত ফিডব্যাক অথবা একটি মূল্যায়ন সভার মাধ্যমে অংশগ্রহণকারীগণের অনুশীলনের অভিজ্ঞতা এবং তা উন্নয়নের বিষয়ে পরামর্শ সংগ্রহ করা হবে।

প্রশিক্ষণ ও অনুশীলন কার্যক্রমের ক্ষেত্র ও সুবিধার উৎকর্ষ মূল্যায়নের নিমিত্ত এসব কার্যক্রমের তথ্যাদি রেকর্ডভুক্ত করা হবে। নিয়মিত প্রশিক্ষণ ও অনুশীলনে অংশগ্রহণকারীগণ, যারা সুনির্দিষ্ট জরুরি অবস্থা মোকাবেলার দায়িত্বে নিয়োজিত থাকবেন, তাঁদের প্রশিক্ষণ ও অনুশীলনের তথ্যাদি রেকর্ড করা হবে। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (বাপশনিক) অনুশীলনসূচি প্রণয়ন করবে।

**৪.৮. স্থানান্তর (evacuation)**

সাধারণ উদ্ধার/স্থানান্তর পদ্ধতির জন্য ক্যাটাগরি ১-এর স্থাপনা একটি স্থাপনাভিত্তিক স্থানান্তর (evacuation) পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং উক্ত পরিকল্পনা IAEA'র চাহিদা এবং গাইডলাইন অনুযায়ী প্রণীত হবে। জরুরি পরিকল্পনায় বর্ণিত পরিস্থিতির সতর্কীকরণ এবং যোগাযোগ পদ্ধতি দুর্ঘটনাস্থলের বাইরে/অফ-সাইটের প্রতিষ্ঠানের সহিত সর্বসম্মতিক্রমে গৃহীত হবে। একইসাথে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সাথে পরামর্শ ও অনুমোদনক্রমে পূর্বেই সতর্কীকরণ বিষয়ক তথ্যাদির পরিকল্পনা প্রণয়ন করা হবে। অনুমোদিত কর্তৃপক্ষের জরুরি সতর্কতা বার্তা রেকর্ডিংয়ের নিশ্চয়তার বিষয়ে জরুরি নির্দেশাবলিতে একটি পদ্ধতি অন্তর্ভুক্ত করতে হবে।

**৫. সুরক্ষা ও অন্যান্য সাড়াদানমূলক কার্যক্রম পদ্ধতি****৫.১ ভূমিকা**

পারমাণবিক স্থাপনাসমূহ হতে উদ্ভূত ঝুঁকি বিশ্লেষণের সাথে সঙ্গতি রেখে সুরক্ষা ও অন্যান্য সাড়াদান কার্যক্রম জরুরি প্রস্তুতি ও সাড়াদান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে। সিভিয়ার ডিটারমিনিস্টিক প্রভাব প্রতিরোধ ও স্টোকাস্টিক প্রভাবের ঝুঁকি হ্রাসের নিমিত্ত সাবধানতা/সতর্কতামূলক জরুরি সুরক্ষা কার্যক্রম, জরুরি সুরক্ষামূলক কার্যক্রমসহ অন্যান্য প্রতিকারমূলক কার্যক্রম সুরক্ষা কার্যক্রম ব্যবস্থায় অন্তর্ভুক্ত করতে হবে।

**৫.২ সুরক্ষা ও অন্যান্য সাড়াদানমূলক কার্যক্রম পদ্ধতি**

অভিক্ষিপ্ত ডোজের (Projected Dose) উপর ভিত্তি করে সুরক্ষামূলক কার্যক্রম এবং প্রাপ্ত/গৃহীত প্রকৃত ডোজের ভিত্তিতে অন্যান্য প্রতিকারমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রচলিত সুরক্ষামূলক ও অন্যান্য প্রতিকারমূলক কার্যক্রম সারণী-৬ এ দেয়া হলো :

সারণী ৬ : জরুরি অবস্থায় সুরক্ষা ও অন্যান্য প্রতিকারমূলক কার্যক্রমের পদ্ধতি

এক্সপোজারের (radiation exposure) ফলে সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকির ফলাফল	তেজস্ক্রিয় বিকিরণ সম্পাতের (radiation exposure) জন্য সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকিসমূহের ধরন সুরক্ষা ও অন্যান্য প্রতিকারমূলক কার্যক্রম বাস্তবায়নের ভিত্তি	
	অভিক্ষিপ্ত ডোজের (Projected Dose) ভিত্তিতে	প্রাপ্ত/গৃহীত ডোজের ভিত্তিতে
সিভিয়ার ডিটারমিনিস্টিক প্রভাবসমূহ (severe deterministic effects)-সূচনাকারী ডোজের মাত্রার ভিত্তিতে শ্রেণিগত মানদণ্ড নির্ধারণ করা হয়	সিভিয়ার ডিটারমিনিস্টিক প্রভাবসমূহ (severe deterministic effects) প্রতিরোধের জন্য এমন কি প্রতিকূল পরিস্থিতির মধ্যেও সাবধানতামূলক জরুরি সুরক্ষা কার্যক্রমসমূহ (যেমন: স্থানান্তর: evacuation) বাস্তবায়ন করা।	চিকিৎসা ও সিভিয়ার ডিটারমিনিস্টিক প্রভাবসমূহ (severe deterministic effects) নিয়ন্ত্রণের জন্য-তাৎক্ষণিক চিকিৎসা সেবা, পরামর্শ, দূষণ নিয়ন্ত্রণ, প্রয়োজ্য ক্ষেত্রে ডি-কর্পোরেশন, দীর্ঘমেয়াদি স্বাস্থ্য তদারকির জন্য নিবন্ধীকরণ (registartion) এবং মানসিক চাপ থেকে উত্তরণের জন্য কাউন্সিলিং (counselling) অন্যান্য প্রতিকারমূলক কার্যক্রম ব্যবস্থাপনায় অন্তর্ভুক্ত হবে।

স্টোকাস্টিক প্রভাব (stochastic effects) বৃদ্ধি	যথাসম্ভব স্টোকাস্টিক প্রভাব (stochastic effects) প্রশমনের জন্য জরুরি সুরক্ষামূলক কার্যক্রম বাস্তবায়ন এবং প্রাক-সুরক্ষামূলক কার্যক্রম শুরু করা (স্থানান্তর এবং তেজস্ক্রিয়-দূষিত খাদ্যগ্রহণে দীর্ঘমেয়াদি নিষেধাজ্ঞা জারি)	প্রাক সনাক্তকরণ ও স্টোকাস্টিক প্রভাব (stochastic effects) এর কার্যকর ব্যবস্থাপনার জন্য অন্যান্য প্রতিরক্ষামূলক কার্যক্রমের মধ্যে বিশেষ বিশেষ অজ্ঞাতভিত্তিক স্বতন্ত্র ডোজ যাচাই, বিশেষ পরিস্থিতিতে তথ্য ভিত্তিক সিদ্ধান্তের জন্য চিকিৎসা পরবর্তী ফলো-আপ ও পরামর্শ সেবার জন্য নিবন্ধীকরণের (registartion) প্রয়োজনীয়তার বিষয়াদি বিবেচনা করতে হবে।
--	--	---

### ৫.৩ সুরক্ষা কৌশল

নিম্নবর্ণিত অবস্থাসমূহ সুরক্ষা কৌশলে অন্তর্ভুক্ত হবে; তবে, তা কেবল নিম্নবর্ণিত অবস্থায় সীমাবদ্ধ থাকবে না :

- (১) আদর্শ মানদণ্ড ও সুরক্ষা কৌশলের সর্বোত্তম ব্যবহারের ভিত্তিতে- কোনো সুনির্দিষ্ট/বিশেষ স্থাপনার সুরক্ষা কার্যক্রম এবং অন্যান্য প্রতিরক্ষামূলক কার্যক্রমের সার্বজনীন মানদণ্ডগুলো প্রণয়ন করা হবে এবং তা ঐ নির্দিষ্ট স্থাপনা ও স্থাপনা নির্মাণ স্থলের (সাইট) জরুরি প্রস্তুতি ও সাড়াদানমূলক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।
- (২) জরুরি প্রস্তুতি ও সাড়াদানমূলক কর্মসূচিতে জনসাধারণের জন্য প্রচলিত আদর্শ বা প্রমাণ (reference) ডোজমাত্রা অন্তর্ভুক্ত করতে হবে।
- (৩) বিদ্যমান বিকিরণ সম্পাত (radiation exposure) পরিস্থিতিতে ডোজ বছর প্রতি ১ মিলিসিভার্ট-mSv (প্রাকৃতিক বিকিরণ সম্পাত ডোজ বাদে)-এর নিচে সীমাবদ্ধ রাখার জন্য যথোপযুক্ত প্রতিকারমূলক ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে।
- (৪) সিভিলিয়ান ডিটারমিনিস্টিক প্রভাবসমূহ (severe deterministic effects) প্রতিরোধে সতর্কতামূলক জরুরি নিয়ন্ত্রণমূলক কার্যব্যবস্থা বাস্তবায়নের নিমিত্ত সারণী: ৭-এ প্রদত্ত মানের ভিত্তিতে জেনেরিক ক্রাইটেরিয়া (generic criteria) নির্ধারণ করতে হবে।

### ৫.৪ জনগণের জন্য প্রযোজ্য আদর্শ বা প্রমাণ (Reference Dose) ডোজমাত্রা

বিরাজমান অবস্থার পরিপ্রেক্ষিতে বিবেচনায়, জরুরি অবস্থায় জনসাধারণের জন্য বছর প্রতি ২০ ও ১০০ মিলিসিভার্ট (mSv)-এর মধ্যবর্তী একটি প্রমাণ ডোজ (reference dose) মাত্রা জরুরি সুরক্ষা কার্যক্রম বাস্তবায়নের সময় ব্যবহৃত হবে। বিকিরণ ডোজ প্রমাণ ডোজের চেয়েও কম মাত্রায় রাখার জন্য সর্বোত্তমভাবে সুরক্ষা কৌশল প্রণয়ন করা হবে। জরুরি অবস্থায় ১০০ মিলিসিভার্টের (mSv) বেশী প্রাপ্ত ডোজের ব্যাপারে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে (BAERA) অবহিত করা হবে। জরুরি অবস্থা থেকে উত্তরণের পর বিদ্যমান বিকিরণ সম্পাত অবস্থা বিবেচনায় পরিস্থিতি অনুযায়ী প্রমাণ ডোজমাত্রা ১ এবং ২০ মিলিসিভার্ট এর মধ্যে ব্যবহৃত হবে। বিকিরণ সম্পাত ( radiation exposure) হাসকল্পে ব্যবস্থা গ্রহণ করা হবে।



**৫.৫ সুরক্ষা এবং অন্যান্য সাড়াদানমূলক কার্য ব্যবস্থার বাস্তবায়ন**

জরুরি অবস্থায় সুরক্ষা এবং অন্যান্য সাড়াদানমূলক কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত সম্ভাব্য প্রভাবসমূহমূহ বিবেচনা করতে হবে :

- (১) গুরুতর ডিটারমিনিস্টিক প্রভাবসমূহের (severe deterministic effects) উদ্ভব;
- (২) স্টোকাস্টিক প্রভাবসমূহমূহের (stochastic effects) বৃদ্ধি;
- (৩) পরিবেশ এবং সম্পত্তির উপর বিরূপ প্রভাব;
- (৪) অন্যান্য ক্ষতিকর প্রভাব (যেমন: মানসিক প্রভাব, সামাজিক বিশৃংখলা, অর্থনৈতিক অচলাবস্থা)।

জরুরি অবস্থায় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্ম-পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত বিকিরণ সম্পাত (radiation exposure) অবস্থাগুলো বিবেচনা করা হবে :

- (১) অভিক্ষিপ্ত ডোজ (projected dose) যা সতর্কতামূলক জরুরি সুরক্ষা ও জরুরি সুরক্ষামূলক কার্যক্রম দ্বারা প্রতিরোধ বা হ্রাস করা যায়।
- (২) প্রাপ্ত বা গৃহীত ডোজ যার ক্ষতিকর প্রভাব চিকিৎসা কার্যক্রমের মাধ্যমে হ্রাস করা যায় এবং জনগণকে নিশ্চয়তা প্রদান বা কাউন্সিলিংয়ের মাধ্যমে মোকাবেলা করা যায়।

যে কোনো পরিস্থিতিতে পারমাণবিক বিকিরণ নিঃসরণ ও বিকিরণ সম্পাত (radiation exposure) উচ্চ ঝুঁকির বিষয় বিবেচনায় রেখে সতর্কতামূলক জরুরি সুরক্ষা কার্যব্যবস্থা বাস্তবায়ন করতে হবে যাতে উচ্চমাত্রার ডোজের ফলস্বরূপ সৃষ্ট গুরুতর ডিটারমিনিস্টিক প্রভাবসমূহ (severe deterministic effects) এড়ানো যায় (সারণী-৭)। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দুর্ঘটনার সম্ভাব্যতা নিরূপণ করবে, যেমন: তীব্র বিকিরণ নিঃসরণকারী দুর্ঘটনা/বিকিরণ সম্পাত, সাইটে একক বা সম্মিলিত স্থাপনার কারণে সৃষ্ট ঘটনা বা দুর্ঘটনা ইত্যাদি এবং এই মূল্যায়নের উপর ভিত্তি করে জরুরি প্রস্তুতি ও সাড়াদানমূলক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

স্টোকাস্টিক প্রভাব (stochastic effects) যদি মুখ্য ঝুঁকি হয় এবং গুরুতর ডিটারমিনিস্টিক প্রভাবসমূহ (severe deterministic effects) উদ্ভবের ঝুঁকি যদি নগণ্য হয়, সে ক্ষেত্রে জরুরি এবং প্রাক-সতর্কতামূলক কার্যক্রম এবং অন্যান্য নিবারণমূলক কার্যক্রমের মধ্যে যোগ্য যৌক্তিক এবং ফলপ্রসূ হবে সেসব প্রতিরক্ষামূলক কার্যক্রম স্টোকাস্টিক প্রভাবের (সারণী:৮ স্টোকাস্টিক প্রভাবের ক্ষেত্রে জেনেরিক ক্রাইটেরিয়া: generic criteria) ঝুঁকি প্রশমনের নিমিত্ত বাস্তবায়ন করা হবে। লাইসেন্সধারী দুর্ঘটনাস্থলের একক বা সমন্বিত স্থাপনাসমূহ বিবেচনায় নিয়ে ঘটনা/দুর্ঘটনার বিষয় যাচাই করবে এবং উক্ত যাচাই প্রতিবেদন বিবেচনা করে জরুরি প্রস্তুতি ও সাড়াদানমূলক কর্মপরিকল্পনা প্রণয়ন করবে।

যদি কোনো ব্যক্তির ক্ষেত্রে সারণী ৭ বা ৮- এ প্রদত্ত জেনেরিক ক্রাইটেরিয়ার (generic Criteria) নির্দিষ্ট মাত্রা অতিক্রম করে, তবে তীব্র জন্য যথোপযুক্ত চিকিৎসা, দীর্ঘমেয়াদি স্বাস্থ্য তদারকিকরণ এবং মানসিক কাউন্সিলিং এর ব্যবস্থা করতে হবে।

কোনো ব্যক্তির রোগে আক্রান্ত হওয়া এবং রোগের লক্ষণের উপর ভিত্তি করে চিকিৎসা কার্যক্রম শুরু এবং সম্পন্ন করতে হবে। তবে, উপযুক্ত চিকিৎসার ক্ষেত্রে চিকিৎসা ব্যবস্থা নির্ধারণে ডোজ সম্পর্কিত তথ্য (dosimetric information) যেমন: বিকিরণ জরিপ তথ্য ও উপাত্ত, ডোজ পরিমাপ অথবা ডোজ নির্ণয় (dose calculation) গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

প্রাক শনাক্তকরণ ও স্টোকাস্টিক প্রভাবের কার্যকর ব্যবস্থাপনার জন্য অন্যান্য প্রতিরক্ষামূলক কার্যক্রমের মধ্যে স্ক্রিনিং (screening)-এর ভিত্তিতে বিশেষ অজ্ঞাতভিত্তিক স্বতন্ত্র ডোজ যাচাই, জ্ঞাত সিদ্ধান্তের ভিত্তিতে বিশেষ পরিস্থিতিতে চিকিৎসা পরবর্তী ফলো-আপ ও পরামর্শ সেবার জন্য নিবন্ধীকরণের (registartion) প্রয়োজনীয়তার বিষয়টি বিবেচনাপূর্বক সাড়াদান কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে।

সকল পর্যায়ের ডোজ-এর ঝুঁকি যা জরুরি এক্সপোজার (exposure) পরিস্থিতি সৃষ্টি করতে পারে সে বিষয়ে প্রাথমিক সাড়াদানকারীসহ জরুরি অবস্থায় দায়িত্ব প্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থা, জনগণ এবং সংশ্লিষ্ট অন্যান্য সকল কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করতে হবে।

## ৬। জেনেরিক (Generic) এবং পরিচালনা (Operational) সম্পর্কিত মানদণ্ড

### ৬.১। ভূমিকা :

জেনেরিক মানদণ্ডগুলি সে সকল ডোজের ক্ষেত্রে ব্যবহার করা হয় যা অনুমান করা যেতে পারে বা যে ডোজ ইতোমধ্যে প্রাপ্ত হয়েছে। জেনেরিক মানদণ্ডের ব্যবহার মান-ব্যবস্থার জন্য একটি সাধারণ পরিভাষার প্রয়োজনীয়তা পূরণ করে যা সুরক্ষামূলক কার্যক্রম (যেমন: সরিয়ে নেয়া বা খাদ্য প্রতিস্থাপন) এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম (যেমন: Medical Follow-up) বাস্তবায়নের ভিত্তি হিসেবে ব্যবহৃত হবে। সম্ভাব্য ডোজ এবং প্রাপ্ত ডোজ পরিমাপযোগ্য রাশি নয় এবং জরুরি পরিস্থিতিতে দ্রুত কার্যক্রমের ভিত্তি হিসাবে ব্যবহার করা যায় না। বিভিন্ন সুরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান পদক্ষেপ গ্রহণের জেনেরিক মানদণ্ডের প্রতিনিধি হিসেবে অগ্রিম পরিচালনা মানদণ্ড (পরিমাপযোগ্য রাশির মান বা পর্যবেক্ষণের মান) স্থাপন করার প্রয়োজন রয়েছে। পরিচালনা মানদণ্ড হলো পরিমাপযোগ্য রাশির বা পর্যবেক্ষণযোগ্যগুলির মান যার মধ্যে আছে অপারেশনাল ইন্টারভেনশন লেভেল (Operational Intervention Level-OIL), ইমার্জেন্সি এ্যাকশন লেভেল (Emergency Action Level-EALs), (যা সংযুক্তি: ৩-এ উল্লেখ আছে) নির্দিষ্ট পর্যবেক্ষণযোগ্য রাশি এবং ঘটনাস্থলের অবস্থার অন্যান্য সূচক যা জরুরি অবস্থার সময় সিদ্ধান্ত গ্রহণের জন্য ব্যবহার করা প্রয়োজন। যথাযথ সুরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমগুলির প্রয়োজনীয়তা নির্ধারণের জন্য পরিচালনা মানদণ্ডটি অবিলম্বে এবং সরাসরি ব্যবহার করতে হবে। এই পরিচালনা মানদণ্ড জরুরি অবস্থার প্রাথমিক পর্যায়ে 'ট্রিগার' (Trigger) হিসাবে ব্যবহৃত হয়।

### ৬.২। জেনেরিক মানদণ্ড (Generic Criteria)

নিম্নলিখিত ক্ষেত্রে জেনেরিক মানদণ্ড সরবরাহ করা হয় :

- (ক) সুরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম যা, যে কোনো পরিস্থিতিতে গুরুতর ডিটারমিনিস্টিক (deterministic) প্রভাব এড়াতে বা হ্রাসকরণে গৃহীত হয়;

- (খ) সুরক্ষামূলক এবং অন্যান্য সাড়াদানমূলক কার্যক্রমগুলি যা স্টোকাস্টিক (stochastic) প্রভাবগুলির ঝুঁকিকে যুক্তিসঙ্গতভাবে হ্রাসকরণে গৃহীত হয়;
- (গ) ব্যবসা বাণিজ্যের উপর নিষেধাজ্ঞা-যদি আবশ্যিক হয়; এবং
- (ঘ) বিদ্যমান এক্সপোজার (exposure) পরিস্থিতির অবস্থানান্তরের জন্য নির্দিষ্ট টার্গেট ডোজ (target dose) ব্যবহার করা।

এই জেনেরিক মানদণ্ডসমূহ পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে যথাযথ সুরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম গ্রহণের জন্য সর্বাপেক্ষা কাম্য অবস্থায় (optimized) নিতে হবে। যেক্ষেত্রে সারণী ৭ এবং সারণী ৮-এর জেনেরিক মানদণ্ড প্রাপ্তির সম্ভাবনা থাকে না বা পাওয়া যায় না সেক্ষেত্রে পরিস্থিতি 'নিরাপদ'। কারণ গুরুতর ডিটারমিনিস্টিক (deterministic) বা স্টোকাস্টিক (stochastic) প্রভাব এর ঝুঁকি হ্রাস করার জন্য কোনো সুরক্ষামূলক পদক্ষেপ এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমগুলি সমর্থনযোগ্য নয়।

#### ৬.২.১। গুরুতর ডিটারমিনিস্টিক প্রভাব (deterministic effect) এড়াতে বা কমাতে জেনেরিক মানদণ্ড (Generic Criteria)

একিউট ডোজের (acute dose) ক্ষেত্রে জেনেরিক মানদণ্ড যার জন্য যে কোনো পরিস্থিতিতে গুরুতর ডিটারমিনিস্টিক প্রভাব (deterministic effects) এড়াতে বা কমানোর লক্ষ্যে সুরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম প্রয়োজন হয় তা সারণী: ৭-এ উল্লেখ আছে। এই সারণীতে জেনেরিক মানদণ্ডের সাথে গুরুতর ডিটারমিনিস্টিক প্রভাব (deterministic effects) এড়াতে বা কমানোর লক্ষ্যে একটি সুরক্ষা কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমের কার্যকর বাস্তবায়নের জন্য সুরক্ষা কৌশল এবং পরিচালনা মানদণ্ড প্রণয়নের জন্য সুরক্ষা কার্যক্রম এবং সাড়াদান কার্যক্রমের দৃষ্টান্ত বর্ণিত।

**সারণী : ৭** যে কোনো পরিস্থিতিতে গুরুতর ডিটারমিনিস্টিক প্রভাব (deterministic effects) এড়ানো বা কমানোর সময় তীব্র ডোজ (acute dose)-এর জেনেরিক মানদণ্ড যার জন্য সুরক্ষামূলক এবং অন্যান্য সাড়াদান কার্যক্রম গ্রহণ করা হয় :

জেনেরিক মানদণ্ড (Generic Criteria)		সুরক্ষামূলক এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমসমূহের নমুনা
<b>বহিঃস্থ একিউট এক্সপোজার (acute exposure) (&lt;১০ ঘন্টা)</b>		
পুরো শরীর (অস্থি মজ্জা)	১ Sv	<b>যদি ডোজটি প্রাপ্ত হয়েছে মর্মে অনুমিত হয় :</b> - জেনেরিক মানদণ্ডের নিচে ডোজসমূহ (doses) রাখার জন্য অবিলম্বে সতর্কতামূলক জরুরি সুরক্ষামূলক কার্যক্রম (এমনকি কঠিন পরিস্থিতিতেও) গ্রহণ করতে হবে, - সতর্কতা এবং সর্বসাধারণের তথ্য প্রদান করতে হবে
ত্বক	১০ Sv ১০০ সেমি <sup>২</sup> যায়গায়	
<b>তীব্র গ্রহণ (acute intake) থেকে উদ্ভূত অভ্যন্তরীণ সম্পাত (internal exposure) (৩০ দিনের মধ্যে সরবরাহকৃত)</b>		

থাইরয়েড	২ Sv	- জরুরি বিকিরণ মুক্তকরণের (decontamination) কাজ সম্পাদন করতে হবে
ফুসফুস	৩০ Sv	<b>যদি ডোজটি প্রাপ্ত হয় :</b> - তাৎক্ষণিক ডাক্তারি পরীক্ষা, পরামর্শ এবং নির্দেশিত চিকিৎসা সম্পাদন করতে হবে। - বিকিরণজনিত দূষণ নিয়ন্ত্রণ করতে হবে। - প্রয়োজ্য ক্ষেত্রে জরুরি বিকিরণ মুক্তকরণের (decorporation) কাজ সম্পাদন করতে হবে - দীর্ঘমেয়াদি স্বাস্থ্য পর্যবেক্ষণের জন্য নিবন্ধন সম্পাদন (Medical Follow-up) করতে হবে। - সমন্বিত মানসিক কাউন্সিলিং (counselling) প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৬.২.২। জরুরি পরিস্থিতিতে স্টোকাস্টিক প্রভাবের (stochastic effects) ঝুঁকি কমাতে সুরক্ষামূলক এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমের জন্য জেনেরিক মানদণ্ড (Generic Criteria)**

কোনো পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় স্টোকাস্টিক প্রভাবের (stochastic effects) ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে সুরক্ষামূলক এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমসমূহের যথাযথ বাস্তবায়নের নিমিত্ত সুরক্ষা কৌশল এবং পরিচালনা মানদণ্ড (operational criteria) প্রণয়নের জেনেরিক মানদণ্ড সারণী: ৮-এ দেখানো হয়েছে :

**সারণী ৮:** জরুরি বিকিরণ সম্পাত (radiation exposure) পরিস্থিতিতে স্টোকাস্টিক প্রভাবের (stochastic effects) ঝুঁকি কমাতে সুরক্ষামূলক এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমের জন্য জেনেরিক মানদণ্ড:

জেনেরিক মানদণ্ড (Generic Criteria)		সুরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমের নমুনা
অনুমিত ডোজ (projected dose) যা নিম্নবর্ণিত জেনেরিক মানদণ্ডের চেয়ে বেশি হয়: যেসব ক্ষেত্রে জরুরি সুরক্ষামূলক কার্যক্রম/সুরক্ষামূলক কার্যক্রম এবং অন্যান্য সাড়াদান কার্যক্রমসমূহ গ্রহণ করতে হবে:		
থাইরয়েড ডোজ (Thyroid dose)	প্রথম ৭ দিনের মধ্যে ৫০ mSv	<b>জরুরি সুরক্ষামূলক কার্যক্রম:</b> আয়োডিন থাইরয়েড ব্লকিং (Iodine Thyroid Blocking)
পুরো শরীরের ডোজ (whole body dose)	প্রথম ৭ দিনের মধ্যে ১০০ mSv	<b>জরুরি সুরক্ষামূলক কার্যক্রম :</b> নিরাপদ স্থানে আশ্রয় প্রদান; স্থানান্তর; তেজস্ক্রিয় বিকিরণ মুক্তকরণ; খাদ্য, দুধ এবং পানি খাওয়ার

		উপর নিষেধাজ্ঞা; বিকিরণ দূষণ নিয়ন্ত্রণ; জনগণকে আশ্বস্তকরণ
পুরো শরীরের ডোজ (whole body dose)	প্রতি বছর ১০০ mSv	<b>প্রাথমিক সুরক্ষামূলক কার্যক্রম :</b> অস্থায়ী স্থানান্তর; তেজস্ক্রিয় বিকিরণ মুক্তকরণ; খাদ্য, দুধ এবং পানি প্রতিস্থাপন; জনগণকে আশ্বস্তকরণ
ডোজ যা প্রাপ্ত হয়েছে এবং যা নিম্নবর্ণিত জেনেরিক মানদণ্ডের চেয়ে বেশি হয়: বিকিরণজনিত স্বাস্থ্য প্রভাব সনাক্তকরণ এবং কার্যকরভাবে চিকিৎসার জন্য দীর্ঘমেয়াদি চিকিৎসা কার্যক্রম গ্রহণ করতে হবে।		
পুরো শরীরের ডোজ (whole body dose)	এক মাসে ১০০ mSv	নির্দিষ্ট রেডিওসেন্সিটিভ (radiosensitive) অঙ্গগুলিতে ইকুইভ্যালেন্ট ডোজ (equivalent dose)-এর ভিত্তিতে (Medical Follow- up-এর ভিত্তি হিসেবে) স্ক্রিনিং (screening), পরামর্শ প্রদান (counselling)

### ৬.৩। পরিচালনা মানদণ্ড (Operational Criteria)

পূর্ব নির্ধারিত পরিচালনা মানদণ্ডের (যেমন: তেজস্ক্রিয় নিঃসরণ, সম্পাত (exposure) ইত্যাদি) ভিত্তিতে প্রযোজ্য সতর্কতামূলক তাৎক্ষণিক সুরক্ষামূলক কার্যক্রম এবং তাৎক্ষণিক সুরক্ষামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। অধিকাংশ তাৎক্ষণিক সুরক্ষামূলক কার্যক্রম এবং প্রাথমিক সুরক্ষামূলক কার্যক্রম পূর্ব নির্ধারিত পরিচালনা মানদণ্ডের ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। যদি পরিচালনা মানদণ্ডে নির্ধারিত বৈশিষ্ট্যগুলোর সাথে একটি জরুরি অবস্থার বৈশিষ্ট্যগুলোর পার্থক্য থাকে সে ক্ষেত্রে পরিচালনা মানদণ্ডটি পুনরায় নির্ধারণ করতে হবে। একটি বাস্তব জরুরি অবস্থার মধ্যে বিদ্যমান পরিস্থিতি মোকাবিলার জন্য মানদণ্ড পুনঃনির্ধারণ পদ্ধতিগুলো পরিকল্পনার পর্যায়ে প্রণয়ন করতে হবে।

### ৬.৩.১। জরুরি এ্যাকশন লেভেল (Emergency Actions Levels-EALs)

EAL হলো সে সকল সুনির্দিষ্ট, পূর্ব নির্ধারিত এবং পর্যবেক্ষণযোগ্য মানদণ্ড যার ভিত্তিতে পারমাণবিক স্থাপনায় কোনো ইভেন্ট (event)-এর জরুরি অবস্থার ঝুঁকি জরুরি প্রস্তুতিমূলক শ্রেণি ১, ২ ও ৩ এর মধ্যে কোনো শ্রেণিভুক্ত তা সনাক্তকরণ, চিহ্নিতকরণ এবং সুনির্দিষ্টকরণে ব্যবহৃত হয়। EAL গুলো নির্দিষ্ট জরুরি শ্রেণির সাথে সম্পর্কিত সতর্কতামূলক তাৎক্ষণিক সুরক্ষামূলক কার্যক্রমের শ্রেণিবিন্যাস ও বাস্তবায়নের জন্য ব্যবহৃত হয়। এই মানদণ্ডগুলো পূর্বনির্ধারিত হতে হবে। জরুরি প্রস্তুতি এবং সাড়া দান পরিকল্পনায় সংশ্লিষ্ট পারমাণবিক স্থাপনার EAL গুলো অন্তর্ভুক্ত করতে হবে।

EAL গুলো প্রণয়নের সময় নিম্নলিখিত নির্দেশিকাগুলি ব্যবহার করতে হবে:

- ক) কোনো ঘটনার (event) সময় দুত (কয়েক মিনিটের মধ্যে শেষ করতে হবে) এবং সহজে ব্যবহারের জন্য সাইট স্পেসিফিক (site specific) শ্রেণিবিন্যাসকরণ পদ্ধতি প্রণয়ন করতে হবে।
- খ) কোনো দুর্ঘটনার পরিস্থিতিতে শ্রেণিবদ্ধকরণ পদ্ধতিটি ব্যবহারযোগ্য তা নিশ্চিত করতে হবে;

- গ) জরুরি অবস্থা চলাকালীন EAL-সমূহ প্রণয়নের ক্ষেত্রে যন্ত্রপাতির দক্ষতাকেও (performance) বিবেচনা করতে হবে।
- ঘ) জরুরি পরিস্থিতিতে সাইট-স্পেসিফিক (site specific) EAL পদ্ধতিসমূহের কার্যক্রম ব্যবহারযোগ্য কি-না তা নিশ্চিত করার জন্য নির্ধারিত নিয়ন্ত্রণকক্ষ কর্মীদের দ্বারা অনুশীলন এবং ওয়াক-থ্রু সেশনের (walk through session) সময় পরীক্ষা/যাচাই করতে হবে।

পরিচালনা অভিজ্ঞতা (operational experience) এবং অনুশীলন থেকে প্রাপ্ত প্রতিক্রিয়াগুলির ভিত্তিতে EAL-সমূহ এবং সামঞ্জস্যপূর্ণ পদ্ধতিগুলি সংশোধন করতে হবে। অনুমোদিত কর্তৃপক্ষ বা লাইসেন্সধারি কর্তৃক একটি প্রকৃত বা সম্ভাব্য পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা তাৎক্ষণিকভাবে সনাক্তকরণ এবং উপযুক্ত মাত্রার সাড়াদানমূলক কার্যক্রম নির্ধারণের ব্যবস্থা করতে হবে। যে কোনো অবস্থা যা জরুরি পরিচালনা পদ্ধতির (EOPs) ব্যবহারের জন্য আবশ্যিকতা প্রদান করে এবং সাইটে পূর্বনির্ধারিত জরুরি সাড়াদানমূলক কার্যক্রমকে কে ট্রিগার (trigger) করবে তা জরুরি সতর্কতা হিসাবে শ্রেণিবদ্ধ করতে হবে।

প্রকৃত বা আসন্ন কোর ক্ষতির (core damage) বৈশিষ্ট্যগুলো বিদ্যমান থাকলে, জরুরি পরিচালনা পদ্ধতির আওতা (domain) থেকে জরুরি ব্যবস্থাপনা নির্দেশনা আওতায় (domain) স্থানান্তর ঘটতে হবে। দুর্ঘটনার পরিস্থিতিতে একটি সঙ্গতিপূর্ণ এবং সমন্বিত সাড়াদানমূলক কার্যক্রম নিশ্চিত করার জন্য, জরুরি পরিচালনা পদ্ধতিগুলি এবং দুর্ঘটনা ব্যবস্থাপনা নির্দেশনাগুলি পারমাণবিক স্থাপনার জরুরি সাড়াদান পরিকল্পনায় অংশভুক্ত করতে হবে।

জরুরি পরিচালনা পদ্ধতি এবং দুর্ঘটনা ব্যবস্থাপনা নির্দেশনাগুলিতে দুর্ঘটনা শ্রেণিবিন্যাস করার লক্ষ্যে যথাযথ জরুরি এ্যাকশন লেভেলগুলি (EALs) ঘোষণার জন্য পারমাণবিক স্থাপনার সুস্পষ্ট তথ্য ও উপাত্ত সরবরাহ করতে হবে। অনুরূপভাবে, দুর্ঘটনা ব্যবস্থাপনা নির্দেশনা এবং গুরুতর দুর্ঘটনা ব্যবস্থাপনা নির্দেশনাগুলির মধ্যে কোনোও বিরোধ নেই মর্মে নিশ্চিত করতে হবে।

## ৭. জরুরি সাড়াদানে নিয়োজিত কর্মীদের জন্য নির্দেশিকা মান

### ৭.১। ভূমিকা

জরুরি কর্মী হলো এমন ব্যক্তি যার জরুরি পরিস্থিতিতে সাড়াদানের জন্য কর্মী হিসেবে সুনির্দিষ্ট দায়িত্ব রয়েছে এবং যে সাড়াদান কার্যক্রম পালনের সময় বিকিরণের সংস্পর্শে আসতে পারে। জরুরি কর্মীরা নিবন্ধন ও লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগপ্রাপ্ত হতে পারে। এ ছাড়াও, সাড়াদান প্রতিষ্ঠানের কর্মী যেমন পুলিশ কর্মকর্তা, নিরাপত্তা কর্মী, অগ্নি-নির্বাণন কর্মী, চিকিৎসা কর্মী, চালক এবং স্থানান্তরের জন্য ব্যবহৃত যানবাহনের ক্রু (crew) অন্তর্ভুক্ত থাকবে।

### ৭.২। নির্দেশিকা মান (Guidance Values)

বিভিন্ন ধরনের সাড়াদানমূলক কার্যক্রমের জন্য নিয়োজিত জরুরি কর্মীদের প্রাপ্ত রেডিয়েশন ডোজ ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ ও রেকর্ডিং-এর জন্য নির্দেশিকা মানগুলি নির্ধারণ করতে হবে এবং জরুরি প্রস্তুতি এবং সাড়াদান পরিকল্পনায় তা অন্তর্ভুক্ত করতে হবে। জরুরি কর্মীদের জন্য ডোজের নির্দেশিকা মান নির্ধারণের ক্ষেত্রে সকল বিকিরণ সম্পাত নির্গমনের পথসমূহের (radiation exposure pathways) মাধ্যমে ডোজগুলির ভূমিকা বিবেচনায় নিতে হবে। গর্ভবতী মহিলা কর্মীদের জরুরি দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করতে হবে। জরুরি পরিস্থিতিতে সাড়াদানের ক্ষেত্রে জরুরি কর্মীদের সুরক্ষার জন্য নিম্নবর্ণিত নির্দেশিকা মানগুলি ব্যবহার করতে হবে (সারণী ৯) :

## সারণী ৯: জরুরি কর্মীদের নির্দেশিকা মান

কার্যক্রম	নির্দেশিকা মান
জীবন রক্ষাকারী কার্যক্রম	কার্যকরী ডোজ (effective dose) < ৫০০ mSv এই সকল মান এমন পরিস্থিতিতে অতিক্রম করতে পারে যেখানে (ক) জরুরি কর্মীর নিজস্ব স্বাস্থ্য ঝুঁকির চেয়ে অন্যদের জন্য প্রত্যাশিত সুবিধা সুস্পষ্টভাবে বেশি হয়, এবং (খ) জরুরি কর্মী স্বেচ্ছায় কাজ করতে আগ্রহী হয় এবং এই স্বাস্থ্য ঝুঁকি বুঝতে পারে এবং মেনে নেয়।
জনগণ এবং পরিবেশকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করতে পারে এমন গুরুতর ডিটারমিনিস্টিক প্রভাব (severe deterministic effect) এবং বিপর্যয়কর অবস্থার সম্প্রসারণ প্রতিরোধের পদক্ষেপগুলি	কার্যকরী ডোজ (effective dose) < ৫০০ mSv
একটি বৃহত্তর সম্মিলিত ডোজ এড়াতে পদক্ষেপ	কার্যকরী ডোজ (effective dose) < ১০০ mSv

জীবন রক্ষাকারী কাজের ফলে ডোজ যদি গুরুতর ডিটারমিনিস্টিক প্রভাব (severe deterministic effect) এর সীমা অতিক্রম করে তবে সেই কাজ কেবলমাত্র তখনই বিবেচনা করতে হবে যখন (ক) অন্যের প্রত্যাশিত সুবিধাটি সুস্পষ্টভাবে জরুরি কর্মীর নিজস্ব ঝুঁকিকে ছাড়িয়ে যায় এবং (খ) জরুরি কর্মী স্বেচ্ছায় কাজ করতে চায় এবং সাড়াদানমূলক কার্যক্রমগুলির সাথে সম্পর্কিত ঝুঁকি অনুধাবন করতে পারে এবং গ্রহণ করে।

যে সকল জরুরি কর্মীর সাড়াদান কাজে অংশগ্রহণের ফলশ্রুতিতে রেডিয়েশন ডোজ (radiation dose) ৫০ mSv ছাড়িয়ে যাওয়ার আশংকা থাকে তাঁদের সংশ্লিষ্ট স্বাস্থ্য ঝুঁকি এবং সহজলভ্য সুরক্ষা ব্যবস্থা সম্পর্কে পরিষ্কারভাবে আগাম অবহিত করতে হবে এবং যে সকল কাজ করার প্রয়োজন হতে পারে তার যতটা সম্ভব তাদের প্রশিক্ষণ দিতে হবে। জরুরি কর্মীদের দ্বারা সাড়াদান কাজের জন্য স্বেচ্ছাসেবার ভিত্তিতে কাজ করার বিষয়টি জরুরি সাড়াদান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

জরুরি কর্মীদের যথাযথ চিকিৎসার বিষয়ে মনোযোগ দিতে হবে। প্রাপ্ত ডোজ এবং স্বাস্থ্য ঝুঁকির পরিণতি সম্পর্কিত তথ্য কর্মীদের জানাতে হবে। যে সকল মহিলা কর্মীরা জানে যে তাঁরা গর্ভবতী তাঁদের এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে উৎসাহিত করতে হবে এবং জরুরি দায়িত্ব থেকে বাদ দিতে হবে।

জরুরি কর্মীদের বিকিরণ পরিমাপের উপর ভিত্তি করে পরিচালনা-নির্দেশনা (operational guide line) প্রদান করতে হবে (যেমন একটি সক্রিয় বা স্ব-পঠন ডসিমিটারে (docimeter) প্রদর্শিত পাঠ)। সম্ভাব্য বিপজ্জনক অবস্থার মধ্যে সুরক্ষা সরঞ্জামের ব্যবহার, স্থিতিশীল আয়োডিন প্রোফাইলেক্সিস (Iodine prophylaxis) ব্যবহার এবং পরিচালনা সম্পর্কিত নির্দেশনার বিধান ব্যবহার করার মাধ্যমে খাওয়ার বা ত্বকের দূষণ থেকে ডোজ সীমিত করতে হবে। জরুরি কর্মীদের যথাযথ সুরক্ষার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সাইটের তেজস্ক্রিয় অবস্থার বিষয়ে প্রাপ্ত তথ্য ব্যবহার করতে হবে।

জীবন রক্ষাকারী কার্যক্রমগুলির ক্ষেত্রে স্বাস্থ্যের উপর ডিটারমিনিস্টিক প্রভাব (deterministic effect) এড়ানোর লক্ষ্যে হস্তক্ষেপের মাধ্যমে (undertaking intervention) নির্দেশক ডোজ মান ( $500\text{ mSv}$ ) এর নীচে ডোজ রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। জীবন রক্ষাকারী কার্যক্রম ব্যতীত কর্মীদের ডোজ  $500\text{ mSv}$  এর নীচে রাখার জন্য সকল প্রকার যুক্তিসঙ্গত প্রচেষ্টা গ্রহণ করতে হবে। অধিকন্তু, যে সকল কার্যকলাপ গ্রহণের ফলে কর্মীদের ডোজ নির্দেশক ডোজ স্তরের কাছে পৌঁছতে বা তার চেয়ে বেশি হতে পারে সেই সকল কার্যকলাপ কেবল তখনই করতে হবে যখন অন্যদের সুবিধাগুলি তাঁদের নিজেদের ঝুঁকিকে সুস্পষ্টভাবে ছাড়িয়ে যায়।

কোনো হস্তক্ষেপের জরুরি পর্যায় অতিক্রান্ত হওয়ার পরে, যে সকল কর্মী পুনরুদ্ধার কার্যক্রম পরিচালনা করে, যেমন: স্থাপনা এবং ভবনগুলির মেরামত, সাইট এবং আশেপাশের অঞ্চলের বর্জ্য ডিসপোজাল (waste disposal) বা তেজস্ক্রিয় দূষণ-মুক্ত করা/উপশম করা, তাঁদের পেশাগত সুরক্ষা চাহিদা এবং কার্যপ্রণালী পরিকল্পনার অধীনে থাকতে হবে।

একটি জরুরি অবস্থায় ডোজ গ্রহণের কারণে একজন কর্মীকে তাঁর পরবর্তী পেশাগত সম্পাত (exposure) গ্রহণে সাধারণভাবে বিরত রাখার প্রয়োজন নেই। যদি কোনোও কর্মী যিনি জরুরি এক্সপোজারে এসে এক বছরের সর্বাধিক ডোজ সীমার দশগুণ বেশি ডোজ গ্রহণ করেন তবে এ জাতীয় আরও কোনোও সম্পাতের (exposure) আগে যোগ্য চিকিৎসকের পরামর্শ নিতে হবে অথবা কর্মীর অনুরোধ রাখতে হবে।

**প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন**

সিনিয়র সচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।



**সংযুক্তি-১ : জাতীয় পর্যায়ে সমন্বয় ও নীতি-নির্দেশিকা প্রতিপালন সংক্রান্ত কৌশল****১.১। জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল (NDMC) :**

বাংলাদেশে দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং জরুরি সাড়াদান ব্যবস্থাপনা গ্রহণে নীতি-নির্দেশিকা প্রদানের নিমিত্ত শীর্ষ পর্যায়ে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল রয়েছে। এই কাউন্সিলটি বহুখাত সংশ্লিষ্ট (multisectoral) এবং আন্তঃসংস্থা বিষয়ক (interdisciplinary)।

**সারণী ১.১ : জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের সদস্যবৃন্দ নিম্নরূপ :**

(১)	প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	সভাপতি
(২)	মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য
(৩)	মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	"
(৪)	মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	"
(৫)	মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়	"
(৬)	মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	"
(৭)	মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	"
(৮)	মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	"
(৯)	মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	"
(১০)	মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়	"
(১১)	মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়	"
(১২)	মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	"
(১৩)	মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়	"
(১৪)	মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	"
(১৫)	জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটির সভাপতি	"
(১৬)	সেনাবাহিনী প্রধান	"
(১৭)	নৌবাহিনী প্রধান	"
(১৮)	বিমান বাহিনী প্রধান	"
(১৯)	প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	"
(২০)	প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ	"
(২১)	সচিব, অর্থ বিভাগ	"
(২২)	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	"
(২৩)	সচিব, সেতু বিভাগ	"

(২৪)	সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
(২৫)	সচিব, স্থানীয় সরকার বিভাগ	"
(২৬)	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	"
(২৭)	সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	"
(২৮)	সচিব, জননিরাপত্তা বিভাগ	"
(২৯)	সচিব, সুরক্ষা সেবা বিভাগ	"
(৩০)	সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়	"
(৩১)	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	"
(৩২)	সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	"
(৩৩)	সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	"
(৩৪)	সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	"
(৩৫)	সচিব, রেলপথ মন্ত্রণালয়	"
(৩৬)	সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়	"
(৩৭)	সচিব, তথ্য মন্ত্রণালয়	"
(৩৮)	সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	"
(৩৯)	সচিব, খাদ্য মন্ত্রণালয়	"
(৪০)	সচিব, ভূমি মন্ত্রণালয়	"
(৪১)	সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	"
(৪২)	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	"
(৪৩)	সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	"
(৪৪)	মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ	"
(৪৫)	মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	"
(৪৬)	মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ	"
(৪৭)	মহাপরিচালক, র‍্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়ন	"
(৪৮)	মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী	"
(৪৯)	মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড	"
(৫০)	মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	"
(৫১)	চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান	"
(৫২)	মন্ত্রিপরিষদ সচিব	সদস্য-সচিব

**১.২। কাউন্সিলের সভা :**

- ১.২.১। কাউন্সিলের সভা সভাপতি কর্তৃক নির্ধারিত স্থানে ও সময়ে অনুষ্ঠিত হবে;
  - ১.২.২। প্রতি বছর কাউন্সিলের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে;
  - ১.২.৩। অন্যান্য দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কাউন্সিলের সভার কোরাম হবে;
  - ১.২.৪। উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে কাউন্সিলের সভার সিদ্ধান্ত গৃহীত হবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতির একটি নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে;
  - ১.২.৫। সঙ্গত ও সমীচীন বিবেচনায় প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;
  - ১.২.৬। বিশেষজ্ঞ মতামতের জন্য প্রয়োজনানুসারে পারমাণবিক বা অন্যান্য খাত-ভিত্তিক বিশেষজ্ঞ বা পেশাদারকে আমন্ত্রণ জানানো যাবে;
  - ১.২.৭। পারমাণবিক দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং জরুরি সাড়াদান ব্যবস্থাপনার জন্য কোন নীতি, কর্মসূচি প্রণয়ন এবং/অথবা বাস্তবায়নের প্রয়োজনে কমিটি গঠন করতে পারবে;
  - ১.২.৮। কাউন্সিল সভার সিদ্ধান্তসমূহ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটি (IMNREMCC) কর্তৃক বাস্তবায়িত হবে।
- ১.৩। জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের (NDMC) দায়িত্ব ও কার্যাবলি:**
- ১.৩.১। দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে নীতিমালা ও পরিকল্পনা-সংক্রান্ত কৌশলগত দিক-নির্দেশনা প্রদান;
  - ১.৩.২। দুর্যোগ ব্যবস্থাপনা-বিষয়ক আইন, নীতিমালা ও পরিকল্পনার বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
  - ১.৩.৩। বিদ্যমান দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জরুরি সাড়াদান কার্যক্রম পদ্ধতি পর্যালোচনা এবং মূল্যায়নপূর্বক এর সংশোধন, পরিমার্জন বা পরিবর্তনের জন্য কৌশলগত দিক-নির্দেশনা প্রদান;
  - ১.৩.৪। দুর্যোগ প্রস্তুতিমূলক কার্যক্রম মূল্যায়ন এবং এতদ্বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, কমিটি ও ব্যক্তিবর্গকে কৌশলগত পরামর্শ প্রদান;
  - ১.৩.৫। দুর্যোগ পরবর্তী সাড়াদান ও পুনরুদ্ধার কার্যক্রম এবং এর পদ্ধতি ও প্রক্রিয়া উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, কমিটি ও ব্যক্তিবর্গকে কৌশলগত নির্দেশনা প্রদান;
  - ১.৩.৬। দুর্যোগ মোকাবিলা বা পুনর্বাসন বিষয়ে গৃহীত সরকারি প্রকল্প বা কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
  - ১.৩.৭। দুর্যোগ সংক্রান্ত সকল বিষয়, কার্যাদি, নির্দেশনা, কর্মসূচি, আইন, বিধি, নীতিমালা, ইত্যাদি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার, কর্মশালা ইত্যাদি আয়োজনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ব্যক্তিবর্গকে প্রয়োজনীয় নির্দেশনা বা পরামর্শ প্রদান;
  - ১.৩.৮। দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২-এর উদ্দেশ্য পূরণকল্পে আনুষঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণ।

- ১.৪। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের (NDMC) দায়িত্ব ও কার্যাবলি:**
- ১.৪.১। জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনার বিদ্যমান পদ্ধতি পুনঃমূল্যায়ন এবং জরুরি সাড়াদান ব্যবস্থাপনা এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসের নিমিত্ত কৌশলগত পরামর্শ প্রদান;
- ১.৪.২। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনার বিষয়ে বিদ্যমান নীতি এবং পরিকল্পনা দলিলাদি পুনঃমূল্যায়ন এবং কৌশলগত পরামর্শ প্রদান;
- ১.৪.৩। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ প্রশমন বিষয়াদির সেক্টর ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা এবং কর্মসূচির সাথে সমন্বয় করার নিমিত্ত বিভিন্ন সেক্টরের মধ্যে সংলাপের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান;
- ১.৪.৪। পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিপর্যয় সংক্রান্ত ঝুঁকি হ্রাসের বিষয়ে উচ্চপর্যায়ে নীতি-নির্ধারকদের মধ্যে সচেতনতা সৃষ্টিকরণে প্রয়োজনীয় নির্দেশনা বা পরামর্শ প্রদান;
- ১.৪.৫। পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ প্রস্তুতিমূলক ব্যবস্থাপনা পদ্ধতির মূল্যায়ন ও কৌশলগত পরামর্শ প্রদান;
- ১.৪.৬। একটি বৃহৎ আকারের পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার পরে সাড়াদান ও পুনরুদ্ধার কার্যক্রম মূল্যায়ন করা এবং যাবতীয় পদ্ধতি ও কৌশল-এর মান-উন্নয়নের জন্য কৌশলগত পদ্ধতি ও পরিকল্পনা গ্রহণ।
- ১.৪.৭। পারমাণবিক ও তেজস্ক্রিয়তার সংক্রান্ত নানাবিধ বিপর্যয় ও ঝুঁকি হ্রাসের ক্ষেত্রে বিভিন্ন সংস্থার মধ্যে জরুরি ব্যবস্থাপনার সমন্বয় সাধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা বা পরামর্শ প্রদান।

**২.১। জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটি (NNREMAC) :**

**সারণী ২.১ :** জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটির সদস্যবৃন্দ:

১.	মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সভাপতি
২.	সভাপতি, সংসদীয় স্থায়ী কমিটি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
৩.	সভাপতি, সংসদীয় স্থায়ী কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	"
৪.	পারমাণবিক স্থাপনা/পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র সংলগ্ন এলাকার সংসদ সদস্য	"
৫.	সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	"
৬.	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	"
৭.	প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ	"
৮.	চেয়ারম্যান, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি	"
৯.	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	"

১০.	উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
১১.	উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	"
১২.	উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়	"
১৩.	প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	"
১৪.	প্রধান বন সংরক্ষক, বন বিভাগ	"
১৫.	পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল	"
১৬.	পরিচালক, পারমাণবিক স্থাপনা/পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নিকটস্থ মেডিকেল কলেজ এবং হাসপাতাল	"
১৭.	মহা-পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	"
১৮.	মহা-পরিচালক, পরিবেশ অধিদপ্তর	"
১৯.	মহা-পরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	"
২০.	মহা-পরিচালক, মৎস্য অধিদপ্তর	"
২১.	মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর	"
২২.	চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ	"
২৩.	জরুরি সাড়াদান ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	"
২৪.	পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর	"
২৫.	ভূমিকম্প এবং পুরকৌশল বিশেষজ্ঞ	"
২৬.	ভৌত অবকাঠামো বিশেষজ্ঞ	"
২৭.	বিশেষজ্ঞ, দুর্যোগ ব্যবস্থাপনা এবং স্থানান্তর (evacuation)	"
২৮.	বিশেষজ্ঞ, অগ্নিনির্বাপক ও সুরক্ষা	"
২৯.	বিশেষজ্ঞ, স্বাস্থ্য এবং বিকিরণ সংক্রান্ত	"
৩০.	ভূতাত্ত্বিক বিশেষজ্ঞ	"
৩১.	পারমাণবিক নিরাপত্তা বিশেষজ্ঞ	"
৩২.	নিউক্লিয়ার মেডিসিন বিশেষজ্ঞ	"
৩৩.	পরিবেশ সংরক্ষণ বিশেষজ্ঞ	"
৩৪.	পানি সম্পদ বিশেষজ্ঞ	"
৩৫.	জননিরাপত্তা বিশেষজ্ঞ	"
৩৬.	পরমাণু ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত গবেষক	"
৩৭.	ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	"
৩৮.	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	সদস্য-সচিব

**২.২। সভা :**

জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটি (NNREMAC) বছরে কমপক্ষে দু'বার সভা আয়োজন করবে; প্রয়োজনে সভাপতি অতিরিক্ত সভাও আহ্বান করতে পারবেন।

**২.৩। উপ-কমিটি :**

সভাপতি মনোনয়নের পর প্রয়োজনে বিষয়-ভিত্তিক উপ-কমিটি গঠন করা যাবে। উপ-কমিটিতে প্রয়োজনে বিশেষজ্ঞ কো-অপ্ট করা যাবে।

**২.৪। সাধারণ দায়িত্বাবলি :**

- ২.৪.১। NDMC, IMNREMCC, NNREMC এবং অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী-কে প্রযুক্তি এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ ঝুঁকি হ্রাসের জরুরি ব্যবস্থাপনা সম্পর্কে পরামর্শ প্রদান;
- ২.৪.২। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা ঝুঁকির বিষয়ে কমিটির সদস্যদের সতর্ককরণ এবং দুর্যোগ ঝুঁকি প্রশমনের সম্ভাব্যতা বিষয়ে কর্মশালা, প্রশিক্ষণসহ গবেষণা কার্যে উৎসাহ প্রদান;
- ২.৪.৩। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা ঝুঁকি সমস্যা সমাধানের অনুকূল পরিস্থিতি সৃষ্টি ও জরুরি ব্যবস্থাপনা ও সহযোগিতার নিমিত্ত বিশেষজ্ঞগণের সমন্বয়ে আলোচনার ক্ষেত্র প্রস্তুতকরণ ;
- ২.৪.৪। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত ঝুঁকি নিরসনের জন্য বিশেষ প্রকল্প গ্রহণ এবং বিশেষ জরুরি অবস্থা মোকাবেলার জন্য অর্থ ছাড়ের সুপারিশ প্রদান;
- ২.৪.৫। অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী অথবা সংশ্লিষ্ট কোন সংস্থা/ব্যক্তির চিহ্নিত করা সমস্যা নিরসনে সুপারিশ প্রদান;
- ২.৪.৬। দীর্ঘমেয়াদি পুনরুদ্ধার সংক্রান্ত পরিকল্পনার প্রস্তাব প্রদান;
- ২.৪.৭। দুর্যোগ মোকাবেলার জন্য প্রস্তুতিমূলক কর্মসূচির দুর্যোগ পরবর্তী অবস্থায় মূল্যায়ন;
- ২.৪.৮। NDMC-এর নিকট সুপারিশসহ প্রতিবেদন দাখিল।

**৩.১। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটি (IMNREMCC) :**

দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং জরুরি ব্যবস্থাপনা সম্পর্কিত নীতি নির্ধারণ, পরিকল্পনা, কর্মসূচি ইত্যাদি বাস্তবায়নের জন্য জাতীয় পর্যায়ে আন্তঃমন্ত্রণালয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা সমন্বয় কমিটি গঠিত হবে।

**সারণী ৩.১: পারমাণবিক ও তেজস্ক্রিয়তা জরুরি ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটি (IMNREMCC) :**

১.	মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সভাপতি
২.	মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ	সহ-সভাপতি
৩.	প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	সদস্য

৪.	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য-সচিব
৫.	সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৬.	সচিব, কৃষি মন্ত্রণালয়	"
৭.	সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়	"
৮.	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	"
৯.	সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ	"
১০.	সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	"
১১.	সচিব, তথ্য মন্ত্রণালয়	"
১২.	সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	"
১৩.	সচিব, বিদ্যুৎ বিভাগ	"
১৪.	সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	"
১৫.	সচিব, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়	"
১৬.	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	"
১৭.	সচিব, তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ	"
১৮.	সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	"
১৯.	সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	"
২০.	সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	"
২১.	সচিব, খাদ্য মন্ত্রণালয়	"
২২.	সচিব, অর্থ বিভাগ	"
২৩.	সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	"
২৪.	সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	"
২৫.	সচিব, স্থানীয় সরকার বিভাগ	"
২৬.	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	"
২৭.	সচিব, জননিরাপত্তা বিভাগ	"
২৮.	সচিব, সুরক্ষা সেবা বিভাগ	"
২৯.	সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	"
৩০.	সচিব, রেলপথ মন্ত্রণালয়	"
৩১.	সচিব, সেতু বিভাগ	"
৩২.	সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়	"
৩৩.	সচিব, ভূমি মন্ত্রণালয়	"
৩৪.	সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	"

৩৫.	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
৩৬.	সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	"
৩৭.	সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়	"
৩৮.	সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন	"
৩৯.	সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন	"
৪০.	ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (আইজিপি), বাংলাদেশ পুলিশ	"
৪১.	প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ	"
৪২.	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	"
৪৩.	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	"
৪৪.	চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান	"
৪৫.	সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি	"
৪৬.	মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো	"
৪৭.	মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	"
৪৮.	মহাপরিচালক, NNREMC	"
৪৯.	ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড	"

### ৩.২। সভা :

৩.২.১। বছরে কমপক্ষে IMNREMCC-এর দুটি সভা অনুষ্ঠিত হবে। সভাপতি প্রয়োজন অনুসারে অন্য যে কোন সময় সভা আহ্বান করতে পারবেন;

৩.২.২। প্রয়োজনে কমিটিতে সদস্য কো-অপ্ট করা যাবে;

৩.২.৩। আইএমএনআরইএমসিসি বিশেষজ্ঞ মতামতের জন্য বিশেষজ্ঞ বা পেশাদারকে আমন্ত্রণ জানাতে পারবে।

### ৩.৩। নিম্নলিখিত কর্মকর্তাবৃন্দ আমন্ত্রণক্রমে বৈঠকে যোগদান করবেন :

৩.৩.১। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

৩.৩.২। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

৩.৩.৩। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ সংস্থা লিমিটেড

৩.৩.৪। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

৩.৩.৫। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা

৩.৩.৬। চেয়ারম্যান, জাতীয় প্রতিবন্ধী ফাউন্ডেশন

৩.৩.৭। সভাপতি, বাংলাদেশ ফেডারেশন অফ চেম্বার অ্যান্ড কমার্স ইন্ডাস্ট্রিজ

৩.৩.৮। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ



- ৩.৩.৯। প্রধান প্রকৌশলী, গণপূর্ত বিভাগ  
 ৩.৩.১০। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ  
 ৩.৩.১১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
 ৩.৩.১২। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ  
 ৩.৩.১৩। মহা-পরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
 ৩.৩.১৪। মহা-পরিচালক, স্বাস্থ্য সেবা অধিদপ্তর  
 ৩.৩.১৫। মহা-পরিচালক, অপারেশন এন্ড প্লান, সশস্ত্র বাহিনী বিভাগ  
 ৩.৩.১৬। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর  
 ৩.৩.১৭। মহা-পরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর  
 ৩.৩.১৮। মহা-পরিচালক, খাদ্য অধিদপ্তর  
 ৩.৩.১৯। মহা-পরিচালক, বাংলাদেশ রেলওয়ে  
 ৩.৩.২০। মহা-পরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স  
 ৩.৩.২১। মহা-পরিচালক, বাংলাদেশের ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
 ৩.৩.২২। সমন্বয়ক, পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল (NSPC)  
 ৩.৩.২৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
 ৩.৩.২৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
 ৩.৩.২৫। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর  
 ৩.৩.২৬। পরিচালক, সাইক্লোন প্রস্তুতি প্রোগ্রাম (CPP)  
 ৩.৩.২৭। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র (FFWC)  
 ৩.৩.২৮। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (PKSF)  
 ৩.৩.২৯। বাংলাদেশে উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি  
 ৩.৩.৩০। প্রতিনিধি, বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের আবাসিক সমন্বয়ক  
 ৩.৩.৩১। জাতিসংঘের সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি  
 ৩.৩.৩২। জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস  
 ৩.৩.৩৩। অন্য কোন বিশেষজ্ঞ বা সংস্থা।

### ৩.৪। IMNREMCC-এর দায়িত্ব :

#### ৩.৪.১ ঝুঁকি হ্রাস :

- ৩.৪.১.১। জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল-এর পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা ও সম্পাদন;  
 ৩.৪.১.২। জাতীয় পর্যায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংশ্লিষ্ট ঝুঁকি হ্রাস ও দুর্যোগ প্রশমনে আইন, নীতিমালা, দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি এবং অন্যান্য জাতীয় পরিকল্পনা (খাত ও ঝুঁকিভিত্তিক) প্রণয়নের জন্য সরকারের নিকট সুপারিশ প্রদান;

- ৩.৪.১.৩। প্রাথমিক সাড়াদানকারী বিভিন্ন সংস্থার কন্টিনজেন্সি (contingency)/জরুরি ব্যবস্থাপনা পরিকল্পনা পুনঃমূল্যায়ন, সংশোধন ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ;
- ৩.৪.১.৪। জরুরি ভিত্তিতে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত গাইডলাইন এবং টেম্পলেট (template) অনুমোদন;
- ৩.৪.১.৫। সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ এবং বিভাগ, জেলা, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত পরিকল্পনা অনুমোদন;
- ৩.৪.১.৬। বাংলাদেশ দুর্যোগ ব্যবস্থাপনা কাঠামোর মধ্যে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ ও ঝুঁকি প্রতিরোধ, প্রশমন, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার ও পুনর্বাসন ইত্যাদির জন্য উপযুক্ত আইনি পদ্ধতির সুপারিশ প্রদান;
- ৩.৪.১.৭। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ ঝুঁকি হ্রাসের জন্য জাতীয় এবং আঞ্চলিক কর্মসূচি অনুমোদন;
- ৩.৪.১.৮। উন্নয়ন নীতি, পরিকল্পনা ও কর্মসূচিতে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ ঝুঁকি হ্রাসের বিষয়কে অগ্রাধিকার প্রদান;
- ৩.৪.১.৯। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ ঝুঁকি হ্রাসের বিষয়ে DRR -এর কার্যক্রম, কর্মসূচি পর্যবেক্ষণ এবং NDMC-কে অগ্রগতি অবহিতকরণ;
- ৩.৪.১.১০। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনার পুনঃমূল্যায়ন;
- ৩.৪.১.১১। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত ব্যবস্থাপনা সম্পর্কিত পর্যবেক্ষণ, মূল্যায়ন, শিক্ষা এবং গবেষণা কার্যক্রম প্রচার।

### ৩.৪.২ জরুরি সাড়াদান :

- ৩.৪.২.১। জরুরি প্রস্তুতিমূলক ব্যবস্থাপনার পুনঃমূল্যায়ন এবং সংশোধনের ব্যবস্থা গ্রহণ;
- ৩.৪.২.২। গৃহীত সাড়াদান এবং পুনরুদ্ধার পরিকল্পনা অনুমোদন;
- ৩.৪.২.৩। প্রস্তুতিমূলক কার্যক্রমের অংশ হিসেবে অগ্নিনির্বাপকের মহড়া, অনুসন্ধান ও উদ্ধার কাজের অভিনয় (mock)-এর অনুশীলনের ব্যবস্থা গ্রহণ;
- ৩.৪.২.৪। জরুরি সাড়াদান, ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমের সকল প্রতিষ্ঠান ও সংস্থাসমূহের কার্যক্রমের সমন্বয় (whole-of-government coordination) নিশ্চিতকরণ;
- ৩.৪.২.৫। আকস্মিক ঘটনা ব্যবস্থাপনার্থে বিভিন্ন সংস্থার জন্য নির্দেশিকা অনুমোদন;
- ৩.৪.২.৬। উদ্ধার ও অনুসন্ধান কার্যক্রমের জন্য টাস্কফোর্স (Task Force) গঠন।

### ৪.১ আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটি (IMDMCC)

কমিটির গঠন ও কার্যপরিধি এ পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম এবং দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) অনুযায়ী হবে;

### ৪.২ সিটি কর্পোরেশন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি

কমিটির গঠন ও কার্যপরিধি এ পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম এবং দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) অনুযায়ী হবে;

**৪.৩ বিভাগীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি**

কমিটির গঠন ও কার্যপরিধি এ পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম এবং দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) অনুযায়ী হবে;

**৪.৪ জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি**

কমিটির গঠন ও কার্যপরিধি এ পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম এবং দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) অনুযায়ী হবে;

**৪.৫ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি**

কমিটির গঠন ও কার্যপরিধি এ পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম এবং দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) অনুযায়ী হবে;

**৪.৬ পৌরসভা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি**

কমিটির গঠন ও কার্যপরিধি এ পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম এবং দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) অনুযায়ী হবে;

**৪.৭ ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি**

কমিটির গঠন ও কার্যপরিধি এ পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম এবং দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) অনুযায়ী হবে।

**৪.৮ ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি**

কমিটির গঠন ও কার্যপরিধি এ পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম এবং দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) অনুযায়ী হবে।

**সংযুক্তি-২: বিভিন্ন সংস্থার ভূমিকা ও দায়িত্বাবলি**

প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/প্রতিষ্ঠান ইত্যাদির নিজস্ব সুনির্দিষ্ট দায়িত্ব ছাড়াও পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট নির্দিষ্ট ভূমিকা ও দায়িত্বসমূহ এই পরিকল্পনা দলিলে আলাদাভাবে তালিকাভুক্ত রয়েছে। প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ তার অধীনস্থ সংস্থাসমূহের পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অর্পিত দায়িত্বাবলি সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ ছাড়া, প্রশাসনিক মন্ত্রণালয় প্রয়োজনে প্রাসঙ্গিক নীতিমালা, আইন ও বিধিমালা ইত্যাদি প্রণয়ন, সংশোধন, পরিমার্জন করবে এবং পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখবে।

**মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের দায়িত্ব ও কার্যাবলি :****১। মন্ত্রিপরিষদ বিভাগ:**

মন্ত্রিপরিষদ বিভাগ নিম্নোক্ত দায়িত্ব পালন করবে :

- ✓ NNREPR পরিকল্পনা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও অন্যান্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত ও IMNREMCC কর্তৃক সুপারিশকৃত আইনগত কাঠামো অনুমোদনের ব্যবস্থা গ্রহণ;
- ✓ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগকে তাদের স্ব স্ব নীতিমালা, পরিকল্পনা ও কার্যক্রমের মাধ্যমে পারমাণবিক ও বিকিরণ ঝুঁকি প্রশমন নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান;

**ক। বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসন:**

বিভাগীয়, জেলা এবং উপজেলা প্রশাসন নিম্নলিখিত উপায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সহায়তা প্রদান করবেঃ

- ✓ বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসন তেজস্ক্রিয়তা সংক্রান্ত বা পারমাণবিক জরুরি অবস্থায় বিভাগীয়, জেলা ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির নির্দেশ অনুসারে নিবিড়ভাবে কাজ করবে;
- ✓ ফ্লোর স্পেস (floor space), টেলিযোগাযোগ এবং স্বয়ংক্রিয় তথ্য প্রক্রিয়াকরণ পরিষেবা, সরবরাহকৃত বস্তু, পরিবহন, কম্পিউটার, চুক্তি, সরঞ্জাম এবং জিনিসপত্রের পাশাপাশি সুনির্দিষ্ট পরিষেবাদি যা সরকারের অন্যান্য সংস্থার নিজস্ব সক্ষমতার বাইরে সেসব পরিষেবাদি অধিগ্রহণ বা ক্রয়/সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ তেজস্ক্রিয়তা সংক্রান্ত বা পারমাণবিক জরুরি পরিস্থিতিতে আক্রান্ত ব্যক্তি এবং তাদের সম্পদ স্থানান্তরের কাজ দ্রুত করার জন্য জনশক্তি নিয়োজিত করবে;
- ✓ দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য ব্যবহারযোগ্য আবাসন সম্পর্কিত পর্যালোচনা এবং প্রতিবেদন প্রস্তুত করবে;
- ✓ গৃহহীন ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত দুর্যোগ সহনশীল আবাসনের ব্যবস্থার জন্য পরিকল্পনা গ্রহণে সহায়তা প্রদান করবে;
- ✓ বিদ্যমান সম্পদের মধ্যে জরুরিভাবে আবাসস্থলের ব্যবস্থা গ্রহণে সহযোগিতার জন্য কর্মকর্তা/কর্মচারীদের নিয়োজিত করবে।

**২। প্রধানমন্ত্রীর কার্যালয়:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ঘটনায়, সংশ্লিষ্ট সংস্থাসমূহের ভূমিকা পর্যবেক্ষণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় একটি পর্যবেক্ষণ কেন্দ্র খুলতে পারে।

**ক। সশস্ত্র বাহিনী বিভাগ**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ঘটনায় ক্ষয়ক্ষতি বৃদ্ধি নিয়ন্ত্রণ, অনুসন্ধান, উদ্ধার, স্থানান্তর (evacuation) ও ক্ষয়ক্ষতি নিরূপণ, জরুরি অবস্থায় পারমাণবিক ও বিকিরণ পদার্থসমূহের অপসারণ, এলাকাভিত্তিক আইন ও শৃঙ্খলা ও স্থায়িত্ব বজায় রাখা, জনগণ ও জিনিসপত্র স্থানান্তর ইত্যাদি কাজে জরুরি সেবাকর্মীদের পাশাপাশি সশস্ত্র বাহিনী বিভাগ দায়িত্ব পালন করবে।

সশস্ত্র বাহিনী বিভাগ কর্মী, লজিস্টিকস এবং টেলি-যোগাযোগ ব্যবস্থা (logistics and telecommunications), তেজস্ক্রিয় পদার্থের বিকিরণের ফলে আক্রান্ত কিংবা সংক্রমিত ব্যক্তিদের পরামর্শ প্রদান, সঠিক চিকিৎসা এবং প্রয়োজনে স্থল, আকাশ ও নৌ-পথে পরিবহনসহ অন্যান্য সহযোগিতা প্রদান করবে।

**৩। জনপ্রশাসন মন্ত্রণালয়:**

জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ সিভিল সার্ভিস-এর কর্মকর্তাদের যে কোন ধরনের তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং পারমাণবিক জরুরি অবস্থা মোকাবেলা করার জন্য প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি করবে। তেজস্ক্রিয়তা সংক্রান্ত বা পারমাণবিক জরুরি পরিস্থিতিতে জনপ্রশাসন মন্ত্রণালয় জরুরি অবস্থা মোকাবেলা করার জন্য প্রয়োজন অনুসারে জনবল নিয়োজিত করবে।

**৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:**

অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী/অনুমোদনপ্রাপ্ত ব্যক্তি (Authorization holder), স্বত্বাধিকারী, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের (বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ), নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড এবং পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল (NSPC)-এর সকল কার্যক্রম বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর অধীন পরিচালিত হবে। যে কোন পারমাণবিক ও বিকিরণজনিত জরুরি অবস্থায় সাড়াদানকালে সহায়তার জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় তেজস্ক্রিয়তা সংক্রান্ত পরিবীক্ষণ (monitoring), মূল্যায়ন ইত্যাদি সমন্বয় করবে।

**ক। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (BAEC):**

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর নির্দিষ্ট ভূমিকা ও দায়িত্ব এই পরিকল্পনা দলিলে বর্ণনা করা হয়েছে। এই পরিকল্পনার আওতায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর দায়িত্ব হচ্ছে তেজস্ক্রিয়তা সংক্রান্ত ঝুঁকি বিশ্লেষণ, কারিগরি বিষয়ে পরামর্শ প্রদান এবং সাড়াদানকারী প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রযোজ্য সংস্থাসমূহকে সহযোগিতা প্রদান। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক দেশের একটি সক্ষম সংস্থা হিসেবে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন সকল সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহকে কারিগরি ও সাংগাঠনিক উভয় প্রকার সহযোগিতা প্রদান করবে।

**খ। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (BAERA)**

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্দিষ্ট ভূমিকা ও দায়িত্ব এই পরিকল্পনা দলিলে বর্ণনা করা হয়েছে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংশ্লিষ্ট ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ নিশ্চিত করবে যে, সকল রেগুলেটরি অবকাঠামো যথাস্থানে বিদ্যমান এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নির্দেশিত কাঠামো অনুযায়ী সকল সংস্থা তাদের কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও, পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বিশেষজ্ঞ সংস্থা হিসেবেও সহযোগিতা প্রদান করবে। এই পরিকল্পনা দলিলে বর্ণিত পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সাড়াদানকারী সংস্থাসহ অন্যান্য সকল সংস্থার কার্যাদি সমন্বয় করবে।

**গ। নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড (NPCBL)**

নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড-এর নির্দিষ্ট ভূমিকা ও দায়িত্ব এই পরিকল্পনা দলিলে বর্ণনা করা হয়েছে। পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পরিচালনাকারী

সংস্থা হিসেবে NPCBL পারমাণবিক জরুরি অবস্থার জন্য পরিচালনা পদ্ধতি প্রণয়ন, যে কোন অস্বাভাবিক ঘটনা চিহ্নিতকরণ এবং অন-সাইটের পরিণতি প্রশমনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। কোন পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা সম্পর্কে দায়িত্বপ্রাপ্ত সংস্থাকে (জাতীয় ও স্থানীয়) অবহিত করার জন্য নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড দায়িত্ব পালন করবে। এই পরিকল্পনা দলিলে বর্ণিত পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সকল সাড়াদানকারী সংস্থাসহ অন্যান্য সকল সংস্থাকে প্রয়োজনে কারিগরি ও সাংগঠনিক উভয় প্রকার সহযোগিতা প্রদান করবে।

**ঘ। পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল (NSPC):**

পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষার দায়িত্বে নিয়োজিত। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড-এর পরামর্শক্রমে পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের দৈনন্দিন নিরাপত্তা ও সুরক্ষা সংশ্লিষ্ট কার্যাদি প্রতিপালন করবে। বাংলাদেশ সেনাবাহিনীর নির্দেশনার আলোকে পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল-এর অভ্যন্তরীণ প্রশাসনিক ও অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম প্রতিপালন করবে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সাড়াদানকালে পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তার পাশাপাশি জনগণ ও সম্পদের নিরাপত্তা, দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং বাস্তুচ্যুত ব্যক্তিদের দ্রুত স্থানান্তর (evacuation), ক্ষতিগ্রস্তদের আবাসন ও স্বাস্থ্য ব্যবস্থা নিশ্চিতকরণ এবং অন্যান্য সাড়াদানমূলক কার্যক্রমে জড়িত সংস্থা বা প্রতিষ্ঠানকে সহযোগিতা প্রদান করবে।

**ঙ। জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC)**

জাতীয় পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র (NNREMC) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন জরুরি ব্যবস্থাপনা কেন্দ্র হিসেবে কাজ করবে। NNREMC আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (IAEA)-এর ইনসিডেন্ট এন্ড ইমার্জেন্সি সেন্টার (Incident and Emergency Centre (IEC) এবং বাংলাদেশ সরকারের সাথে সমন্বয় করবে। NNREMC পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক) এবং IAEA-সহ সকল সাড়াদান সংস্থাসমূহকে জরুরি সতর্ক বার্তা প্রেরণ করবে। পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় জাতীয় পর্যায়ের কমিটি এবং জেলা পর্যায়ের কমিটি ও ক্ষতিগ্রস্ত এলাকার স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে NNREMC সমন্বয় সাধন করবে। এ ছাড়া, NNREMC জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগ ব্যবস্থাপনা

সংশ্লিষ্ট সকল কমিটি, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (BAEC), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (BAERA), নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (NPCBL), পরিবেশ অধিদপ্তর (DOE) এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (DDM) ইত্যাদি সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষা করবে। NNREMC জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থায় সাড়াদান ব্যবস্থাপনা সংক্রান্ত সকল তথ্য ও উপাত্ত, গৃহীত কার্যক্রমের বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়কে অবহিত করবে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

#### ৫। প্রতিরক্ষা মন্ত্রণালয় :

##### ক। বাংলাদেশ সেনাবাহিনী :

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থা মোকাবেলা করার লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনী তাদের জন্য ঝুঁকি হ্রাস ও সাড়াদান প্রস্তুতি পরিকল্পনা বেসামরিক প্রশাসনের চাহিদায় সাড়া দিতে অপারেশনাল পরিকল্পনা প্রণয়ন করবে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সরকারের চাহিদা মোতাবেক বাংলাদেশ সেনাবাহিনী সকল সাড়াদানকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বিতভাবে সাড়াদান ও মানবিক সহায়তা কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য যথাযথভাবে প্রস্তুত থাকবে। এছাড়াও, সরকারি-বেসরকারি সম্পদ ও জনগণের নিরাপত্তা প্রদানে অংশগ্রহণসহ ক্ষতিগ্রস্ত জনগণকে উদ্ধার, স্থানান্তর (evacuation) কার্যক্রমে অংশগ্রহণ, ক্ষতিগ্রস্ত জনগণকে নিরাপদ আশ্রয়স্থলে স্থানান্তর, প্রয়োজনীয় যানবাহন সরবরাহ, চিকিৎসা সেবা প্রদান (অস্থায়ী ফিল্ড হাসপাতালসহ) এবং অন্যান্য আনুষঙ্গিক সহায়তা প্রদান করবে। প্রাকৃতিক দুর্যোগসহ অন্যান্য দুর্যোগ পরিস্থিতি মোকাবেলা সংশ্লিষ্ট বাংলাদেশ সেনাবাহিনীর নিয়মিত মহড়াকালে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতি মোকাবেলা সংশ্লিষ্ট মহড়াও অনুশীলন করবে। পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা সেল (NSPC)-এর ফোর্সেস কমান্ড বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে দায়িত্ব পালন করবে।

##### খ। বাংলাদেশ নৌবাহিনী

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থা মোকাবেলা করার লক্ষ্যে বাংলাদেশ নৌবাহিনীর জন্য ঝুঁকি হ্রাস ও সাড়াদান প্রস্তুতি পরিকল্পনা এবং বেসামরিক প্রশাসনের চাহিদায় সাড়া দিতে বাংলাদেশ নৌবাহিনী অপারেশনাল পরিকল্পনা প্রণয়ন করবে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সরকারের চাহিদা মোতাবেক বাংলাদেশ নৌবাহিনী সকল সাড়াদানকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বিতভাবে সাড়াদান ও মানবিক সহায়তা কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য যথাযথভাবে প্রস্তুত থাকবে। এছাড়াও, সরকারি-বেসরকারি সম্পদ ও জনগণের নিরাপত্তা প্রদানে অংশগ্রহণসহ ক্ষতিগ্রস্ত জনগণকে উদ্ধার, স্থানান্তর (evacuation) কার্যক্রমে অংশগ্রহণ, ক্ষতিগ্রস্ত জনগণকে নৌ-পথে নিরাপদ আশ্রয়স্থলে স্থানান্তর, প্রয়োজনীয় উদ্ধার জলযান সরবরাহ, চিকিৎসা সেবা প্রদান (অস্থায়ী ফিল্ড হাসপাতালসহ) এবং অন্যান্য আনুষঙ্গিক সহায়তা প্রদান করবে। প্রাকৃতিক দুর্যোগসহ অন্যান্য দুর্যোগ পরিস্থিতি মোকাবেলা সংশ্লিষ্ট বাংলাদেশ নৌবাহিনীর নিয়মিত মহড়াকালে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতি মোকাবেলা সংশ্লিষ্ট মহড়াও অনুশীলন করবে।

**গ। বাংলাদেশ বিমান বাহিনী:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা বিষয়ক জরুরি অবস্থা মোকাবেলা করার লক্ষ্যে বাংলাদেশ বিমান বাহিনীর জন্য ঝুঁকি হ্রাস ও সাড়াদান প্রস্তুতি পরিকল্পনা এবং বেসামরিক প্রশাসনের চাহিদায় সাড়া দিতে বাংলাদেশ বিমান বাহিনী অপারেশনাল পরিকল্পনা প্রণয়ন করবে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সরকারের চাহিদা মোতাবেক বাংলাদেশ বিমান বাহিনী সকল সাড়াদানকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বিতভাবে সাড়াদান ও মানবিক সহায়তা কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য যথাযথভাবে প্রস্তুত থাকবে। এছাড়াও সরকারি-বেসরকারি সম্পদ ও জনগণের নিরাপত্তা প্রদানে অংশগ্রহণসহ ক্ষতিগ্রস্ত জনগণকে উদ্ধার, স্থানান্তর (evacuation) কার্যক্রমে অংশগ্রহণ, ক্ষতিগ্রস্ত জনগণকে প্রয়োজনে হেলিকপ্টার/উড়োজাহাজে নিরাপদ আশ্রয়স্থলে স্থানান্তর, চিকিৎসা সেবা প্রদান (অস্থায়ী ফিল্ড হাসপাতালসহ), খাদ্য ও পানি বহন, প্রয়োজনে এয়ারড্রপের মাধ্যমে ক্ষতিগ্রস্ত জনগণের কাছে খাদ্য, ঔষধ ও অন্যান্য ত্রাণ সামগ্রী সরবরাহ এবং অন্যান্য আনুষঙ্গিক সহায়তা প্রদান করবে। প্রাকৃতিক দুর্যোগসহ অন্যান্য দুর্যোগ পরিস্থিতি মোকাবেলা সংশ্লিষ্ট বাংলাদেশ বিমান বাহিনীর নিয়মিত মহড়াকালে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতি মোকাবেলা সংশ্লিষ্ট মহড়াও অনুশীলন করবে।

**ঘ। বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (SPARRSO)**

স্বাভাবিক এবং জরুরি সময়ে বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (SPARRSO) স্যাটেলাইটভিত্তিক তথ্য সরবরাহ করবে।

**ঙ। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর:**

- ✓ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় বায়ুবাহিত তেজস্ক্রিয় পদার্থের চলাচলের মূল্যায়নের জন্য পর্যবেক্ষণ ও দায়িত্বপ্রাপ্ত সংস্থাকে (অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী, স্বত্বাধিকারী, নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ) দুর্ঘটনা অঞ্চল এবং আশেপাশের আবহাওয়ার পর্যবেক্ষণ ও প্রকৃত অবস্থা সম্পর্কে অবহিত করবে;
- ✓ জরুরি সাড়াদান কার্যক্রমে সহায়তা করার জন্য আবহাওয়ার কার্যকরী পূর্বাভাস প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট সকল সংস্থাকে সরবরাহ করবে;
- ✓ Plume Trajectories, Dispersion and Deposition-এর পূর্বাভাস প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট সকল সংস্থাকে সরবরাহ করবে;
- ✓ বিশেষ সংগ্রহ হিসেবে, সাড়াদান পর্যবেক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে প্রযোজ্য জাতীয় পর্যবেক্ষণ পদ্ধতি থেকে আবহাওয়া সম্পর্কিত তথ্যাদি আর্কাইভ করার ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ বিদেশি উৎস হতে সৃষ্ট জরুরি অবস্থার ক্ষেত্রে, IAEA থেকে বিশ্ব আবহাওয়া সংস্থার (WMO) গ্লোবাল টেলিকমিউনিকেশন সিস্টেমের (Global Telecommu- nication System-GTS) মাধ্যমে প্রাপ্ত তথ্যাদি দায়িত্ব প্রাপ্ত সংস্থাকে (অনুমোদিত কর্তৃপক্ষ/ পরিচালনাকারী, স্বত্বাধিকারী, নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ) অবিলম্বে প্রেরণ করতে হবে;



- ✓ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর বায়ু দূষণ নিরীক্ষণ কেন্দ্র থেকে বৃষ্টির পানি ও ফিল্টারের নমুনা সংগ্রহ এবং তেজস্ক্রিয়তা বিশ্লেষণের জন্য দায়িত্ব প্রাপ্ত সংস্থা (অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী, স্বত্বাধিকারী, নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ)-কে প্রেরণ করবে;
- ✓ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এ ধরনের কার্যাবলী পরিচালনার জন্য তাদের নিজস্ব সক্ষমতা বৃদ্ধি করবে।

#### ৬। স্বরাষ্ট্র মন্ত্রণালয় :

##### ক। জননিরাপত্তা বিভাগ

##### ১। বাংলাদেশ পুলিশ :

- ✓ আইন-শৃঙ্খলা বজায় রাখাসহ ক্ষতিগ্রস্ত অঞ্চলটি ঘিরে রাখার (cordon off) ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ দুর্যোগে ক্ষতিগ্রস্ত অঞ্চলে চলাচল এবং জনবল সরিয়ে নেওয়ার জন্য নিরাপদ রুট স্থাপনের জন্য সড়ক ও মহাসড়কে ট্রাফিক পরিচালনা করবে;
- ✓ দুর্যোগ নিয়ন্ত্রণে উদ্ধার অভিযানে ও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের আশ্রয়কেন্দ্রে স্থানান্তরে সহায়তা প্রদান করবে;
- ✓ নিহতদের সনাক্তকরণ, আত্মীয়দের অবহিতকরণ এবং সংশ্লিষ্ট বিভাগের সহায়তায় মৃত দেহের সৎকার কাজ সম্পন্নে সহায়তা প্রদান করবে;
- ✓ নিখোঁজ ব্যক্তিদের তালিকা প্রস্তুত ও সনাক্তকরণের পদক্ষেপ গ্রহণ করবে।

##### ক) হাইওয়ে পুলিশ (Highway Police) :

মহাসড়কের নিরাপত্তা নিশ্চিত, ট্রাফিক ব্যবস্থা পরিচালনা, সড়ক অবরোধ দূরীকরণ এবং পারমাণবিক বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় যে কোন আইন লঙ্ঘনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে।

##### খ) রেলওয়ে পুলিশ :

রেলওয়ে পুলিশ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় স্থানান্তর (evacuation) কার্যক্রমকালে রেলপথে মানুষ ও পণ্য পরিবহনের নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিত করতে সাহায্য করবে। তদুপরি, এ জাতীয় জরুরি পরিস্থিতিতে প্রয়োজনে আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়তা করবে।

##### গ) নৌ পুলিশ :

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় স্থানান্তরকালে (evacuation) নৌপথে জনবল ও সম্পদের নিরাপদ স্থানান্তর, নিরাপত্তা এবং সুরক্ষা প্রদানে সহায়তা করবে। অধিকন্তু, এ জাতীয় জরুরি পরিস্থিতিতে প্রয়োজনে আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়তা করবে।

**ঘ) ইন্ডাস্ট্রিয়াল পুলিশ (Industrial Police) :**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় ইন্ডাস্ট্রিয়াল পুলিশ প্রয়োজনে শিল্প এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা এবং জনবল ও শিল্পসমূহের নিরাপদ এবং সুরক্ষা প্রদানে সহায়তা করবে।

**২। বাংলাদেশ আনসার এবং গ্রাম প্রতিরক্ষা বাহিনী (VDP) :**

বাংলাদেশ আনসার এবং গ্রাম প্রতিরক্ষা বাহিনী (ভিডিপি) উদ্ধার ও স্থানান্তরের ক্ষেত্রে সহায়তা করবে। তারা নিরাপত্তা, আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং পুনর্বাসন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা করবে।

**৩। বাংলাদেশ কোস্ট গার্ড (Coast Guard) :**

বাংলাদেশ কোস্ট গার্ড :

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে সমুদ্র বন্দরগুলোতে নিরাপত্তা সহায়তার মাধ্যমে সামগ্রিক নিরাপত্তা এবং আইন-শৃঙ্খলা নিশ্চিত করবে;
- ✓ বাংলাদেশের জলসীমায় এবং উপকূলীয় অঞ্চলে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত সামগ্রীর অবৈধ হস্তান্তর ও পাচার নিয়ন্ত্রণ করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রয়োজনে উপকূলীয় অঞ্চলে দ্রাণ ও উদ্ধার কাজ পরিচালনা করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় কোস্ট গার্ড হতে তাৎক্ষণিক সহায়তা বিশেষ করে জনবল ও সম্পদের নিরাপদ স্থানান্তর (evacuation) কার্যক্রম এবং প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা দেয়ার নিমিত্ত সহযোগিতা নেয়ার জন্য কোস্ট গার্ড সচেতনতামূলক কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে।

**৪। বর্ডার গার্ড বাংলাদেশ (BGB) :**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় জনগণকে নিরাপদ স্থানান্তর (evacuation), আশ্রয়ের ব্যবস্থা এবং জনসাধারণের সম্পদ সুরক্ষায় সহায়তা করবে।

**খ। সুরক্ষা সেবা বিভাগ****১। বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স :**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায়, বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অগ্নি নির্বাপন ও নিয়ন্ত্রণসহ আগুন হতে প্রাণ ও সম্পত্তি রক্ষার দায়িত্ব পালন করবে। তারা ঘটনাস্থল পরিবেষ্টন, প্রবেশাধিকার সীমিত করণ, আহত ব্যক্তির প্রাথমিক চিকিৎসাসহ আহত ব্যক্তিকে হাসপাতালে পরিবহন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তথ্য সরবরাহ করবে।
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্ঘটনা মোকাবেলাসহ এ সকল কাজের জন্য বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স নিজেদের সক্ষমতা গড়ে তুলবে।

**৭। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় :**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় দুর্যোগ সংক্রান্ত বিষয়ে সরকারের ফোকাল পয়েন্ট। যে কোন দুর্যোগ ব্যবস্থাপনায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জাতীয়ভাবে মূল সমন্বয়কের ভূমিকা পালন করে।

**ক। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর :**

- ✓ ক্ষতিগ্রস্ত সংস্থা হতে তেজক্ষিয়তা সংক্রান্ত নয় (non-radiological) এমন সহায়তার অনুরোধের বিষয়ে সাড়াদান কার্যক্রম পর্যবেক্ষণ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহে তথ্য সরবরাহ করবে;
- ✓ সংস্থা হতে সহায়তার অনুরোধ এবং এ প্রেক্ষিতে সাড়াদানের হাল-নাগাদ কার্যক্রমের (status) বিষয়ে অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ইত্যাদি-কে অবহিত রাখবে;
- ✓ সাড়াদানের বিষয়ে প্রকৃত বা আপাতত প্রয়োজন নেই, বাহ্যিক অথবা যা সংঘাতমূলক এমন কার্যক্রম চিহ্নিতকরণপূর্বক জাতীয় সংস্থাসমূহকে সাড়াদানমূলক কার্যক্রম সম্পর্কে অবহিত করবে;
- ✓ তেজক্ষিয়তা সংক্রান্ত নয় (non-radiological) এমন সকল রিসোর্স কার্যকলাপের অবস্থা অবহিত হওয়ার জন্য একটি সমন্বিত তথ্য, উপাত্ত ও এর উৎস পাওয়ার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ করবে;
- ✓ জরুরি পরিস্থিতিতে সাড়াদানের জন্য অন্যান্য সংস্থাসমূহকে তেজক্ষিয়তা সংক্রান্ত নয় (non-radiological) এরূপ বিষয়ে সহায়তা করবে;
- ✓ জেলা পর্যায়ে DRRO এবং উপজেলা পর্যায়ে PIO-কে দিক-নির্দেশনা প্রদান করবে।

**৮। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় :**

প্রাকৃতিক ও খনিজ সম্পদ, মৎস্য ও প্রাণিসম্পদ, বন্যপ্রাণি, পানি সম্পদসহ সরকারি খাস ও পুনরুদ্ধারকৃত জমি ইত্যাদি সংশ্লিষ্ট অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ইস্যুতে প্রভাব মূল্যায়ন, পরামর্শ এবং সহায়তা প্রদান করবে।

**ক। স্থানীয় সরকার বিভাগ****১। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর :**

পারমাণবিক ও তেজক্ষিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সহজে স্থানান্তর (evacuation) এবং সুরক্ষার লক্ষ্যে আশ্রয় কেন্দ্র, শিক্ষা প্রতিষ্ঠান, কমিউনিটি সেন্টার এবং স্বাস্থ্য কেন্দ্রগুলোতে যোগাযোগের জন্য ছোট রাস্তা, সেতু এবং কালভার্ট সংস্কার ও রক্ষণাবেক্ষণ করবে।

**২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :**

পারমাণবিক ও তেজক্ষিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিম্নলিখিত দায়িত্ব পালন করবে:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় নিরাপদ পানীয় জলের সরবরাহ নিশ্চিত করবে;
- ✓ কমিউনিটির অংশগ্রহণে নিরাপদ পানীয় জল ব্যবহার ও স্বাস্থ্যসম্মত অভ্যাস বিষয়ে স্থানীয় পর্যায়ে ঝুঁকি চিহ্নিত করবে এবং ঝুঁকি হ্রাসের জন্য পদক্ষেপ গ্রহণ করবে;
- ✓ চিহ্নিত জরুরি অঞ্চলগুলোর জন্য স্বল্প ব্যয়ের স্বাস্থ্যসম্মত শৌচাগার নির্মাণে উৎসাহিত করবে;
- ✓ জরুরি অঞ্চলে, যেখানে, পানীয় জলের স্বাভাবিক সরবরাহ ব্যাহত হবে, সেখানে পানীয় জলের সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ প্রয়োজনে বিশেষ ব্যবস্থাপনায় পানীয় জলের সরবরাহ অব্যাহত রাখবে।

#### ৩। ইউনিয়ন পরিষদ:

- ✓ ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (UNDMC) হতে ইউনিয়ন পরিষদ প্রয়োজনীয় নির্দেশাবলি গ্রহণ করবে এবং সেই নির্দেশাবলির ভিত্তিতে ইউনিয়ন পরিষদগুলো পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা মোকাবেলায় কাজ করবে।

#### ৪। পৌরসভা/মিউনিসিপালিটিস (Municipalities) :

- ✓ পৌরসভা/মিউনিসিপালিটিস (Municipalities) দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হতে প্রয়োজনীয় নির্দেশাবলি গ্রহণ করবে এবং সেই নির্দেশাবলির ভিত্তিতে পৌরসভা/মিউনিসিপালিটিসগুলো পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা মোকাবেলায় কাজ করবে।

#### ৫। উপজেলা পরিষদ :

- ✓ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হতে উপজেলা পরিষদ প্রয়োজনীয় নির্দেশাবলি গ্রহণ করবে এবং সেই নির্দেশাবলির ভিত্তিতে উপজেলা পরিষদগুলো পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা মোকাবেলায় কাজ করবে।

#### ৬। জেলা পরিষদ :

- ✓ জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হতে প্রয়োজনীয় নির্দেশাবলি গ্রহণ করবে এবং সেই নির্দেশাবলির ভিত্তিতে জেলা পরিষদগুলো পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা মোকাবেলায় কাজ করবে।

#### ৭। সিটি কর্পোরেশন:

- ✓ সিটি কর্পোরেশন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (CCDMC) হতে প্রয়োজনীয় নির্দেশাবলি গ্রহণ করবে এবং সেই নির্দেশাবলির ভিত্তিতে সিটি কর্পোরেশনগুলো পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা মোকাবেলায় কাজ করবে।

**৮। ওয়াসা (WASA)**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে WASA (ওয়াসা) নিম্নলিখিত দায়িত্ব পালন করবেঃ

- ✓ ওয়াসার একজন দায়িত্বপূর্ণ ব্যক্তিকে দুর্যোগ ব্যবস্থাপনা ফোকাল পয়েন্ট হিসেবে মনোনীত করবে;
- ✓ পরিকল্পনা, উদ্ধার, স্থানান্তর (evacuation) এবং পুনর্বাসন কাজে সহায়তা প্রদান করার লক্ষ্যে জাতীয় হতে উপজেলা পর্যায় পর্যন্ত দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সকল সভায় অংশগ্রহণ নিশ্চিত করবে;
- ✓ খাত-ওয়ারী ঝুঁকি নিরূপণে উদ্যোগ গ্রহণ এবং বিকল্প পানি সরবরাহ, পানি নিষ্কাশন এবং পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার জন্য ওয়াসা কর্তৃক কনটিনজেন্সি প্ল্যান (WASA contingency plan) প্রণয়ন করতে হবে;
- ✓ কর্তৃপক্ষের প্রয়োজন অনুসারে লজিস্টিক (logistic) সরবরাহ করে সহায়তা প্রদান করবে।

**খ। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ****১। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড:**

NNREPR পরিকল্পনা বাস্তবায়নের জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড প্রয়োজনীয় সহায়তা করবে। উক্ত প্রতিষ্ঠান পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অঞ্চল থেকে ক্ষতিগ্রস্ত জনগণকে স্থানান্তর (evacuation) কার্যক্রমে সহায়তা করবে।

**২। বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড- (মিল্কভিটা) :**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে মিল্কভিটা তাদের সদস্যদের সচেতন করবে এবং এ জাতীয় জরুরি পরিস্থিতি সতর্কতার সাথে ব্যবস্থাপনা করার জন্য তাদের সম্পদ ব্যবহার করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে মিল্কভিটা তাদের সদস্যদের গবাদি পশু ও দুগ্ধজাত পণ্যের ব্যবস্থাপনার বিষয়ে সহায়তা করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার ক্ষেত্রে দুধ এবং অন্যান্য দুগ্ধজাত পণ্যের দূষণ রোধের উদ্যোগ গ্রহণ করবে।

**৯। পররাষ্ট্র মন্ত্রণালয়:**

পররাষ্ট্র মন্ত্রণালয় জরুরি সাড়াদান কেন্দ্রের মাধ্যমে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস এবং বাংলাদেশে অবস্থিত বিদেশী দূতাবাসমূহে যোগাযোগ ও জন-নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করবে।

পররাষ্ট্র মন্ত্রণালয় নিম্নলিখিত উপায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সহায়তা প্রদান করবে:

- ✓ জরুরি ঝুঁকি হ্রাস এবং প্রস্তুতিমূলক কার্যক্রমের জন্য প্রযুক্তিগত এবং আর্থিক সহায়তা প্রাপ্তির উদ্দেশ্যে আন্তর্জাতিক কারিগরি সংস্থা এবং জাতিসংঘের সংশ্লিষ্ট সংস্থার সাথে সমন্বয় সাধন করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় IAEA-এর সাথে যোগাযোগ ও সমন্বয় করবে;
- ✓ অন্য কোনো দেশে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার ক্ষেত্রে বাংলাদেশ সরকারের সাহায্য-সহায়তা প্রদানের (deployment of aid) বিষয়ে সমন্বয় সাধন করবে;
- ✓ মহা-বিপর্যয়কালে সহায়তার ক্ষেত্রে বিদেশী রাষ্ট্রের সাথে সমন্বয় সাধন করবে।

**১০। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়:****ক। স্বাস্থ্য সেবা বিভাগ****১। স্বাস্থ্য অধিদপ্তর:**

স্বাস্থ্য অধিদপ্তর বিকিরণে আক্রান্ত/বিকিরণ সম্পাত (radiation injured/exposed) ব্যক্তির জন্য পর্যাপ্ত সুবিধা সম্বলিত নির্দিষ্ট হাসপাতালে সুষ্ঠু চিকিৎসা ব্যবস্থাপনার জন্য বিশেষ এবং জরুরি স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। স্বাস্থ্য অধিদপ্তর এ সংক্রান্ত কাজে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-কে সহযোগিতা করবে। এছাড়াও, স্বাস্থ্য অধিদপ্তর নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করবে:

- ✓ সহজলভ্য স্বাস্থ্য ও চিকিৎসা সেবাসহ অন্যান্য মানবিক সেবা নিশ্চিত করবে (বিশেষত বয়স্ক, দরিদ্র, রুগ্ন, অন্ধ এবং অন্যান্য প্রান্তজনের);
- ✓ ক্ষতিগ্রস্ত এলাকায় আক্রান্ত ব্যক্তিদের সঙ্কটকালীন পরামর্শ প্রদান করবে;
- ✓ রোগ নিয়ন্ত্রণ এবং মহামারী হতে আক্রান্ত জনগোষ্ঠীর পরিদ্রাণ ও নজরদারি করা এবং বিকিরণে আক্রান্ত ব্যক্তিদের ওপর স্টাডি (study) করার বিষয়ে সিভিল সার্জন এবং স্থানীয় স্বাস্থ্যকর্মীদের (উপজেলা) দিক-নির্দেশনা প্রদান করবে;
- ✓ তেজস্ক্রিয় পদার্থের দ্বারা বিকিরণে আক্রান্ত অথবা সংক্রমিত ব্যক্তিদের যথাযথ চিকিৎসার জন্য পরামর্শ প্রদান করবে;
- ✓ বিকিরণে আক্রান্ত এলাকার মানুষের স্বাস্থ্যের উপর বিকিরণজনিত কি জাতীয় প্রভাব পড়ছে তা নির্ণয়ে পরামর্শ ও নির্দেশনা প্রদান করবে।

## ২। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর স্বাস্থ্যসেবা সংশ্লিষ্ট অবকাঠামোগুলোর যথাযথ কার্যকারিতা নিশ্চিত করবে।

## ৩। রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট:

রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট নিম্নবর্ণিত কার্যাদি গ্রহণ করবেঃ

- ✓ যে কোনো পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় মানবদেহে বিকিরণ নির্ণয় ও সনাক্তকরণে সহায়তা প্রদান করবে;
- ✓ মানবদেহে তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং ইকোলজিকাল (ecological) ঝুঁকির বৈশিষ্ট্যগুলো আরও যথাযথভাবে নিরূপণ করবে;
- ✓ কোনো ভৌগলিক স্থান, মহামারী অঞ্চল, মানব-খাদ্য শৃঙ্খল (Food-Human interfaces), পরিবেশগত বিষয়াদি, তেজস্ক্রিয় পদার্থের বিবর্তন, পরিবর্তন এবং প্রসারের সাথে সংশ্লিষ্ট তথ্যাদি সরবরাহ করবে;
- ✓ বিকিরণ আক্রান্তদের সংগনিরোধে সহায়তা প্রদান করবে।

## খ। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

## ১। পরিবার পরিকল্পনা অধিদপ্তর:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে মহিলাদের দৈহিক, মানসিক ও প্রজনন স্বাস্থ্য অটুট রাখার বিষয়ে জনগণকে যথাযথ তথ্যাদি সরবরাহ করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্যোগকালীন এবং পরবর্তী অবস্থায় সকল নারী ও শিশুদের, বিশেষ করে অন্তঃসত্তা নারী ও নবজাতকদের যথাযথ স্বাস্থ্য ব্যবস্থা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় মা ও শিশুদের পুষ্টিজনিত তথ্যাদি, পুষ্টি সরবরাহ, টিকা ও অন্যান্য সেবাসমূহ নিশ্চিত করবে;
- ✓ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রে যথাযথ সেবা প্রদান নিশ্চিতকরণের নিমিত্ত কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ সকল নারী, মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তর প্রয়োজনে মাঠ পর্যায়ে অস্থায়ী ক্যাম্প করে প্রয়োজনীয় সেবা প্রদান করবে।

**২। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর:**

- ✓ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর চিকিৎসা পাঠ্যক্রমে পারমাণবিক বিকিরণ, পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত স্বাস্থ্য ঝুঁকি সংক্রান্ত বিষয়াদি, আক্রান্ত রুগী মূল্যায়ন, স্বাস্থ্য পরীক্ষা, চিকিৎসা ব্যবস্থা সংক্রান্ত বিষয়াদি অন্তর্ভুক্ত করবে। এ ছাড়া, পারমাণবিক তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকি মোকাবেলার জন্য পারমাণবিক চিকিৎসা পদ্ধতি ও সংশ্লিষ্ট বিষয়ে অংশীজনদের প্রশিক্ষণ প্রদান, জ্ঞান প্রচার (knowledge dissemination) এবং সংশ্লিষ্ট সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

**৩। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর:**

- ✓ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর নার্সিং শিক্ষা পাঠ্যক্রমে পারমাণবিক বিকিরণ, পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত স্বাস্থ্য ঝুঁকি সংক্রান্ত বিষয়াদি, আক্রান্ত রুগী মূল্যায়ন, স্বাস্থ্য পরীক্ষা, চিকিৎসা ব্যবস্থা সংক্রান্ত বিষয়াদি অন্তর্ভুক্ত করবে। এ ছাড়া, পারমাণবিক তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকি মোকাবেলার জন্য পারমাণবিক চিকিৎসা পদ্ধতি ও সংশ্লিষ্ট বিষয়ে অংশীজনদের প্রশিক্ষণ প্রদান, জ্ঞান প্রচার (knowledge dissemination) এবং সংশ্লিষ্ট সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

**১১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়:****ক। গণপূর্ত অধিদপ্তর:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে গণপূর্ত অধিদপ্তর সংশ্লিষ্ট অবকাঠামোসমূহের ক্ষয়-ক্ষতির পরিমাণ নির্ধারণ এবং মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা মোকাবেলায় নির্ধারিত আশ্রয়স্থল রক্ষণাবেক্ষণের (যেমন: বহনযোগ্য খাবার পানির উৎস, স্যানিটেশন সুবিধা ইত্যাদি) যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

**১২। তথ্য মন্ত্রণালয়:****ক। তথ্য অধিদপ্তর:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায়, জনগণের উদ্বেগ ও কল্যাণের প্রতি লক্ষ্য রেখে তথ্য অধিদপ্তর প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় (Print and Electronic Media) সরকারি সংবাদ এবং ছবি প্রকাশ করবে।

**খ। গণযোগাযোগ অধিদপ্তর:**

গণযোগাযোগ অধিদপ্তর প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় (Print and Electronic Media) যে স্থানে এখনও পৌঁছেনি দেশের এরূপ জেলার প্রত্যন্ত ও গ্রামীণ অঞ্চল এবং পার্বত্য জেলাসমূহে বিভিন্ন প্রচার-প্রচারণার মাধ্যমে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার বিষয়ে জনগণকে সতর্কতামূলক নির্দেশাবলি ও তথ্যাদি প্রদান করবে।



**গ। বাংলাদেশ বেতার:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় বাংলাদেশ বেতার জনসাধারণকে সতর্কতামূলক নির্দেশাবলি ও তথ্য পরিবেশন করবে। বাংলাদেশ বেতার ক্ষতিগ্রস্ত এলাকার মানুষের মানসিক অবস্থার উন্নতির জন্য কার্যক্রম সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

**ঘ। বাংলাদেশ টেলিভিশন:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় বাংলাদেশ টেলিভিশন জনসাধারণকে সতর্কতামূলক নির্দেশাবলি ও তথ্য পরিবেশন করবে। বিভিন্ন টিভি চ্যানেলে বিশেষ কার্যক্রম যেমন: স্বল্প দৈর্ঘ্য চলচ্চিত্র, ঝুঁকি বিষয়ক নাটক, ঝুঁকি হ্রাসের কৌশল, চিকিৎসা পদ্ধতি, সাড়া দান ও পুনরুদ্ধার কার্যক্রমের সমন্বয়, জন নিরাপত্তা এবং ব্যক্তি, পরিবার ও কমিউনিটি (community) পর্যায়ে প্রভুত্বমূলক কার্যক্রম সম্প্রচার করবে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে বিশেষ শিক্ষা ও সচেতনতামূলক কার্যক্রম প্রচার করবে।

**১৩। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়:****ক। বিদ্যুৎ বিভাগ****১। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ এবং বিশেষজ্ঞ সেবা প্রদানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

**২। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সংশ্লিষ্ট স্থানে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ এবং বিশেষজ্ঞ সেবা প্রদানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

**৩। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (PGCB):**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে পিজিসিবি জাতীয় বিদ্যুৎ গ্রিড সংরক্ষণ এবং সুরক্ষার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং NNREPR প্ল্যান বাস্তবায়নের জন্য গ্রিডে যথাসময়ে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে। পিজিসিবি বিদ্যুৎ ব্যবস্থাপনার ক্ষেত্রে দেশের সর্বত্র বিদ্যুৎ বিচ্ছিন্নতা/গ্ল্যাক আউট (black-out) না হওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য যথাযথ কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।

**৪। নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড (NESCO):**

যে কোন পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ এবং ব্যাকআপ পাওয়ার (Back-up power) নিশ্চিত করবে। NESCO বিদ্যুৎ সরবরাহের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

**৫। ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (WZPDCL):**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড জনগণকে নিরবচ্ছিন্ন নিরাপদ বিদ্যুৎ সরবরাহের জন্য সহজাতভাবে (inherently) কাজ করবে। কর্তৃপক্ষের প্রয়োজন অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

**খ। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ:****১। বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর:**

সাড়াদানের জন্য প্রস্তুতিমূলক ব্যবস্থা হিসেবে যে কোন দুর্ঘটনার আগে স্থলভাগের তেজস্ক্রিয়তা সংক্রান্ত ছড়ানোর ব্যাপকতা এবং দূষণের মাত্রা পরিমাপ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোন পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পূর্বে বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর ভূগর্ভস্থ (subsurface) শিলার প্রকারভেদ (rock types), ছিদ্রতা (porosity) এবং ভেদ্যতা (permeability), মোড়ক (packing) ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট সংগঠনকে সহায়তা করবে।

এ ছাড়াও, বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর ভূ-পৃষ্ঠ এবং ভূগর্ভস্থ (subsurface) ভূ-তাত্ত্বিক তথ্য যেমন: ফল্টের অবস্থান (position of fault), লিনামেন্ট (lineament) ইত্যাদি সরবরাহ করতে পারে, যা ভূমিকম্পের উৎস নির্ধারণ এবং ভূমিকম্পের ঝুঁকি, ভূমিক্ষস (landslide), ভূগর্ভস্থ ইত্যাদির ভূ-ঝুঁকি (geo-hazard) এবং যে কোন অবকাঠামো ভাঙ্গনের ঝুঁকি ইত্যাদির মূল্যায়ন (assessment) করবে। সুতরাং, যে কোন পারমাণবিক স্থাপনা নির্মাণের পরিকল্পনার আগে পারমাণবিক দুর্ঘটনার কারণে ক্ষতি হ্রাস করার জন্য সেই অঞ্চলের ভূ-গর্ভস্থ ভূতাত্ত্বিক তথ্যাবলী জানা থাকতে হবে।

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে, বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর সংশ্লিষ্ট সংস্থাগুলোকে সেই স্থানের বিস্তারিত তথ্য দিয়ে সহায়তা করবে। GSB তেজস্ক্রিয় উৎস, দূষণের মাত্রা পরিমাপে সহায়তা করবে। GSB স্থল ও পরিবেশের উপর দীর্ঘমেয়াদি প্রভাব জানার ক্ষেত্রেও সহায়তা করবে।

**২। বিস্ফোরক পরিদপ্তর:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার সময় বিস্ফোরক পরিদপ্তর আহত ব্যক্তি এবং সম্পদ বা পরিবেশের ক্ষয়ক্ষতি রোধে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতির সময় বিস্ফোরক পরিদপ্তর জনগণ ও সম্পদের সুরক্ষা নিশ্চিত করবে, বিস্ফোরণ অঞ্চল বিচ্ছিন্ন করবে এবং বিস্ফোরণ বা বিস্ফোরক পদার্থের প্রকার সম্পর্কে সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহকে তথ্য সরবরাহ করে সহায়তা করবে।

**৩। পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড (PGCL):**

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রাকৃতিক গ্যাসের বিতরণ ব্যবস্থার নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। গ্রাহকদেরকে এই জাতীয় জরুরি অবস্থা সম্পর্কে সচেতন করবে এবং কর্তৃপক্ষকে প্রয়োজনীয় লজিস্টিকস (logistics) সরবরাহ করে সহায়তা প্রদান করবে।

**৪। সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড (SGCL):**

সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রাকৃতিক গ্যাসের বিতরণ ব্যবস্থার নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৫। গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (GTCL):**

গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রাকৃতিক গ্যাসের বিতরণ ব্যবস্থার নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**১৪। কৃষি মন্ত্রণালয়:**

কৃষি মন্ত্রণালয় নিম্নলিখিত উপায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সহায়তা করবে:

- ✓ দুর্ঘটনার কারণে দূষিত এমন কোন কৃষি উৎপাদন ব্যবস্থা সম্পর্কে পরামর্শ প্রদান করবে;
- ✓ বাংলাদেশ পারমাণবিক কৃষি ইনস্টিটিউট (BINA) এবং সংশ্লিষ্ট সংস্থা তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং শারীর-বৃত্তীয় রাসায়নিক বিশ্লেষণ (Physio-Chemical Analysis)-এর জন্য কৃষিপণ্য, পোকামাকড়, মাটি এবং জলের নমুনা সংগ্রহ করবে।

**ক। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE):**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিম্নবর্ণিত কার্যক্রম পরিচালনা করবে:

- ✓ আন্তঃজেলা এবং বিদেশে রপ্তানির জন্য খাদ্যসামগ্রী/খাদ্যদ্রব্য মানুষের জন্য নিরাপদ কিনা তা নিশ্চিতকরণে জন্য পরিবীক্ষণকারী (monitoring) সংস্থাকে সহায়তা প্রদান করবে;
- ✓ খাদ্য সামগ্রীর উৎপাদন, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ এবং বিতরণ কার্যক্রম পাইকারি স্তরে (wholesale level) পরিবীক্ষণকালে (monitoring) দূষিত দ্রব্যাদি নির্মূল, দ্রব্যাদির দূষণ হ্রাসপূর্বক নিরাপদ পর্যায়ে আনয়নে সহায়তা প্রদান করবে;
- ✓ খাদ্য ও কৃষি ক্ষেত্রের ওপর জরুরি অবস্থার প্রভাব নিরূপণে বিকিরণ পরিবীক্ষণ (monitoring) এবং তথ্য ও উপাত্ত মূল্যায়নে সহায়তা প্রদান করার নিমিত্ত জরুরি পরিকল্পনা অঞ্চলে সময়মত পানি এবং খাদ্য সামগ্রীসহ কৃষিপণ্যের নমুনা সংগ্রহ করবে;

- ✓ জনসাধারণের জন্য দূষণমুক্ত পানি এবং খাবার সহজলভ্য নিশ্চিত করার জন্য সহায়তা প্রদান করবে;
- ✓ উপর্যুক্ত কার্যক্রম সম্পাদনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE) প্রয়োজনে সংশ্লিষ্ট সংস্থার সহায়তা গ্রহণ করবে।

#### ১৫। খাদ্য মন্ত্রণালয় :

##### ক। খাদ্য অধিদপ্তর :

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় খাদ্য অধিদপ্তর নিম্নবর্ণিত কার্যাদি পালন করবে:

- ✓ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক চাহিদা নির্ধারিত হলে আনুষ্ঠানিকভাবে ঘোষিত দুর্য়োগ অঞ্চলে জরুরি খাদ্য সহায়তা প্রদান করবে;
- ✓ খাদ্য অধিদপ্তর হতে অনুদান হিসেবে প্রাপ্ত খাদ্যসামগ্রী গুদাম, স্থানীয় স্কুল এবং অন্যান্য বিতরণ কেন্দ্র হতে জরুরি সেবা কেন্দ্রে সরবরাহ করবে;
- ✓ পশু খাদ্যসহ সকল খাদ্য সামগ্রী প্রাপ্তির বিকল্প উৎস চিহ্নিতকরণপূর্বক তালিকা প্রদান করবে;
- ✓ স্থানান্তরিত (evacuees)-দের জন্য অস্থায়ী আবাসনের ব্যবস্থা গ্রহণে সহায়তা প্রদান করবে।

##### খ। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ :

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কার্যাদি পালন করবে:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় পশু খাদ্যসহ সকল খাদ্য বিকিরণমুক্ত নিশ্চিত করার নিমিত্ত খাদ্য উৎপাদন, আমদানী, প্রক্রিয়াকরণ, গুদামজাতকরণ, বিতরণ এবং বিপণন প্রক্রিয়া সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ করবে এবং তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ বিকিরণমুক্ত নিরাপদ খাদ্য এবং এর গুণগত মান নিশ্চিত করার জন্য যথাযথভাবে খাদ্য ঝুঁকি মূল্যায়ন করবে;
- ✓ পশু খাদ্যসহ সকল নিরাপদ খাদ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহকে সহায়তা করবে।

#### ১৬। অর্থ মন্ত্রণালয়:

##### ক। অর্থ বিভাগ:

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অর্থ বিভাগ নিম্নলিখিত উপায়ে সহায়তা প্রদান করবে:

- ✓ “জাতীয় দুর্য়োগ ব্যবস্থাপনা তহবিল” প্রতিষ্ঠার জন্য অর্থ বরাদ্দ করবে, যা ক্ষতিগ্রস্ত অঞ্চলের জরুরি ত্রাণ সংগঠিত করতে এবং নগদীকরণ (monetize) করার জন্য ব্যবহার করা হবে;

- ✓ জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে করার নিমিত্ত জাতীয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত সাড়াদানকারী কর্তৃপক্ষের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা করবে;
- ✓ সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং কর্তৃপক্ষ কর্তৃক তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনায় অর্থ ব্যবহারের নিরীক্ষা এবং মূল্যায়ন করবে;
- ✓ পরিবার এবং কমিউনিটিভিত্তিক সংস্থাসমূহকে দুর্যোগ ঝুঁকি হ্রাসের জন্য অর্থায়নের নিমিত্ত বিভিন্ন স্কিম (schemes) গ্রহণপূর্বক আর্থিক সেবা খাত এবং স্থানীয় মূলধন বাজারকে উৎসাহিত করবে।

#### খ। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ:

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগ নিম্নলিখিত কার্যাবলি সম্পাদন করবে:

- ✓ তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং পারমাণবিক জরুরি অবস্থার জন্য বৈদেশিক সাহায্য এবং সহায়তা নেয়ার ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং পারমাণবিক জরুরি অবস্থা ব্যবস্থাপনার জন্য বহুপাক্ষিক এবং দ্বি-পাক্ষিক বৈদেশিক সাহায্য ও সহায়তার মূল্যায়ন, সংগ্রহ এবং বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং পারমাণবিক জরুরি অবস্থায় বৈদেশিক সাহায্য ও সহায়তার ব্যবহারের সমন্বয় সাধন, পর্যালোচনা এবং পরিবীক্ষণ (monitoring) করবে;
- ✓ তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং পারমাণবিক জরুরি অবস্থায় আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীদের সাথে বহিঃ অর্থনৈতিক সম্পর্ক স্থাপন এবং স্থিতিশীল রাখবে।

#### গ। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ সংশ্লিষ্ট জরুরি অবস্থা মোকাবেলার জন্য প্রয়োজনীয় পণ্যসামগ্রী, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সহজে আমদানি এবং প্রয়োজনে ব্যবহৃত পারমাণবিক জ্বালানি (Spent Nuclear Fuel)/তেজস্ক্রিয় বর্জ্য (radioactive waste)/যন্ত্রপাতি ও সরঞ্জামাদি বাংলাদেশের বাইরে সংশ্লিষ্ট দেশে ফেরত প্রদান/ পুনঃরপ্তানি করার নিমিত্ত প্রয়োজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট নীতিমালা, বিধিমালা প্রণয়ন, সংশোধন, পরিমার্জন করবে।

#### ঘ। জাতীয় রাজস্ব বোর্ড:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে জাতীয় রাজস্ব বোর্ড সংশ্লিষ্ট জরুরি অবস্থা মোকাবেলার জন্য প্রয়োজনীয় পণ্যসামগ্রী, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সহজে আমদানি এবং প্রয়োজনে ব্যবহৃত পারমাণবিক জ্বালানি (Spent Nuclear Fuel)/তেজস্ক্রিয় বর্জ্য (radioactive waste)/যন্ত্রপাতি ও সরঞ্জামাদি বাংলাদেশের বাইরে সংশ্লিষ্ট দেশে ফেরত প্রদান/পুনঃরপ্তানি করার জন্য সহায়তা করবে।

**ঙ। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ:**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ জরুরি অবস্থা মোকাবেলার নিমিত্ত ব্যাংকিং প্রতিষ্ঠান, আর্থিক প্রতিষ্ঠান, বীমা প্রতিষ্ঠান, পুঁজি বাজার, ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট কার্যক্রমের আওতায় দুর্যোগ আক্রান্ত জনগণকে প্রণোদনা ও অন্যান্য সংশ্লিষ্ট সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

**১৭। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (MOFL) :**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (MOFL) সমগ্রদেশে দূষিত বা সম্ভাব্য দূষিত খাদ্য সামগ্রী (যেমন : মাছ, মাংস) উৎপাদন এবং সরবরাহ নিয়ন্ত্রণের নিমিত্ত নিম্নবর্ণিত ক্ষেত্রে সহায়তা করবে:

- ✓ খাদ্য উৎপাদন, কৃষি ও মৎস্য চাষের উপর বিকিরণের প্রভাব হ্রাস সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় সাধন করবে;
- ✓ বিকিরণের কারণে দূষিত হতে পারে বিশ্লেষণের জন্য এরূপ সন্দেহযুক্ত মাছ এবং প্রাণিসম্পদের নমুনা সংগ্রহে উপযুক্ত কর্তৃপক্ষকে (BAEC) সহায়তা প্রদান করবে;
- ✓ প্রয়োজনে ক্ষতিগ্রস্ত অঞ্চলে দূষিত মাছ এবং মাংস বিতরণ, সংরক্ষণের উপর অনতিবিলম্বে নিষেধাজ্ঞা আরোপ করবে;
- ✓ প্রয়োজনবোধে প্রাণি চলাচল সীমিত করবে;
- ✓ নিয়ন্ত্রণ, বাজেয়াপ্ত এবং প্রয়োজনে বিকিরণ-দূষিত খাদ্য-সামগ্রী (গ্রাহকের নিকট বিতরণ কাল পর্যন্ত) ধ্বংস করবে।

**ক। মৎস্য অধিদপ্তর:**

মাছ দেশের অন্যান্য প্রয়োজনীয় পুষ্টির পাশাপাশি প্রাণি প্রোটিনের গুরুত্বপূর্ণ উৎস। সম্ভাব্য দূষিত মাছ (পারমাণবিক দুর্ঘটনার কারণে) মানব দেহে ক্ষতিকারক প্রভাব ফেলতে পারে। এ ক্ষেত্রে মৎস্য অধিদপ্তর নিম্নলিখিত উপায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ক্ষেত্রে সহায়তা করবে:

- ✓ অভ্যন্তরীণ এবং সামুদ্রিক মাছের নমুনা (মেরিন ফিশারিজ স্টেশনের সহায়তায়) এবং সন্দেহযুক্ত দূষিত মাছ সংগ্রহপূর্বক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক (BAEC) বিশ্লেষণের ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ দূষিত মাছ ও মৎস্য সামগ্রী বিনষ্টকরণে সহায়তা করবে;
- ✓ খাবার হিসেবে রপ্তানিযোগ্য মৎস্য এবং মৎস্যজাতীয় পণ্যের মান নিয়ন্ত্রণের ক্ষেত্রে স্বাস্থ্য সনদ কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ মৎস্য অধিদপ্তর কর্তৃক নিজেদের দক্ষতা বৃদ্ধির জন্য পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে;

**খ। প্রাণিসম্পদ অধিদপ্তর:**

প্রাণিসম্পদ অধিদপ্তর নিম্নলিখিত উপায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রাথমিক সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহকে নিম্নবর্ণিত উপায়ে সহায়তা করবে:

- ✓ প্রাণি কল্যাণ সংক্রান্ত বিষয়ে পরামর্শ প্রদান করবে;
- ✓ পশু খাদ্যসহ খাদ্য শৃঙ্খলের (food chain) মধ্যে তেজস্ক্রিয় দূষণের মাত্রা নির্ধারণ এবং নজরদারী নিশ্চিত করবে;
- ✓ প্রাণির আবাসস্থল এবং জবাইয়ের স্থানের উপর নজরদারি করবে;
- ✓ খামারিদের নিকট আশ্রয়কেন্দ্র সংক্রান্ত তথ্য সরবরাহ এবং নিরাপদে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ আক্রান্ত মানুষের জন্য বিশুদ্ধ পানি, খাদ্য, এবং আশ্রয়কেন্দ্রে নিরাপদ পশু খাদ্যের ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ তেজস্ক্রিয় দূষণে আক্রান্ত গৃহপালিত এবং ফার্মের পশুর রোগ নিরাময়ে পরামর্শ/সহায়তা প্রদান করবে;
- ✓ পশুর মৃতদেহ বিনষ্টকরণে সহযোগিতা প্রদান করবে;

**গ। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট:**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় জীবিত জলজ সম্পদের গবেষণা এবং ব্যবস্থাপনা বিষয়ে যথাযথ কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করবে।

**১৮। পরিবেশ ও বন মন্ত্রণালয়:****ক। পরিবেশ অধিদপ্তর:**

পরিবেশ অধিদপ্তর পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় পরিবেশগত অবস্থার উপর নজর রাখবে। উপরন্তু, পরিবেশ অধিদপ্তর পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় জাতীয় কমিটির কাছে বিপর্যয় হতে উদ্ধারের জন্য স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি প্রতিকারের পরামর্শ প্রদান করবে।

বিকিরণজনিত কার্যক্রমে পরিবেশ অধিদপ্তর প্রাথমিকভাবে সাড়াদানকারীদের নিম্নলিখিত উপায়ে সহায়তা প্রদান করবে:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রকল্প গ্রহণকারী/ উদ্যোক্তা কর্তৃক পরিবেশগত জরুরি অবস্থা অবসানে গৃহীত পদক্ষেপের মূল্যায়ন করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রকল্পে পরিবেশ রক্ষার জন্য সহায়তাকারী দলকে সহযোগিতা প্রদান করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বরাবর পরিবেশগত পর্যবেক্ষণ প্রতিবেদন (বাতাস, জল, শব্দ) প্রদান করবে।

**খ। বন অধিদপ্তর:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় বন অধিদপ্তর নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবে:

- ✓ জরুরি অঞ্চলে বন ও গাছপালা রক্ষা এবং পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় স্থানীয় জনসাধারণকে সহায়তার জন্য বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্দেশনা জারি করবে;
- ✓ জরুরি অঞ্চলে স্থানীয় জনসাধারণকে সহায়তা এবং প্রয়োজনে সাহায্য করার জন্য বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবে;
- ✓ জনগণকে সচেতন করবে এবং তাদের আবাদি জমি/ বাগান বিকিরণ থেকে রক্ষা করতে সহায়তা করবে।

**১৯। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়:****ক। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় যে কোনো পরিস্থিতিতে স্থল, আকাশ, নৌ এবং সমুদ্রপথে সকল প্রকার যানবাহন নির্বিঘ্নে চলাচল নিশ্চিত করবে। এ ছাড়া, জরুরি অবস্থায় ক্ষতিগ্রস্ত জনগণের স্থানান্তরকালে (evacuation) সকল প্রকার যানবাহনকে ব্যবহার করার বিষয়ে সহায়তা প্রদান করবে।

**১। সড়ক ও জনপথ অধিদপ্তর:**

সড়ক ও জনপথ অধিদপ্তর পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করবে:

- ✓ সরকারকে সহায়তা করার জন্য রাষ্ট্রীয় দায়িত্ব হিসেবে যানবাহনের উৎস চিহ্নিত করবে;
- ✓ বেসরকারি পরিবহনের সাথে স্থানীয় সরকারের সমন্বিত জরুরি পরিবহন পরিকল্পনা গ্রহণ করবে;
- ✓ স্থানীয় কর্তৃপক্ষের পরিকল্পনা ও সাড়াদানে সহায়তা করার জন্য জরুরি পরিবহন সমন্বয়কারী এবং কর্মী সরবরাহ করবে;
- ✓ পরিবহন ব্যবস্থার উপর তেজস্ক্রিয়তা সংক্রান্ত উপকরণের প্রভাব বিষয়ে প্রযুক্তিগত পরামর্শ এবং সহায়তা প্রদান করবে।



**২। বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করবে:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সাধারণ যাত্রী, ক্ষতিগ্রস্ত জনগণ ও সম্পদ পরিবহনের জন্য উপযুক্ত যানবাহন সরবরাহ করবে;
- ✓ পর্যাপ্ত যানবাহন সরবরাহ করে ক্ষতিগ্রস্তদের স্থানান্তরে (evacuation) সহায়তা প্রদান করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় আক্রান্ত জনবল ও সম্পদ স্থানান্তরে তাদের কর্মীগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।

**খ। সেতু বিভাগ:****১। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ:**

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ তেজস্ক্রিয়তা সংক্রান্ত প্রভাবিত অঞ্চলে খাদ্য ও ত্রাণ সামগ্রীর পরিবহনের জন্য নিরবচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করতে সহায়তা করবে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার পরে অবকাঠামোগত সম্পর্কিত হালনাগাদ পর্যবেক্ষণ প্রতিবেদন কর্তৃপক্ষকে (অনুমোদিত কর্তৃপক্ষ/পরিচালনাকারী, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ) অবহিত করবে এবং নিয়মিত পর্যবেক্ষণ নিশ্চিত করবে।

**২০। রেলপথ মন্ত্রণালয়:****ক। বাংলাদেশ রেলওয়ে:**

বাংলাদেশ রেলওয়ে যে কোনো পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে জনসাধারণ এবং গুরুত্বপূর্ণ মালামাল নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার পরিকল্পনায় অভ্যন্তরীণ পরিবহনের জন্য দায়িত্বপ্রাপ্তদের সহায়তা প্রদান করবে। বাংলাদেশ রেলওয়ে বিশেষত জরুরি সাড়াদান দল (দলের সরঞ্জাম এবং অন্যান্য সংস্থানসহ) এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পরিবহনের জন্য অনুসন্ধান করবে।

**২১। নৌপরিবহন মন্ত্রণালয়:**

নৌপরিবহন মন্ত্রণালয় নিম্নলিখিত উপায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সহায়তা প্রদান করবে:

- ✓ বন্দরসমূহের অবকাঠামো, সুযোগ-সুবিধা এবং সেবাগুলোর জন্য ঝুঁকি হ্রাস কৌশল সম্পর্কিত প্রযুক্তিগত দিক নির্দেশনা প্রণয়ন করবে;
- ✓ জরুরি ব্যবস্থাপনার পরিকল্পনা প্রণয়ন এবং বন্দর ও নৌ-পরিবহন শিল্পের অবকাঠামোগত ও পরিষেবাগুলোর ক্ষতি হ্রাস করতে সুনির্দিষ্ট সক্ষমতা অর্জন করবে;
- ✓ বন্দরে নতুন অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে ঝুঁকি হ্রাস কৌশল সংযুক্ত করবে;
- ✓ বিদ্যমান অবকাঠামো, সুযোগ-সুবিধা এবং পরিষেবাগুলোর জন্য ঝুঁকি হ্রাস কৌশল বাস্তবায়ন করবে;
- ✓ জনসাধারণ ও মালামাল নিরাপদ স্থানে সরিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় জনবল ও নৌযানসমূহকে নিয়োজিত করবে।

**ক। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করবে:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে বন্দরসমূহের ব্যবহার বিবেচনা করে বন্দর বা অভ্যন্তরীণ নদী বন্দর, অবতরণ/ ফেরি ঘাট এবং টার্মিনাল সুবিধাগুলোর উন্নয়ন ও পরিচালনা করবে;
- ✓ নৌ-পথের নাব্যতা সংরক্ষণের জন্য নদী শাসন ও নদী পথের রক্ষণাবেক্ষণ করবে এবং পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় নিরাপদ নৌ চলাচলের জন্য নৌ-পথে প্রয়োজনীয় চিহ্ন (marking), বয়া (buoys), নেভিগেশন লাইট (navigation light) ও সিমাফোর সংকেত (semaphore signal) স্থাপন করবে;
- ✓ নদী চার্ট প্রকাশসহ নেভিগেশনাল এবং আবহাওয়া সম্পর্কিত তথ্য প্রচার করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় ব্যবহারের জন্য বিদ্যমান নৌ-পথের নাব্যতা যথাযথ রক্ষণাবেক্ষণ, নৌ-যান চালানোর জন্য নতুন চ্যানেল এবং খালের উন্নয়নসহ মৃত বা মৃতপ্রায় নদী, চ্যানেল বা খাল পুনরুদ্ধারকল্পে অগ্রাধিকার ভিত্তিতে ডেজিং-এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;
- ✓ স্থানান্তর (evacuation), উদ্ধার ও ত্রাণ কার্যক্রমের স্বার্থে জাহাজ ও জলযান পরিবহনের লক্ষ্যে নিরাপদ নৌ-পথের জন্য জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার সময় বিদ্যমান পরিবহন ক্ষমতার সর্বোত্তম ব্যবহারের জন্য অভ্যন্তরীণ নৌ-পরিবহন-এর সাথে সংশ্লিষ্ট অন্যান্য সকল ধরনের পরিবহন কর্তৃপক্ষ, প্রধান সমুদ্র বন্দর এবং নদী বন্দরসমূহের সমন্বয় নিশ্চিত করবে।

**খ। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (BIWTC) নিম্নলিখিত দায়িত্ব পালন করবে:

- ✓ স্থানান্তর, ত্রাণ সামগ্রী বহন এবং ত্রাণ কার্যক্রম ব্যবস্থাপনার প্রয়োজনে ব্যবহারের জন্য সকল নৌযান সম্পর্কে তথ্য উপাত্ত প্রস্তুত ও রক্ষণাবেক্ষণ করবে;
- ✓ জরুরি ব্যবস্থাপনায় ব্যবহার করা যেতে পারে এমন নৌযান মেরামত ও রক্ষণাবেক্ষণ করবে;

- ✓ জনসাধারণকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার জন্য সাড়াদানকারীদের চাহিদা অনুযায়ী সকল জলযান ও সুযোগ-সুবিধা সরবরাহ করবে;
- ✓ আক্রান্ত, ক্ষতিগ্রস্ত ও আটকে পড়া মানুষ ও পশুপাখি সরিয়ে নেওয়ার জন্য নৌযান সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ ত্রাণ কার্যক্রমে দ্রুত ত্রাণসামগ্রী প্রেরণের জন্য প্রয়োজনে ফেরি সার্ভিস প্রদান করবে;
- ✓ ক্ষতিগ্রস্ত অঞ্চলের জাহাজের সুরক্ষা নিশ্চিতকরণ এবং প্রয়োজনানুসারে স্থানীয় বেসামরিক কর্তৃপক্ষ এবং অন্যান্য সরকারি সংস্থাসমূহের আওতায় জাহাজগুলোকে ব্যবহার করার জন্য নিয়োজিত রাখবে;
- ✓ প্রয়োজনে অন্যান্য স্টেশন থেকে ক্ষতিগ্রস্ত অঞ্চলে জাহাজ প্রেরণ করবে;
- ✓ স্থানান্তর, ত্রাণ সামগ্রী ও খাদ্য উপকরণ পরিবহনের জন্য সরাসরি BIWTC-এর জাহাজ এবং যানসমূহ নিয়োজিত করবে।

**গ। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ:**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় টার্মিনালে নোজরকালে এবং কার্গো হ্যান্ডেলিং (Cargo handling) সুবিধাদির সুরক্ষা নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার পর যথাশীঘ্র বন্দরটি (কার্গো হ্যান্ডেলিং, গুদাম) দুর্যোগ পরবর্তী সাড়াদান কার্যক্রম সম্পাদনের প্রস্তুতি নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অনুসন্ধান, উদ্ধার অভিযান, সরঞ্জাম এবং ত্রাণ সামগ্রীর দ্রুত সরবরাহ সহজতর করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা সম্পর্কে প্রাথমিক সতর্কতার পরে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ এবং নিকটবর্তী জাহাজগুলোকে সতর্ক করবে।

**ঘ। মোংলা বন্দর কর্তৃপক্ষ:**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় টার্মিনালে নোজরকালে এবং কার্গো হ্যান্ডেলিং (Cargo handling) সুবিধাদির সুরক্ষা নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার পর যথাশীঘ্র বন্দরটি (কার্গো হ্যান্ডেলিং, গুদাম) দুর্যোগ পরবর্তী সাড়াদান কার্যক্রম সম্পাদনের প্রস্তুতি নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অনুসন্ধান, উদ্ধার অভিযান, সরঞ্জাম এবং ত্রাণ সামগ্রীর দ্রুত সরবরাহ সহজতর করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা সম্পর্কে প্রাথমিক সতর্কতার পরে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ এবং নিকটবর্তী জাহাজগুলোকে সতর্ক করবে।

**ঙ। রূপপুর বন্দর কর্তৃপক্ষ:**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় টার্মিনালে নোজরকালে এবং কার্গো হ্যান্ডেলিং (Cargo handling) সুবিধাদির সুরক্ষা নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার পর যথাশীঘ্র বন্দরটি (কার্গো হ্যান্ডেলিং, গুদাম) দুর্যোগ পরবর্তী সাড়াদান কার্যক্রম সম্পাদনের প্রস্তুতি নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অনুসন্ধান, উদ্ধার অভিযান, সরঞ্জাম এবং ত্রাণ সামগ্রীর দ্রুত সরবরাহ সহজতর করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা সম্পর্কে প্রাথমিক সতর্কতার পরে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ এবং নিকটবর্তী জাহাজগুলোকে সতর্ক করবে।

**চ। মাতারবাড়ি বন্দর কর্তৃপক্ষ:**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় টার্মিনালে নোজরকালে এবং কার্গো হ্যান্ডেলিং (Cargo handling) সুবিধাদির সুরক্ষা নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার পর যথাশীঘ্র বন্দরটি (কার্গো হ্যান্ডেলিং, গুদামসমূহ) দুর্যোগ পরবর্তী সাড়াদান কার্যক্রম সম্পাদনের প্রস্তুতি নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অনুসন্ধান, উদ্ধার অভিযান, সরঞ্জাম এবং ত্রাণ সামগ্রীর দ্রুত সরবরাহ সহজতর করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা সম্পর্কে প্রাথমিক সতর্কতার পরে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ এবং নিকটবর্তী জাহাজগুলোকে সতর্ক করবে।

**ছ। পায়রা বন্দর কর্তৃপক্ষ:**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় টার্মিনালে নোজরকালে এবং কার্গো হ্যান্ডেলিং (Cargo handling) সুবিধাদির সুরক্ষা নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থার পর যথাশীঘ্র বন্দরটি (কার্গো হ্যান্ডেলিং, গুদাম) দুর্যোগ পরবর্তী সাড়াদান কার্যক্রম সম্পাদনের প্রস্তুতি নিশ্চিত করবে;
- ✓ পারমাণবিক এবং তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অনুসন্ধান, উদ্ধার অভিযান, সরঞ্জাম এবং ত্রাণ সামগ্রীর দ্রুত সরবরাহ সহজতর করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থা সম্পর্কে প্রাথমিক সতর্কতার পরে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ এবং নিকটবর্তী জাহাজগুলোকে সতর্ক করবে।

**২২। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়:**

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় উন্নত সেবার মাধ্যমে নিরাপদ, তাৎক্ষণিক এবং দক্ষ বিমান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**ক। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB):**

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপদ, তাৎক্ষণিক ও দক্ষ বিমান পরিবহন পরিচালনার নিমিত্ত পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবে:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় এয়ার ট্র্যাফিক নেভিগেশন সিস্টেমের (Air traffic navigation system) সুরক্ষা নিশ্চিত করবে এবং প্রয়োজনীয় জনবল এবং সরঞ্জামগুলোর একটি বিকল্প সরবরাহ ব্যবস্থা (backup support) প্রস্তুত রাখবে;
- ✓ জরুরি অবস্থার পরে যথাশীঘ্র বিমানবন্দর, রানওয়ে (কার্গো হ্যান্ডলিং: cargo handling, গুদাম) ইত্যাদি দুর্যোগ সাড়াদানমূলক কার্যক্রম (অনুসন্ধান এবং উদ্ধারকর্মী, সরঞ্জাম ইত্যাদি) সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য প্রস্তুতি নিশ্চিত করবে;
- ✓ জরুরি অবস্থায় অনুসন্ধান এবং উদ্ধার কার্যক্রম পরিচালনা, সরঞ্জাম এবং ত্রাণ সামগ্রীর দ্রুত সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ বাংলাদেশের সকল বিমানবন্দরে চলাচলকারী সকল বিমান এবং সংশ্লিষ্ট বিমান বন্দরসমূহকে এরূপ জরুরি অবস্থা সম্পর্কে অবহিত করবে।

**খ। বাংলাদেশ বিমান:**

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে বাংলাদেশ বিমান ক্ষতিগ্রস্তদের স্থানান্তর (evacuation) এবং ক্ষতিগ্রস্ত অঞ্চলে ত্রাণ কার্যক্রম পরিচালনায় সহায়তা প্রদান করবে।

**২৩। পানি সম্পদ মন্ত্রণালয়:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সহায়তা প্রদানের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় এর বিভাগ ও দপ্তরগুলোর মাধ্যমে কার্যক্রম গ্রহণ করবে।

**ক। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড:**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড স্বাভাবিক নিজস্ব কার্যক্রমের অংশ হিসেবে নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবে:

- ✓ বেড়িবাঁধের অবস্থা নিয়মিত পর্যবেক্ষণ এবং যথোপযুক্ত প্রকারে ফাটল এবং দুর্বল স্থানের মেরামত করবে;
- ✓ উপ-কেন্দ্রের মাধ্যমে মাঠ পর্যায়ে কর্মকর্তাদের নির্দেশনা ও সতর্কবাণী প্রেরণ করবে;

- ✓ বেড়িবঁধে ছিদ্র, ফাটল, ক্ষস, ক্ষতি ইত্যাদি নিরূপণের জন্য সার্বক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ স্থানীয় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে অগ্রাধিকার ভিত্তিতে বঁধ মেরামত করবে;
- ✓ স্থানীয় বেসামরিক প্রশাসনের উদ্ধার, স্থানান্তর (evacuation) এবং ত্রাণ কার্যক্রমে সহায়তা প্রদান এবং সংশ্লিষ্ট এলাকার কর্মকর্তাদের প্রযুক্তিগত জ্ঞান, সরঞ্জামাদির নিবন্ধন এবং পরিবহন ইত্যাদি সহজলভ্য করার নির্দেশ প্রদান করবে;
- ✓ মানুষের জীবন ও সম্পদ রক্ষা এবং সংকটকালীন পরিস্থিতিতে স্থানান্তর (evacuation) কার্যক্রমের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

**খ। ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (Institute of Water Modelling)**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে IWM নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করবে:

- ✓ পানিতে বিকিরণের পরিমাণ পরিমাপে সহায়তা প্রদান করবে;
- ✓ পানির মাধ্যমে বিকিরণের বিস্তার সম্পর্কে পূর্বাভাস দেওয়ার জন্য মডেল প্রস্তুত করবে এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করবে।

**২৪। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়:**

এই মন্ত্রণালয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সাইবার সুরক্ষা প্রদান এবং অবিচ্ছিন্ন যোগাযোগের চ্যানেল বজায় রাখার জন্য সংশ্লিষ্ট বিভাগ ও দপ্তরের মাধ্যমে কাজ করবে।

**ক। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ:**

টেলিযোগাযোগের জন্য জাতীয় সমন্বয় কেন্দ্র (NCC) এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এই পরিকল্পনার সাথে সমন্বয় করে পর্যাপ্ত টেলিযোগাযোগ সহায়তার ব্যবস্থা নিশ্চিত করবে।

**১। বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (BTCL):** পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি পরিস্থিতিতে BTCL নিম্নোক্ত দায়িত্ব পালন করবে:

- ✓ দুর্যোগ এলাকায় তাদের নিজস্ব স্থাপনা ও সম্পদের সুরক্ষা এবং নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ দুর্যোগ এলাকায় জরুরি অবস্থায় অত্যাবশ্যিকীয় টেলিফোন সেবার পরিকল্পনা প্রণয়ন করবে;

- ✓ জরুরি ভিত্তিতে টেলিফোন ও টেলিগ্রাফ লাইন স্থাপন এবং মেরামত ও পুনঃস্থাপনের উদ্দেশ্যে যন্ত্রপাতিসহ টেলিফোন স্থাপনকারী ও যন্ত্র প্রকৌশলীদের প্রস্তুত রাখবে;
  - ✓ জরুরি সেবা প্রদানকল্পে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর ও অন্যান্য সংস্থা যেমন: রেড ক্রিসেন্ট ও স্বেচ্ছাসেবী সংস্থাগুলোতে জরুরি টেলিফোন এবং অন্যান্য যোগাযোগ ব্যবস্থা সচল রাখবে;
  - ✓ জরুরি অবস্থায়, বিচ্ছিন্ন টেলিযোগাযোগ-ব্যবস্থা জরুরি ভিত্তিতে মেরামত এবং পুনঃস্থাপন করবে।
- ২। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (BTRC):**
- ✓ জরুরি অঞ্চলে ডাক, টেলিযোগাযোগ, টেলিগ্রাম এবং ইন্টারনেট পরিষেবার জন্য পূর্ব থেকেই পরিকল্পনা প্রস্তুত করে রাখবে;
  - ✓ জরুরি অবস্থায় ওয়্যারলেসের (wireless) মাধ্যমে যোগাযোগের জন্য জরুরি ভিত্তিতে ফ্রিকোয়েন্সি (frequency) বরাদ্দ নিশ্চিত করবে;
  - ✓ নির্ধারিত কেন্দ্রে মোবাইল ফোন, ফ্যাক্স, টেলিফোন, টেলিগ্রাফ ও ইমেলের মাধ্যমে দূত সতর্কতা সংকেত (warning signals) বন্টন নিশ্চিত করবে;
  - ✓ সেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ স্থাপন এবং সহযোগিতা প্রদান অব্যাহত রাখবে;
  - ✓ জরুরি ক্ষেত্রে বিকল্প যোগাযোগের ব্যবস্থা রাখা এবং প্রয়োজনে ক্ষতিগ্রস্ত অঞ্চলে এটি পরিচালনার জন্য সহায়তা প্রদান করবে;
  - ✓ প্রয়োজনে দেশের সকল মোবাইল অপারেটরকে জরুরি অবস্থায় মোবাইল ও ইন্টারনেট সেবা প্রদানের কাজে নিয়োজিত করবে;
  - ✓ তাৎক্ষণিক টেলিযোগাযোগ ব্যবস্থা, সরঞ্জামাদি মেরামত বা সংস্কারের জন্য প্রযুক্তিবিদের দল প্রস্তুত রাখবে।
- ৩। টেলিযোগাযোগ অধিদপ্তর:**
- ✓ টেলিযোগাযোগ অধিদপ্তর তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং পারমাণবিক জরুরি পরিস্থিতিতে নির্বিঘ্ন ও নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ পরিষেবা নিশ্চিত করবে।
- ৪। ডাক অধিদপ্তর:**
- ✓ ডাক অধিদপ্তর তেজস্ক্রিয়তা সংক্রান্ত এবং পারমাণবিক জরুরি পরিস্থিতিতে নির্বিঘ্ন ও নিরবচ্ছিন্ন ডাক, 'নগদ' ও অন্যান্য পরিষেবা নিশ্চিত করবে।

**খ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ:**

আইসিটির গবেষণা ও উন্নয়ন সেবার সফল ব্যবহার এবং ডিজিটাল ব্যবস্থাপনা দ্বারা আইসিটিতে (ICT) সার্বজনীন প্রবেশাধিকার প্রতিষ্ঠার মাধ্যমে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় এই বিভাগ সহায়তা প্রদান করবে। এ ছাড়া, এটুআই (A2I) বা অনুরূপ কর্মসূচি বা কার্যক্রমের মাধ্যমে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় ডিজিটাল ব্যবস্থাপনা বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

**২৫। শিক্ষা মন্ত্রণালয়:****ক। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জ্ঞান ও সচেতনতামূলক শিক্ষা কার্যক্রম গ্রহণ করবে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অবিলম্বে পুনর্বাসনের প্রয়োজনে ক্ষতিগ্রস্ত জনগণের জন্য প্রয়োজনীয় আবাসনের ব্যবস্থা গ্রহণে সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহকে সহায়তা করবে। এ ছাড়া, শিক্ষক ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক নিরাপদ শিক্ষাদান কার্যক্রম পরিচালনা করবে।

**খ। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ:**

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জ্ঞান ও সচেতনতামূলক শিক্ষা কার্যক্রম গ্রহণ করবে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অবিলম্বে পুনর্বাসনের প্রয়োজনে ক্ষতিগ্রস্ত জনগণের জন্য প্রয়োজনীয় আবাসনের ব্যবস্থা গ্রহণে সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহকে সহায়তা করবে। এ ছাড়া, শিক্ষক ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক নিরাপদ শিক্ষাদান কার্যক্রম পরিচালনা করবে।

**২৬। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়:**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জ্ঞান ও সচেতনতামূলক শিক্ষা কার্যক্রম গ্রহণ করবে। পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অবিলম্বে পুনর্বাসনের প্রয়োজনে ক্ষতিগ্রস্ত জনগণের জন্য প্রয়োজনীয় আবাসনের ব্যবস্থা গ্রহণে সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহকে সহায়তা করবে। এ ছাড়া, শিক্ষক ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক নিরাপদ শিক্ষাদান কার্যক্রম পরিচালনা করবে।

**২৭। বাণিজ্য মন্ত্রণালয়:**

পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় অর্থনৈতিক কার্যক্রম যাতে ব্যাহত না হয় এবং রাষ্ট্রের অর্থনৈতিক স্বার্থ যাতে সুরক্ষিত হয় তা নিশ্চিত করার নিমিত্ত বাণিজ্য মন্ত্রণালয় দেশের অর্থনৈতিক অবস্থার তথ্য ও উপাত্ত সংগ্রহ করবে এবং সংশ্লিষ্ট জাতীয় সংস্থাকে ইনপুট (input) সরবরাহ করবে। এ ছাড়া, অর্থনৈতিক ক্রিয়াকলাপের ধারাবাহিকতা বজায় রাখার জন্য শ্রম ব্যবস্থার যথাযথ প্রয়োগের বিষয়টি নিশ্চিত করবে। বাণিজ্য মন্ত্রণালয় আমদানি এবং রপ্তানিকে নিয়ন্ত্রণ করে বাংলাদেশে আমদানিকৃত খাদ্য সামগ্রীর বিকিরণজনিত আপদ থেকে মানুষকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।



**২৮। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়:****ক। আইন ও বিচার বিভাগ:**

আইন ও বিচার বিভাগ সকল পরিস্থিতিতে আইনী ব্যবস্থার ধারাবাহিকতা এবং ন্যায় বিচার প্রতিষ্ঠার বিষয়টি নিশ্চিত করবে। আইন ও বিচার বিভাগ নিম্নলিখিত উপায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সহায়তা প্রদান করবে :

- ✓ জরুরি অবস্থায় বেঁচে যাওয়া ব্যক্তিদের ত্রাণ ও পুনরুদ্ধারের প্যাকেজের ব্যবস্থা নিশ্চিত করতে উপযুক্ত আইন ও বিধি- বিধান প্রণয়ন করবে;
- ✓ ক্ষতিগ্রস্ত মানুষের মানবাধিকার নিশ্চিত করতে জাতিসংঘের সংশ্লিষ্ট সংস্থার সাথে কাজ করবে;
- ✓ জরুরি অবস্থায় বেঁচে যাওয়া নির্দিষ্ট দুর্যোগে আক্রান্ত মানুষের ত্রাণ এবং পুনর্বাসন কাজে সম্ভাব্য বাধা/সমস্যা (bottlenecks) চিহ্নিত করে প্রতিবেদন প্রণয়ন করবে এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করবে।

**খ। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ:**

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ নিম্নবর্ণিত উপায়ে পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় সহায়তা প্রদান করবে:

- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় জাতীয় সংসদে উত্থাপনের প্রয়োজনে প্রস্তাবিত আইন/বিল-এর খসড়া জরুরি ভিত্তিতে প্রণয়ন এবং পরীক্ষা-নিরীক্ষা করবে;
- ✓ পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় প্রয়োজনে কোন অধ্যাদেশের খসড়া প্রণয়ন, অধ্যাদেশ জারি এবং সংসদে উত্থাপনে সহায়তা করবে;
- ✓ কোন মন্ত্রণালয়ের আইন, বিধি, প্রবিধি, উপ-আইন, প্রজ্ঞাপন, দেশীয় ও আন্তর্জাতিক চুক্তিসমূহ-এর ওপর জরুরি ভিত্তিতে ভেটিং বা মতামত প্রদান করবে;
- ✓ কোন আইনের সংকলন, সংহতকরণ, অভিযোজন এবং কারিগরি সংযোজনে প্রয়োজনীয় ভূমিকা পালন করবে।

**২৯। সমাজকল্যাণ মন্ত্রণালয়:**

সমাজকল্যাণ মন্ত্রণালয় পারমাণবিক ও তেজস্ক্রিয়তা সংক্রান্ত জরুরি অবস্থায় নিম্নলিখিতভাবে সহায়তা প্রদান করবে:

- ✓ জরুরি প্রস্তুতি কার্যক্রমের অংশ হিসেবে ক্ষতিগ্রস্ত অঞ্চলের অসহায় জনগোষ্ঠীকে সহায়তা প্রদান করবে;
- ✓ ঝুঁকি-প্রবণ এলাকায় অসহায় গোষ্ঠী চিহ্নিত করার লক্ষ্যে জরীপ কার্যক্রম পরিচালনা এবং প্রাপ্ত ফলাফলের উপর ভিত্তি করে পরিকল্পনা গ্রহণ করবে;

- ✓ অসহায় গোষ্ঠীর ত্রাণ ও পুনরুদ্ধার কার্যের সহায়তার জন্য প্রাতিষ্ঠানিক (কমিটি গঠন, দুর্যোগকালে প্রচার অফিস স্থাপন, প্রয়োজনে আইন ও বিধি প্রণয়ন ইত্যাদি) ব্যবস্থা গ্রহণ করবে;
- ✓ দরিদ্র ও অসহায়দের পুনরুদ্ধার এবং পুনর্বাসনের পাশাপাশি হতাহতদের হাসপাতাল পরবর্তী সেবার ব্যবস্থা গ্রহণ করবে।

**৩০। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি:**

আন্তর্জাতিক রেডক্রস এবং রেড ক্রিসেন্ট মানুষের দুর্দশা প্রতিরোধ ও লাঘবের জন্য আন্তর্জাতিক ও জাতীয় সামর্থ অনুসারে ক্ষতিগ্রস্ত অঞ্চলে ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদান করবে।

সংযুক্তি ৩: জরুরি অ্যাকশন লেভেল (EALs) এবং অপারেশনাল ইন্টারভেনশন লেভেল (OILs)

৩.১ জরুরি অ্যাকশন লেভেল (EALs)

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR)-এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট/সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
<b>গুরুতর নিরাপত্তা ফাংশনের বৈকল্য</b>				
পারমাণবিক বিক্রিয়া বন্ধ করতে ব্যর্থতা <sup>১</sup>	পর্যাপ্ত তাপ অপসারণযোগ্য (চূড়ান্ত হিট সিংক: heat sink সহজলভ্য এবং পর্যাপ্ত) অবস্থায় সাধারণ শাট-ডাউনের (shut down) অংশ হিসেবে সম্পূর্ণরূপে শাট ডাউন করতে ব্যর্থতা (নিউট্রন: <neutron> প্রবাহ বৃদ্ধি) <sup>৩</sup>	জরুরি অবস্থায় পারমাণবিক বিক্রিয়া দ্রুত বন্ধ করতে ব্যর্থতা (Scram) যখন ৫% এর উপরে পাওয়ার (সাইট স্পেসিফিক পাওয়ার স্তর (power level) সন্নিবেশ করতে হবে) এবং কোনো অস্বাভাবিক পরিস্থিতির কারণে স্বয়ংক্রিয় বা ম্যানুয়াল স্ক্রামের (manual scram) প্রয়োজন হয়	জরুরি অবস্থায় পারমাণবিক বিক্রিয়া দ্রুত বন্ধ করতে ব্যর্থতা (Scram) যখন ৫% এর উপরে পাওয়ার (সাইট স্পেসিফিক পাওয়ার স্তর (specific power level) সন্নিবেশ করতে হবে) এবং কোনো অস্বাভাবিক পরিস্থিতির কারণে স্বয়ংক্রিয় বা ম্যানুয়াল স্ক্রামের (manual scram) প্রয়োজন হয়	জরুরি অবস্থায় পারমাণবিক বিক্রিয়া দ্রুত বন্ধ করতে ব্যর্থতা (Scram) যখন ৫% এর উপরে পাওয়ার (সাইট স্পেসিফিক পাওয়ার স্তর (specific power level) সন্নিবেশ করতে হবে) <sup>২</sup> এবং নিম্নলিখিত যে কোনো একটিতে: - প্রেশারাইজড ওয়াটার রিঅ্যাক্টরের (Pressurized water reactor) নেগেটিভ কুলিং মার্জিন (negative cooling margin) বা - ভেসেল পানির স্তর (vessel water level) সক্রিয় জ্বালানির শীর্ষ প্রান্তের নীচে থাকলে বা - একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) গুরুতর (১০০-১০০০ গুণ) মাত্রা বৃদ্ধি (major increases) বা - কোর ড্যামেজের (core damage) প্রকৃত বা আসন্ন লক্ষণসমূহ দেখা দিলে

১০৬

ক	খ	গ	ঘ	ঙ
অপর্যাপ্ত কোর কুলিং (core cooling)- ভেসেল স্তর (vessel level) <sup>৪</sup>	সিস্টেমগুলো ডিজাইন অনুযায়ী সাড়া দিলেও ভেসেল পানির স্তর (vessel water level) অপ্রত্যাশিতভাবে দীর্ঘ সময় ধরে হ্রাস পেলে	ভেসেল পানির স্তর (vessel water level) সক্রিয় জ্বালানির শীর্ষ প্রান্তের নীচে নামলে বা নীচে নামার সম্ভাবনা/ আশঙ্কা থাকলে	ভেসেল পানির স্তর (vessel water level) ১০ মিনিটেরও অধিক সময় সক্রিয় জ্বালানির শীর্ষ প্রান্তের নীচে নামলে বা নীচে নামার সম্ভাবনা/আশঙ্কা থাকলে	ভেসেল পানির স্তর (vessel water level) ১৫ মিনিটেরও অধিক সময় সক্রিয় জ্বালানির শীর্ষ প্রান্তের নীচে নামলে বা নীচে নামার সম্ভাবনা থাকলে

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR)- এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট/সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
<p><b>লেভেল মেজারমেন্ট (Level Measurement)</b>  <b>সম্পর্কিত টীকা :</b>                      -দুর্ঘটনাকালীন প্রেশারাইজড ওয়াটার রিয়াক্টরের (pressurized water reactor) প্রেশারাইজারের (pressurizer) পানির স্তর ভেসেলের পানির স্তরের (vessel water level) সঠিক পরিমাপক নাও হতে পারে                      - প্রেশারাইজড ওয়াটার রিয়াক্টরের (pressurized water reactor) পানির স্তর-ভেসেলে (vessel) পরিমাপকৃত- যথেষ্ট পরিমাণে (৩০%) অনিশ্চয়তা থাকতে পারে এবং কেবলমাত্র প্রবণতা (trend)</p>	- - - -	- - - -	- - - -	<p>ভেসেল পানি স্তর (vessel water level) সক্রিয় জ্বালানির শীর্ষ প্রান্তের নিচে থাকলে অথবা শীর্ষ প্রান্তের নিচে থাকার আশংকা করা হলে এবং নিম্নবর্ণিত যে কোনো অবস্থার জন্য :</p> <ul style="list-style-type: none"> <li>- ভেসেল ইনজেকশন রেট (vessel injection rate) (অপারেটিং পাম্প (operating pump)-এর capacity vs pressure curve ব্যবহার করতে হবে) কম থাকলে অথবা</li> <li>- একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) গুরুতর (১০০-১০০০ গুণ) মাত্রা বৃদ্ধি পেলে অথবা</li> <li>- কোর ড্যামেজের (core damage) প্রকৃত বা আসন্ন লক্ষণসমূহ দেখা দিলে।</li> </ul>

২১

ক	খ	গ	ঘ	ঙ
পরিমাপের জন্য ব্যবহার করা উচিত - বয়েলিং ওয়াটার রিয়্যাক্টর (boiling water reactor) এ উচ্চ ড্রাই ওয়েল (high dry well) তাপমাত্রা এবং নিম্নচাপ দুর্ঘটনা (উদাহরণস্বরূপ: LOCAs) পানির স্তরের ভুলভাবে উঁচু মান দিতে পারে				<b>দৃষ্টব্য:</b> চুল্লি কুল্যান্ট সিস্টেম (imminent reactor coolant system) অথবা containment বাউন্ডারি বিনষ্ট হওয়ার আশংকা অতিরিক্ত নির্ণায়ক হিসেবে বিবেচনা করা যেতে পারে ৫

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR)-এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট / সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
অপর্যাপ্ত কোর শীতলীকরণ (core cooling) –কোর তাপমাত্রা (core temperature) <sup>৬</sup>	কোর এক্সিট থারমোকোপল (core exit thermocouple) এর রিডিং (reading) ৩৭০°সে এর অধিক	কোর এক্সিট থারমোকোপল (core exit thermocouple) এর রিডিং (reading) ৫০০°সে এর অধিক	কোর এক্সিট থারমোকোপল (core exit thermocouple) এর রিডিং (reading) ৬৫০°সে এর অধিক	কোর এক্সিট থারমোকোপল (core exit thermocouple)-এর রিডিং (reading) ৮০০°সে এর অধিক
১১৭ অপর্যাপ্ত কোর-কুলিং (core cooling) - ডিকে তাপ (decay heat) অপসারণ (পাম্প -এর অপারেশন (operation of pumps), পাইপিং (piping), হিট এক্সচেঞ্জারস (heat exchangers, হিট সিঙ্ক (heat sink), পাওয়ার সাপ্লাই (power supply), অক্সিলারি ফ্লুইড (auxiliary fluid) বিবেচনা করে)	ডিকে তাপ (decay heat) অপসারণের জন্য স্বাভাবিক ফিড ওয়াটার সিস্টেম (feed water system)-এর অনুপস্থিতি <sup>৭</sup>	ডিকে তাপ (decay heat) পরিবেশে অপসারণের সক্ষমতা নষ্ট হয় বা দীর্ঘসময় যাবৎ সক্ষমতা নষ্ট হওয়ার আশংকা দেখা দেয়	ডিকে তাপ (decay heat) পরিবেশে অপসারণের সক্ষমতা নষ্ট হয় বা দীর্ঘসময় যাবৎ সক্ষমতা নষ্ট হওয়ার আশংকা দেখা দেয়, কোর (core) সুরক্ষা দেয়ার সক্ষমতাকে ক্ষতিগ্রস্ত করার সম্ভাবনা থাকে	---

ক	খ	গ	ঘ	ঙ
<p>প্রেসারাইজড ওয়াটার রিয়্যাক্টর (pressurized water reactor) – অস্বাভাবিক প্রাইমারি সিস্টেম তাপমাত্রা (অপর্যাপ্ত কোর কুলিং (core cooling))</p> <p><b>দ্রষ্টব্য:</b> তাপমাত্রা অবশ্যই ভেসেলের (vessel) মধ্যে পরিমাপ করতে হবে। অধিকাংশ প্রেসারাইজড ওয়াটার রিয়্যাক্টরে ভেসেলের (pressurized water reactor vessel) তাপমাত্রা পরিমাপের জন্য কোর এক্সিট থার্মোকাপল (core exit thermocouple) থাকে। কোর এক্সিট থার্মোকাপলগুলোর মধ্যে সর্বোচ্চ চারটির গড় নিতে হবে। যদি সেখানে পানির প্রবাহ থাকে এবং যদি কোর এক্সিট (core exit thermocouple) থার্মোকাপল না থাকে সে ক্ষেত্রে হট লেগ (hot leg) তাপমাত্রা (<math>T_{hot}</math>) ব্যবহার করতে হবে, যদিও</p>	<p>প্রেসারাইজড ওয়াটার রিয়্যাক্টর (pressurized water reactor) - প্রাইমারি সিস্টেমের চাপ এবং তাপমাত্রা ৫ মিনিটের অধিক সময় ধরে নেগেটিভ কুলিং মার্জিন (negative cooling margin) নির্দেশ করলে</p> <p><b>দ্রষ্টব্য:</b> রিয়্যাক্টর কুলান্ট সিস্টেম (reactor coolant system) সেফটি ভালভ (safety valves) এর নির্ধারিত চাপে সিস্টেম তাপমাত্রা যখনই স্যাচুরেশন তাপমাত্রার (saturation temperature) চেয়ে অধিক হবে তখনই নেগেটিভ কুলিং মার্জিন (negative cooling margin) পাঠ নিতে হবে।<sup>১১</sup></p>		<p>প্রেসারাইজড ওয়াটার রিয়্যাক্টর (pressurized water reactor) - ১৫ মিনিটের অধিক সময় ধরে নেগেটিভ কুলিং মার্জিন (negative cooling margin) (লস অব কুলান্ট এক্সিডেন্ট (loss of coolant accident)- এর ক্ষেত্রে কোর ড্যামেজ (core damage) সংঘটনের সাইট স্পেসিফিক (site specific) সময় নির্ধারণ করতে হবে)</p>	<p>প্রেসারাইজড ওয়াটার রিয়্যাক্টর (pressurized water reactor) ১৫ মিনিটেরও অধিক সময় ধরে নেগেটিভ কুলিং মার্জিন (negative cooling margin) অথবা প্রাইমারি সিস্টেমের তাপমাত্রা সীমা অতিক্রম করে [লস অব কুলান্ট এক্সিডেন্ট (loss of coolant accident)- এর ক্ষেত্রে কোর ড্যামেজ (core damage) সংঘটনের সাইট স্পেসিফিক (site specific) সময় নির্ধারণ করতে হবে] এবং নিম্নলিখিত যে কোনো একটির জন্য:</p>



ক	খ	গ	ঘ	ঙ
<p>এই পরিমাপ কম গুরুত্বপূর্ণ। ৮ বয়েলিং ওয়াটার রিঅ্যাক্টরের (boiling water reactor) ক্ষেত্রে সঠিক কোর তাপমাত্রা (core temperature) পরিমাপের কোনো যন্ত্র নাই।</p>				<ul style="list-style-type: none"> <li>- ভেসেলের ইনজেকশন রেট (vessel injection rate) ডিকে হিট বয়েল (decay heat boil off) জনিত কারণে পানির ব্যবহার থেকে কম হলে ৯ বা</li> <li>- ভেসেল পানির স্তর (vessel water level) সক্রিয় জ্বালানির শীর্ষপ্রান্তের নিচে থাকলে বা</li> <li>- একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) বা গুরুতর (১০০-১০০০ গুণ) মাত্রা বৃদ্ধি পেলে বা</li> <li>- কোর ড্যামেজের (core damage) প্রকৃত বা আসন্ন লক্ষণসমূহ দেখা দিলে।</li> </ul>

ক	খ	গ	ঘ	ঙ
				<p><b>দ্রষ্টব্য:</b> : অনিবার্যভাবে চুল্লি কুল্যান্ট সিস্টেম (imminent reactor coolant system) অথবা containment বাউন্ডারি (boundary) বিনষ্ট হওয়ার আশংকা অতিরিক্ত নির্ণায়ক হিসেবে বিবেচনা করা যেতে পারে।<sup>১০</sup></p>
এসি (AC) বা ডিসি (DC) বিদ্যুৎ সোর্সের লস (loss)	সেফটি সিস্টেম (safety system) এবং তাদের সহযোগী অন্যান্য সিস্টেমগুলো পরিচালনার জন্য প্রয়োজনীয় এসি (AC) বা ডিসি (DC) পাওয়ার (power) না পাওয়া গেলে বা একমাত্র উৎসে হ্রাস পেলে	----	সেফটি সিস্টেম (safety system) এবং তাদের সহযোগী অন্যান্য সিস্টেম পরিচালনার জন্য প্রয়োজনীয় এসি (AC) বা ডিসি (DC) পাওয়ার (power)-এর প্রকৃত বা প্রাক্কলিত/ সম্ভাব্য লস (loss) ৩০ মিনিট [বা কোর উন্মোচন (uncover the core) করার জন্য সাইট স্পেসিফিক (site specific) সময় বসাতে হবে] এর অধিক হলে	সেফটি সিস্টেম (safety system) এবং তাদের সহযোগী অন্যান্য সিস্টেম পরিচালনার জন্য প্রয়োজনীয় এসি এসি (AC) বা ডিসি (DC) পাওয়ার (power)-এর প্রকৃত বা প্রাক্কলিত/ সম্ভাব্য লস (loss) ৪৫ মিনিট [বা কোর (core) ১৫ মিনিটের অধিক সময় কোর উন্মোচন (uncover the core) করার জন্য সাইট

ক	খ	গ	ঘ	ঙ
				<p>স্পেসিফিক সময় (site specific) বসাতে হবে। এর অধিক হলে</p> <p>সেফটি সিস্টেম (safety System) পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল এসি (AC) বা ডিসি (DC) পাওয়ার (power)-এর লস (loss) এবং নিচের যেকোনো একটির ক্ষেত্রে-</p> <ul style="list-style-type: none"> <li>-ভেসেল পানির স্তর (vessel water level) সক্রিয় জ্বালানির শীর্ষপ্রান্তের নিচে থাকলে বা</li> <li>- একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) গুরুতর (১০০-১০০০ গুণ) মাত্রা বৃদ্ধি পেলে বা</li> <li>- কোর ড্যামেজের (core damage) প্রকৃত বা আসন্ন লক্ষণসমূহ দেখা দিলে</li> </ul>

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR)-এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs) (চলমান)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট / সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
সেফটি সিস্টেম গুলোকে ক্ষতিগ্রস্ত করার অজ্ঞাত কারণ	এমন পরিস্থিতি যা বোঝা যায় না এবং যা সেফটি সিস্টেম গুলোকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করার সম্ভাবনা থাকে	-----	-----	-----
দুর্ঘটনা-পরবর্তী যন্ত্রপাতি <sup>১২</sup> সহ সেফটি সিস্টেমগুলোর (safety system) অপ্রাপ্যতা (loss) বা অবনমিত নিয়ন্ত্রণ (degraded control)	১৫ মিনিটেরও অধিক সময় নিয়ন্ত্রণ কক্ষের বিভিন্ন সেফটি সিস্টেম (safety system) যন্ত্রপাতির অনির্ভরযোগ্য কার্যক্রম	নিয়ন্ত্রণ কক্ষের সেফটি সিস্টেম (safety system) যন্ত্রপাতির অথবা নিয়ন্ত্রণের ১৫ মিনিট এর অধিক সময় অপ্রাপ্যতা এবং প্রধানত: ক্ষণস্থায়ীভাবে (major transiet) চলমান থাকে	নিয়ন্ত্রণ কক্ষের সেফটি সিস্টেম (safety system) যন্ত্রপাতির অথবা নিয়ন্ত্রণের ১৫ মিনিট এর অধিক সময় অপ্রাপ্যতা (loss) এবং প্রধানত: ক্ষণস্থায়ীভাবে (major transiet) চলমান থাকে যা কোরের (core) সুরক্ষা নিশ্চিতকরণে বাধাগ্রস্ত করতে পারে	নিয়ন্ত্রণ কক্ষে এবং দূর নিয়ন্ত্রণ স্থানে সেফটি সিস্টেম (safety system) যন্ত্রপাতির অথবা নিয়ন্ত্রণের অপ্রাপ্যতা এবং নিচের যে কোনো একটির ক্ষেত্রে : - ভেসেল পানির স্তর (vessel water level) সক্রিয় জ্বালানির শীর্ষ প্রান্তের নিচে থাকলে বা - একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) গুরুতর (১০০-১০০০ গুণ) মাত্রা বৃদ্ধি পেলে বা - কোর ড্যামেজের (core damage) প্রকৃত বা আসন্ন লক্ষণসমূহ দেখা দিলে

১২২

১২৮০৬

বাংলাদেশ পোজেন্ট, অতিরিক্ত, নভেম্বর ৩০, ২০২০

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR) এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট/সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
<b>ফিশান প্রোডাক্ট ব্যারিয়ার এর লস (Loss of Fission product barriers)</b>				
কোর ড্যামেজ (core damage) বা ব্যবহৃত জ্বালানির গুরুতর বর্ধিত ঝুঁকি দ্রষ্টব্য: ১৫ মিনিটের অধিক সময় কোর (core) উন্মুক্ত থাকলে কোর ড্যামেজ (core damage) হতে পারে।	প্রকৃত বা পূর্ব হতে অনুমান করতে ব্যর্থতার ফলে কোর ড্যামেজ (core damage), ব্যবহৃত জ্বালানির ড্যামেজ (spent fuel damage) বা গুরুতর নির্গমন প্রতিরোধ করার শুধুমাত্র একটি উপায় অবশিষ্ট থাকে		একটি অতিরিক্ত সেফটি সিস্টেম (safety system) উপাদানের ব্যর্থতার ফলে কোর (core) বা ব্যবহৃত জ্বালানি (spent fuel) উন্মুক্ত হতে পারে	কোর (core) বা ব্যবহৃত জ্বালানির (spent fuel) সুরক্ষা প্রদানের সকল সিস্টেম ৪৫ মিনিটের অধিক সময় লস (loss) হলে [১৫ মিনিটেরও অধিক সময় ধরে কোর (core) উন্মুক্ত থাকার সাইট স্পেসিফিক (site specific) সময় সন্নিবেশ করতে হবে]
প্রাথমিক কুল্যান্টের (primary coolant) মধ্যে $^{131}\text{I}$ এর উচ্চ ঘনত্ব দ্রষ্টব্য: উচ্চ মাত্রায় ব্যক্তিগত ডোজের (dose) কারণ হলে	$^{131}\text{I}$ এর ঘনত্ব অধিক হলে (নির্দিষ্ট সাইটের ক্ষেত্রে টেকনিক্যাল স্পেসিফিকেশন (technical specification) অথবা	$^{131}\text{I}$ এর ঘনত্ব অধিক হলে (নির্দিষ্ট সাইটের ক্ষেত্রে টেকনিক্যাল স্পেসিফিকেশন (	$^{131}\text{I}$ এর ঘনত্ব অধিক হলে [নির্দিষ্ট সাইটের ক্ষেত্রে সাইটের ক্ষেত্রে গ্যাপ ইনভেন্টরির (gap inventory) ২০%	$^{131}\text{I}$ - এর ঘনত্ব অধিক হলে (নির্দিষ্ট সাইটের ক্ষেত্রে কোর ইনভেন্টরির (core inventory) ১০% নির্গমন নির্দেশক মান বসাতে হবে)

১৫

ক	খ	গ	ঘ	ঙ
<p>কুল্যান্ট (coolant) নমুনা সংগ্রহ না করাই উচিত।</p> <p>- কেবলমাত্র ইভেন্ট (event) শুরুর পরে সংগৃহীত নমুনা থেকে নেওয়া ঘনত্ব ব্যবহার করতে হবে</p> <p>- কুল্যান্টের (coolant) ঘনত্বগুলো প্রতিনিধিত্বকারী নাও হতে পারে</p> <p>- ১০% গলে যাওয়ার পরে কোর (core) শীতল করা সম্ভব নয় ধরতে হবে।</p>	<p>অন্যান্য অপারেশনাল সীমার (operational limits) ১০০ গুণ মান সন্নিবেশ করতে হবে)</p>	<p>technical specification) অথবা অন্যান্য অপারেশনাল সীমার (operational limits) থেকে ১২০ গুণ মান সন্নিবেশ করতে হবে)</p>	<p>নির্গমণ নির্দেশক মান সন্নিবেশ করতে হবে)</p>	

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR) এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs) (চলমান)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট/সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
নিশ্চিত কোর ড্যামেজ (core damage)		(দুর্ঘটনা পরবর্তী নমুনা ও পরীক্ষা সংগ্রহ ব্যবস্থা থেকে সাইট স্পেসিফিক মান site specific readings) বসাতে হবে যা গ্যাপ ইনভেন্টরির (gap inventory) ০.৫% ছড়িয়ে পড়া নির্দেশ করে)	(দুর্ঘটনা পরবর্তী নমুনা ও পরীক্ষা সংগ্রহ ব্যবস্থা থেকে সাইট স্পেসিফিক মান site specific readings) বসাতে হবে যা গ্যাপ ইনভেন্টরির (gap inventory) ১% নির্গমনকে বুঝাবে।	(দুর্ঘটনা পরবর্তী নমুনা ও পরীক্ষা সংগ্রহ ব্যবস্থা <sup>১৩</sup> থেকে সাইট স্পেসিফিক মান site specific readings) বসাতে হবে যা গ্যাপ ইনভেন্টরির (gap inventory) ২০% নির্গমনকে বুঝাবে।
প্রাইমারি সিস্টেম ছিদ্র (primary system leak)	১৫ মিনিটেরও অধিক সময় ধরে প্রাথমিক সিস্টেমের ছিদ্র হওয়ার হার (primary system leak rate) সাধারণ পূর্ণ		১৫ মিনিটেরও অধিক সময় ধরে প্রাথমিক সিস্টেমের ছিদ্র হওয়ার ক্ষেত্রে (primary system leak rate) প্রাইমারি সিস্টেম পানির স্তর (primary system water level)	১৫ মিনিটেরও অধিক সময় ধরে প্রাথমিক সিস্টেমের ছিদ্র হওয়ার ক্ষেত্রে (primary system leak rate) প্রাইমারি সিস্টেম পানির স্তর <sup>১৫</sup> (primary system water level <sup>15</sup> ) বজায় রাখতে সকল স্বাভাবিক এবং হাইপ্রেশার ইমারজেন্সি কোর কুল্যান্ট

১২২

ক	খ	গ	ঘ	ঙ
	ক্ষমতায় ফিড ওয়াটার প্রবাহের (feed water flow) ২% এরও বেশি <sup>১৭</sup> হলে (বয়েলিং ওয়াটার রিঅ্যাক্টর (boiling water reactor)-এর জন্য সেখানে কুল্যান্ট ইনভেন্টরি কন্ট্রোল সিস্টেমটি (coolant inventory control system) উল্লেখ করতে হবে) (সাইট স্পেসিফিক সূচকগুলো (site specific indicators) সন্নিবেশ করতে হবে - বিকল্প হিসেবে স্বাভাবিক টার্মিনাল চার্জিং প্রবাহ (normal charging flow) রেফারেন্স (reference) হিসেবে ব্যবহার করা যেতে পারে।)	-----	বজায় রাখতে সকল স্বাভাবিক এবং হাইপ্রেশার ইমার্জেন্সি কোর কুল্যান্ট সিস্টেমগুলোর (high-pressure emergency core coolant system) ব্যবহার প্রয়োজন হয় (সাইট স্পেসিফিক সূচকগুলো (site specific indicators) সন্নিবেশ করতে হবে)।	সিস্টেমগুলোর ((high-pressure emergency core coolant system) ব্যবহার প্রয়োজন হয় এবং নিম্নবর্ণিত যে কোনো একটির ক্ষেত্রে :  ভেসেলে (vessel) ইঞ্জেকশন (injection) প্রয়োজনীয় হারের চেয়ে কম থাকলে অথবা -ভেসেল পানির স্তর (vessel water level) সক্রিয় জ্বালানির শীর্ষ প্রান্তের নিচে থাকে এবং আরও হ্রাস পাচ্ছে অথবা -একাধিক রেডিয়েশন মনিটরে গুরুতর (১০০-১০০০ গুণ) মাত্রা বৃদ্ধি পেলে অথবা -কোর ড্যামেজের (core damage) অন্যান্য প্রকৃত বা আসন্ন লক্ষণসমূহ দেখা দিলে <b>দ্রষ্টব্য :</b> স্থায়ী আবদ্ধ সীমানা (imminent containment boundary) বিনষ্ট হওয়ার আশংকা অতিরিক্ত নির্ণায়ক হিসেবে বিবেচনা করা যেতে পারে। <sup>১৬</sup>



সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR) এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs) (চলমান)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট/সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
<p>প্রাইমারি সিস্টেম (Primary system) বায়ুমন্ডলে সরাসরি উন্মুক্ত (leak) হলে যেমন:</p> <p>- প্রেশারাইজড ওয়াটার রিঅ্যাক্টর (Pressurised water reactor): স্টিম জেনারেটর টিউবে ফাটল (steam generator tube rupture)</p> <p>- বয়েলিং ওয়াটার রিঅ্যাক্টর (boiling water reactor): কনটেইনমেন্টের (containment) বাইরে মূল স্টিম আইসোলেশন ভ্যাল্ব (main steam isolation valve) কাজ না করতে পারা</p>	<p>- প্রেশারাইজড ওয়াটার রিঅ্যাক্টর (Pressurised water reactor): প্রাইমারি সিস্টেম (Primary system) সেকেন্ডারি সিস্টেমে (secondary system) উন্মুক্ত হয়ে গেলে প্রাইমারি সিস্টেমে পানির উচ্চতা (water level) বজায় রাখার জন্য কার্যকরী পাম্পগুলোকে স্বাভাবিকের চেয়ে বেশি চলমান রাখতে হয়</p> <p>- বয়েলিং ওয়াটার রিঅ্যাক্টর (boiling water reactor): টার্বাইন (turbine) অথবা/ এবং কনডেনসারে <sup>২১</sup> (condenser) বাষ্প নলের (steam piping) কার্যক্ষমতা (integrity) হারানো</p>	<p>-----</p>	<p>প্রাইমারি সিস্টেম (Primary system) সরাসরি বায়ুমন্ডলে উন্মুক্ত (leak) হয় <sup>২৮</sup></p> <p>অথবা,</p> <p>- প্রেশারাইজড ওয়াটার রিঅ্যাক্টর (Pressurised water reactor): প্রাইমারি সিস্টেম (Primary system) থেকে সেকেন্ডারি সিস্টেমে (secondary system) উল্লেখযোগ্য ছিদ্র <sup>২৯</sup> হয়</p>	<p>প্রাইমারি সিস্টেম (Primary system) সরাসরি বায়ুমন্ডলে উন্মুক্ত (leak) হয় এবং নিচের যে কোনো একটির ক্ষেত্রে:</p> <p>- সম্ভাব্য অথবা নিশ্চিতভাবে ভেসেল পানির স্তর (vessel water level) সক্রিয় জ্বালানির শীর্ষপ্রান্তের নিচে থাকে</p> <p>- একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) গুরুতর (১০০-১০০০ গুণ) মাত্রা বৃদ্ধি পেলে বা</p> <p>- কোর ড্যামেজের (core damage) প্রকৃত বা আসন্ন লক্ষণসমূহ দেখা দিলে</p>

১২৭

ক	খ	গ	ঘ	ঙ
(failure) - ছিদ্রসহ (leak) কনটেইনমেন্টের (containment) ব্যর্থতার জন্য আইসোলেশন (isolation) অর্জন করতে না পারা (failure) -কনটেইনমেন্ট (containment) বিহীন পারমাণবিক স্থাপনা	ব্যতীত মূল বাষ্প পৃথকীকরণ ভাল্ভ (isolation valve) কাজ করতে ব্যর্থ হলে (failure)			

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR)-এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs) (চলমান)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট / সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
<b>বিকিরণ স্তর</b>				
নির্গমণ সীমার (release limits) চেয়ে ১০০ গুণ বেশি ইফ্লুয়েন্ট নির্গমণ হওয়ার হার (effluent release rate) এবং প্রকৃত কোর ড্যামেজের (core damage) অন্য যে কোনো লক্ষণ	১৫ মিনিটেরও অধিক সময় নির্গমণ মনিটর-এর পাঠ (Effluent Monitor readings) নির্গমণ মাত্রার ৫০ গুণ বেশি নির্দেশ করে (নির্গমণ মনিটরের সাইট স্পেসিফিক তালিকা এবং পাঠ সন্নিবেশ করতে হবে)	১৫ মিনিটেরও অধিক নির্গমণ মনিটর-এর পাঠ (Effluent Monitor readings) নির্গমণ মাত্রার ১০০ গুণ বেশি নির্দেশ করে (নির্গমণ মনিটরের সাইট স্পেসিফিক তালিকা এবং পাঠ সন্নিবেশ করতে হবে)	১৫ মিনিটেরও অধিক নির্গমণ মনিটর-এর পাঠ (Effluent Monitor readings) বেশি থাকলে (গড় আবহাওয়া পরিস্থিতি বিবেচনা করে সুনির্দিষ্ট সাইটের জন্য নির্দিষ্ট নির্গমণ মনিটর এর তালিকা এবং প্রতিফলিত মান সন্নিবেশ করতে হবে যা ৪ ঘন্টার মধ্যে জরুরি সুরক্ষামূলক কার্যক্রমের জন্য অফ-সাইট ডোজ (off-site dose) ইন্টারভেনশান মাত্রার চেয়ে (intervention levels) ০.১০ গুণ বেশি নির্দেশ করে)	১৫ মিনিটেরও অধিক সময় নির্গমণ মনিটর-এর পাঠ (Effluent Monitor readings) বেশি থাকলে (গড় আবহাওয়া পরিস্থিতি বিবেচনা করে সুনির্দিষ্ট সাইটের জন্য নির্দিষ্ট নির্গমণ মনিটর এর তালিকা এবং পাঠ সন্নিবেশ করতে হবে যা ১ ঘন্টার মধ্যে জরুরি সুরক্ষামূলক কার্যক্রমের জন্য অফ-সাইট ডোজ (off-site dose) ইন্টারভেনশান মাত্রার চেয়ে বেশি নির্দেশ করে)

১২৪

ক	খ	গ	ঘ	ঙ
<p>উচ্চ মাত্রার বিকিরণ সম্বলিত নিয়ন্ত্রণ কক্ষ এবং অন্যান্য অঞ্চল যেখানে সেফটি সিস্টেম (safety system) পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য অনবরত প্রবেশের প্রয়োজন হয়</p> <p><b>দ্রষ্টব্য:</b> মনিটরের অসংলগ্ন পাঠ-এর কারণ হতে পারে অসম্পূর্ণ মিশ্রণ, একটি বিকল মনিটর বা কাছাকাছি কোনো বিকিরণ-দূষিত সিস্টেম থেকে তেজস্ক্রিয় পদার্থের নির্গমণ।</p> <p>মনিটর যদি বিকল হয় তবে তা উচ্চ, নিম্ন বা মাঝামাঝি মান দেখাতে পারে। এলাকার বাইরে হ্যান্ডহেল্ড মনিটর (hand held) ব্যবহার করে মান সম্পর্কে নিশ্চিত হওয়া যেতে পারে।</p>	<p>বিকিরণের মাত্রা ০.১০ mSv/h এর অধিক হারে কয়েক ঘন্টা স্থায়ী হওয়ার সম্ভাবনা থাকে</p>	<p>বিকিরণের মাত্রা ০.৫০ mSv/h এর অধিক হারে কয়েক ঘন্টা স্থায়ী হওয়ার সম্ভাবনা থাকে</p>	<p>বিকিরণের মাত্রা ১ mSv/h এর অধিক হারে কয়েক ঘন্টা স্থায়ী হওয়ার সম্ভাবনা থাকে</p>	<p>বিকিরণের মাত্রা ১০ mSv/h এর অধিক হয়</p>

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR)-এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট/সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
<p>উচ্চ মাত্রার বিকিরণ সম্বলিত স্থানসমূহ যেখানে সেফটি সিস্টেম নিয়ন্ত্রণ এবং রক্ষণাবেক্ষণের জন্য মাঝে মাঝে প্রবেশের প্রয়োজন হয়</p> <p>কনটেইনমেন্টে (containment) উচ্চ মাত্রার বিকিরণ বিদ্যমান (বেয়েলিং ওয়াটার রিঅ্যাক্টর, ড্রাই ওয়েল এর জন্য)<sup>২২</sup> (boiling water reactor and dry well)<sup>22</sup></p> <p><b>দ্রষ্টব্য:</b> মনিটরের অসংলগ্ন পাঠ-এর কারণ হতে পারে অসম্পূর্ণ মিশ্রণ, একটি বিকল মনিটর বা কাছাকাছি<sup>২৩</sup> কোনো বিকিরণ-দূষিত সিস্টেম থেকে তেজস্ক্রিয় পদার্থের নির্গমন মনিটর যদি বিকল হয় তবে তা উচ্চ, নিম্ন বা মাঝামাঝি মান দেখাতে পারে</p> <p>এলাকার বাইরে হ্যান্ডহেল্ড মনিটর (hand held) ব্যবহার করে মান সম্পর্কে নিশ্চিত হওয়া যেতে পারে</p>	<p>বিকিরণের মাত্রা ১ mSv/h এর অধিক হারে কয়েক ঘন্টা স্থায়ী হওয়ার সম্ভাবনা থাকে</p> <p>কনটেইনমেন্টে বিকিরণের মাত্রা (containment radiation level) ০.১০ mGy/h-এর অধিক বৃদ্ধি পেলে (বা ১০% এর বেশি কুল্যান্ট ইনভেন্টরির (coolant inventory) নির্গমনের জন্য সাইট স্পেসিফিক মান সন্নিবেশ করতে হবে)</p>	<p>বিকিরণের মাত্রা ৫ mSv/h এর অধিক হারে কয়েক ঘন্টা স্থায়ী হওয়ার সম্ভাবনা থাকে</p> <p>কনটেইনমেন্টে বিকিরণের মাত্রা ০.৫০ mGy/h-এর অধিক বৃদ্ধি পেলে (বা ৫০%-এর বেশি কুল্যান্ট ইনভেন্টরির (coolant inventory) নির্গমনের জন্য সাইট স্পেসিফিক মান সন্নিবেশ করতে হবে)</p>	<p>বিকিরণের মাত্রা ১০ mSv/h এর অধিক হারে কয়েক ঘন্টা স্থায়ী হওয়ার সম্ভাবনা থাকলে</p> <p>কনটেইনমেন্টে বিকিরণের মাত্রা (containment radiation level) ১ Gy/h-এর অধিক বৃদ্ধি পেলে (বা ১% এর বেশি গ্যাপ ইনভেন্টরির (gap inventory) নির্গমনের জন্য সাইট স্পেসিফিক মান সন্নিবেশ করতে হবে)</p>	<p>বিকিরণের মাত্রা ১০০ mSv/h এর অধিক হারে কয়েক ঘন্টা স্থায়ী হওয়ার সম্ভাবনা এবং প্রকৃত কোর ড্যামেজের (actual core damage) অন্য যে কোনো লক্ষণ দেখা দিলে</p> <p>কনটেইনমেন্টে বিকিরণের মাত্রা (containment radiation level) ৫ Gy/h-এর অধিক বৃদ্ধি পেলে (বা ২০% এর বেশি গ্যাপ ইনভেন্টরির (gap inventory) নির্গমনের জন্য সাইট স্পেসিফিক পাঠ সন্নিবেশ করতে হবে)</p>

১৩১

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR)-এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs) (চলমান)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট/সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
পারমাণবিক স্থাপনায় বিকিরণের মাত্রা অপরিবর্তিত-ভাবে বৃদ্ধি	পারমাণবিক স্থাপনার একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) বিকিরণের মাত্রা অপরিবর্তিত বা অপ্রত্যাশিত ১০০ গুণ বা তার বেশি বৃদ্ধি প্রদর্শন করে	পারমাণবিক স্থাপনার একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) বিকিরণের মাত্রা অপরিবর্তিত বা অপ্রত্যাশিত ১০০ গুণ বা তার বেশি বৃদ্ধি প্রদর্শন করলে এবং ট্রানজিয়েন্ট (transient) চলমান থাকে	পারমাণবিক স্থাপনার একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) বিকিরণের মাত্রা অপরিবর্তিত বা অপ্রত্যাশিত ১০০ গুণ বা তার বেশি বৃদ্ধি প্রদর্শন করে এবং গুরুতর ক্ষণস্থায়ী (transient) অবস্থা চলমান থাকে যা কোর সুরক্ষার সক্ষমতাকে ক্ষতিগ্রস্ত করে	পারমাণবিক স্থাপনার একাধিক রেডিয়েশন মনিটরে (radiation monitor) বিকিরণের মাত্রা অপরিবর্তিত বা অপ্রত্যাশিত ১০০ গুণ বা তার বেশি বৃদ্ধি প্রদর্শন করে এবং প্রকৃত কোর ড্যামেজের (core damage) কোনো লক্ষণ দেখা দেয়
সাইট-বাউন্ডারিতে বা তার বাইরে <sup>১৪</sup> উচ্চ পারিপার্শ্বিক ডোজ হার	সাইট-বাউন্ডারিতে বা তার বাইরে <sup>১৪</sup> পারিপার্শ্বিক ডোজ 10'μSv/h এর চেয়ে অধিক হয় (বা ব্যাকগ্রাউন্ডের (background) ১০০ গুণ নির্দেশক সাইট স্পেসিফিক মান সন্নিবেশ করতে হবে)	সাইট-বাউন্ডারিতে বা তার বাইরে <sup>১৪</sup> পারিপার্শ্বিক ডোজ 10μSv/h এর চেয়ে অধিক হয় (বা ব্যাকগ্রাউন্ডের (background) ১০০ গুণ নির্দেশক সাইট স্পেসিফিক মান সন্নিবেশ করতে হবে)	সাইট-বাউন্ডারিতে বা তার বাইরে <sup>১৪</sup> পারিপার্শ্বিক ডোজ ০.১ mSv/h এর চেয়ে অধিক হয় (বা স্থানান্তরের (evacuation) জন্য	সাইট-বাউন্ডারিতে বা তার বাইরে <sup>১৪</sup> পারিপার্শ্বিক ডোজ ০.১ mSv/h এর চেয়ে অধিক হয় বা স্থানান্তরের (evacuation) জন্য

১৩২

৬৫৮২৬

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, নভেম্বর ৩০, ২০২০

ক	খ	গ	ঘ	ঙ
			সাইট-স্পেসিফিক অপারেশনাল ইন্টারভেনশান লেভেল-এর (operational intervention level) এক দশমাংশ সন্নিবেশ করতে হবে)	সাইট-স্পেসিফিক অপারেশনাল ইন্টারভেনশান লেভেল (operational intervention level) সন্নিবেশ করতে হবে)

সারণী ৩.১ : হালকা পানির চুল্লি (LWR)-এর জন্য জরুরি অবস্থার শ্রেণিবিভাগ এবং জরুরি অ্যাকশন লেভেল (EALs) (চলমান)

প্রাথমিক অবস্থা	যে অবস্থায় সতর্কতা ঘোষণা করতে হবে	যে অবস্থায় বিদ্যুৎ কেন্দ্রের জরুরি অবস্থা ঘোষণা করতে হবে যদি	যে অবস্থায় সাইট জরুরি অবস্থা ঘোষণা করতে হবে	যে অবস্থায় অফ-সাইট/সাধারণ জরুরি অবস্থা ঘোষণা করতে হবে
ক	খ	গ	ঘ	ঙ
<b>নিরাপত্তা সংক্রান্ত ঘটনাবলি, অগ্নিকাণ্ড, বিস্ফোরণ, বিষাক্ত গ্যাস নিঃসরণ, প্রাকৃতিক এবং অন্যান্য ঘটনাবলি</b>				
নিরাপত্তা সংক্রান্ত ঘটনাবলি (security events) (অনুপ্রবেশকারী বা বিদ্রোহপূর্ণ কার্যাদি)	সেফটি সিস্টেম পরিচালনাকে ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত করতে পারে এমন নিরাপত্তা সংক্রান্ত ঘটনাবলি বা অনিশ্চিত সিকিউরিটি অবস্থা	-----	নিরাপত্তা সংক্রান্ত ঘটনাবলির ফলে সেফটি ব্যবস্থায় ক্ষতি বা প্রবেশে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়	নিরাপত্তা সংক্রান্ত ঘটনাবলির ফলে কোর (core) সুরক্ষার জন্য প্রয়োজনীয় সেফটি কার্যক্রম পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ-এর সক্ষমতা হারায়।
অগ্নিকাণ্ড বা বিস্ফোরণ (টারবাইন-এর ব্যর্থতাসহ (turbine failure))	অগ্নিকাণ্ড বা বিস্ফোরণ যা সেফটি সিস্টেম (safety system) সম্বলিত এলাকাসমূহকে ক্ষতিগ্রস্ত করতে পারে।	-----	-----	-----
বয়েলিং ওয়াটার রিঅ্যাক্টরের জন্য ড্রাই ওয়েলে <sup>২৫</sup> হাইড্রোজেনসহ বিষাক্ত বা দাহ্য গ্যাসসমূহ (Toxic or flammable gas including for boiling water reactors, hydrogen in the dry well <sup>25</sup> )	পারমাণবিক স্থাপনার ভিতরে বিষাক্ত বা দাহ্য গ্যাস  জরুরি নিয়ন্ত্রণ কক্ষ থেকে পারমাণবিক স্থাপনা কেন্দ্র নিয়ন্ত্রণ করা যেতে পারে	-----	দাহ্য গ্যাসের ঘনত্ব যা সেফটি সিস্টেম নিয়ন্ত্রণ বা রক্ষণাবেক্ষণকে ব্যাহত করে	-----

৪৩৮

৭২৭২৯

বাংলাদেশ প্রকৌশল, অতিরিক্ত, নভেম্বর ৩০, ২০২০



ক	খ	গ	ঘ	ঙ
মূল নিয়ন্ত্রণ কক্ষ <sup>২৬</sup> হতে স্থানান্তর/উদ্বাসন (evacuation)	-----	-----	মূল নিয়ন্ত্রণ কক্ষ বা জরুরি নিয়ন্ত্রণ কক্ষের কোনোটাই বাসযোগ্য নয়	-----
